The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 938 | 04 September 2026 | শুক্রবার ২০ ভাদ্র ১৪৩৩


PM Tarek Rahman to attend 81st UN General Assembly on September 21
→ Page 18


The 40th FOBANA Convention Kicks Off Today Across Four North American Cities
→ Page 18


Tasnuva Tisha survives road accident
→ Page 18


Mamdani's free day care plan in chaos
→ Page 18

## এফবিআই'র তদন্তে ইতিহাসের নজীরবিহীন ঘটনা

# কোটি মানুষের তথ্য চুরি : ডার্ক ওয়েবে বিক্রি

মনোয়ারুল ইসলাম



যুক্তরাষ্ট্রের ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (এফবিআই) এর তদন্ত প্রতিবেদনে কয়েক কোটি আমেরিকান ও কানাডিয়ানের তথ্য চুরি করে বিক্রির তথ্য উৎঘাটিত হয়েছে। বিশ্বের ইতিহাসে এটি হবে ব্যক্তিগত তথ্য চুরির নজীরবিহীন ঘটনা। এফবিআই বুধবার জানিয়েছে যে, তারা এমন একটি প্রতিবেদনের বিষয়ে তদন্ত করছে যেখানে বলা হয়েছে, যুক্তরাষ্ট্র ও কানাডার কয়েক কোটি মানুষের ড্রাইভিং লাইসেন্স ডার্ক ওয়েবে বিক্রি করা হচ্ছে।

মঙ্গলবার সাংবাদিক ব্রায়ান ক্রেবস জানান, তিনি ডার্ক ওয়েবের একটি সাইট খুঁজে পেয়েছেন যেখানে যুক্তরাষ্ট্র ও কানাডার বাসিন্দাদের লাখ লাখ ড্রাইভিং লাইসেন্সের ডিজিটাল স্ক্যান কপি বিক্রি করা হচ্ছে। তিনি জানান, বিক্রয় হওয়া তথ্যের সত্যতা যাচাই করতে তিনি নয়জন ব্যক্তির সাথে কথা বলেছেন।

বুধবার এক সংক্ষিপ্ত বিবৃতিতে এফবিআই জানিয়েছে যে তারা 'ঘটনাটি খতিয়ে দেখছে', তবে 'তদন্ত চলমান থাকায়' এ বিষয়ে কোনো মন্তব্য করতে পারবে না। খবর-রয়টার্স।

তথ্য ফাঁসের বিষয়টি নিশ্চিত হলে, এটি হতে পারে উত্তর আমেরিকায় সরকারিভাবে ইস্যু করা পরিচয়পত্রের তথ্যের অন্যতম বড় ফাঁস। যার ফলে কোটি কোটি মানুষের পরিচয় চুরি ও জালিয়াতির ঝুঁকি তৈরি হতে পারে।

ক্রেবস জানান, একটি রাশিয়ান সাইবার অপরাধ বিষয়ক ফোরামে বিজ্ঞাপন দেখার পর তিনি ওই সাইটটি সম্পর্কে এরপর ২৪ পৃষ্ঠায়




## ৪০তম ফোবানার পর্দা উঠছে আজ

আজকাল রিপোর্ট

উত্তর আমেরিকার ৪টি শহরে একই দিনে শুক্রবার ৪ সেপ্টেম্বর প্রবাসী বাংলাদেশিদের সংগঠন (ফেডারেশন অব বাংলাদেশী এসোসিয়েশনস ইনক নর্থ আমেরিকা) ৪০তম ফোবানা সম্মেলনের পর্দা উঠবে। ৪ সেপ্টেম্বর শুক্রবার থেকে ৬ সেপ্টেম্বর পর্যন্ত ৩ দিনব্যাপী জমকালো আয়োজনে কানাডার টরেন্টো, যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক, ফ্লোরিডার অরল্যান্ডো ও ক্যালিফোরনিয়ার লসএঞ্জেলস শহরেও ফোবানা সম্মেলন অনুষ্ঠিত হবে। আনন্দ উৎসব, সেমিনার ও নতুন কমিটির নেতৃত্ব নির্বাচন নিয়ে শহরগুলোতে মেতে উঠবে বাংলাদেশি প্রবাসীরা। এরপর ২৪ পৃষ্ঠায়



## ট্রাম্প ও তারেকের সাক্ষাৎ শিঘ্রই

মাসুদ করিম, *ঢাকা থেকে*

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এক চিঠিতে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করতে আগ্রহ প্রকাশ এরপর ২৪ পৃষ্ঠায়

## চেয়ারম্যান ঢাকায়, সেক্রেটারি নির্বাচনে, ভাইস চেয়ারম্যান ভ্রমণে

আজকাল রিপোর্ট

টরেন্টো ফোবানা আজ



শীর্ষ নেতৃত্বের অনুপস্থিতিতেই টরোন্টোতে শুরু হচ্ছে ৪০তম ফোবানা সম্মেলন। ফোবানার একিসিউটিভ কমিটির চেয়ারম্যান গিয়াস আহমেদ ঢাকায়। সেক্রেটারি ফিরোজ আহমেদ নিউইয়র্কে সোসাইটির নির্বাচন নিয়ে ব্যস্ত। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান কাজী আজম পরিবার নিয়ে ভ্যাকেশনে রয়েছেন টেনাসিতে। যুগ্ম সাধারন সম্পাদক সাহাবুদ্দিন সাগর সম্মেলনে যাবেন কিনা তা নিশ্চিত নন। রয়েছেন দ্বিধাদ্বন্দ্বে। এমনি এক পরিস্থিতিতে কানাডার হোস্ট কমিটির আয়োজনে ফোবানার ৪০ বছর পূর্তিতে গ্রান্ড উদ্ভোধন হবে আজ শুক্রবার। এতে নেতৃত্ব দিচ্ছেন ফোবানার অন্যতম প্রানপুরুষ ও কেন্দ্রীয় কমিটির সদস্য ড. আবু যুবায়ের দারা, হোস্ট কমিটির দেওয়ান আজিম, খোকন রহমান, জহুরুল ইসলাম ও জাহিদ চৌধুরী। নিউইয়র্ক এরপর ৪৩ পৃষ্ঠায়

## রাজুর খুনি অ্যাকোস্টা নিউইয়র্কে গ্রেফতার



আজকাল রিপোর্ট

প্রবাসী বাংলাদেশি ইউসুফ রাজুর হত্যাকারি যিশু অ্যাকোস্টাকে গ্রেফতার করেছে নিউইয়র্ক পুলিশ। শনিবার সকালে রাজুর লাশ যখন বাংলাদেশের উদ্দেশ্যে আকাশ পথে এমন সময়ই সন্দেহভাজন হত্যাকারিকে গ্রেফতার করে নিউইয়র্ক পুলিশ। শনিবার সকালে তাকে আটকের কথা জানিয়েছে পুলিশ বিভাগ। কয়েক দিন ধরে চলা ব্যাপক অভিযানের পর তাকে আটক করা হয়। তাকে গ্রেফতার করতে কয়েকদিন ব্যাপক অভিযান চালায় পুলিশ। ফেডারেল গোয়েন্দা সংস্থা এফবিআই তাকে ধরিয়ে দিতে ২৫ হাজার ডলার পুরষ্কার ঘোষণার ৪৮ ঘন্টার মধ্যে সে গ্রেফতার হয়। এছাড়া যুক্তরাষ্ট্রের বোদেগা এরপর ১৫ পৃষ্ঠায়



## জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলে আবারও ধাক্কা খেলেন ট্রাম্প

আজকাল রিপোর্ট

জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলে আবারও ধাক্কা খেলেন ডোনাল্ড ট্রাম্প। ইমিগ্র্যান্ট সন্তানদের জন্মসূত্রে নাগরিকত্ব সীমিত করার ট্রাম্পের নতুন আদেশ আটকে দিলেন মার্কিন এরপর ২৪ পৃষ্ঠায়



## নিউইয়র্কে আইস পুলিশের 'অপারেশন রটেন অ্যাপল'

এক মাসে ২১৯৭ ইমিগ্র্যান্ট গ্রেফতার

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে অভিবাসনবিরোধী অভিযান আরও তীব্র হচ্ছে। গত এক মাসে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস) ২ হাজার ১৯৭ জনকে গ্রেফতার করেছে। এ বলে দাবি করেছে যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট এরপর ২৪ পৃষ্ঠায়



হার্ভার্ড ও এমআইটিকে ট্রাম্পের হুমকি

## কালো ও সংখ্যালঘুদের স্কলারশীপ বন্ধ করতে হবে

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের খ্যাতনামা বিশ্ববিদ্যালয়গুলোতে বিদেশি শিক্ষার্থীরা এবার ট্রাম্প প্রশাসনের থাবায় পড়তে যাচ্ছে। এরপর ২৪ পৃষ্ঠায়






















NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416


মেজর (অব.) মনজুর কাদের-এর কলাম নতজানু হয়ে সমঝোতা নয়
১০ পৃষ্ঠায়


ড. মাহফুজ চৌধুরী-এর কলাম মেধা না বিশেষ সুবিধা: ঢাকা বিশ্ববিদ্যালয় কোন পথে?
০৬ পৃষ্ঠায়


নুরুল ইসলাম বাবুল-এর কলাম নেপালের মানবিক বিপর্যয়: বাংলাদেশের জন্যেও আসন্ন বিপদের শঙ্কা
০৭ পৃষ্ঠায়






# জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধির দায়িত্ব নিলেন আইরিন খান

আজকাল রিপোর্ট

মানবাধিকার ব্যক্তিত্ব আইরিন জুবাইদা খান জাতিসংঘে বাংলাদেশের নতুন স্থায়ী প্রতিনিধি হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। গত ২৮ আগস্ট নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের কাছে তাঁর পরিচয়পত্র পেশ করার মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব নেন। মানবাধিকার, আন্তর্জাতিক আইন, শরণার্থী সুরক্ষা, আইনের শাসন ও টেকসই উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে আইরিন খানের কয়েক দশকের আন্তর্জাতিক অভিজ্ঞতা রয়েছে। দীর্ঘ কর্মজীবনে তিনি জাতিসংঘসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় গুরুত্বপূর্ণ এরপর ২৯ পৃষ্ঠায়

# কুনু-ফিরোজ পরিষদের নির্বাচন পরিচালনা কমিটির সভা

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটি নির্বাচন ২০২৬ উপলক্ষে কুনু-ফিরোজ পরিষদের কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির উদ্যোগে সম্ভাব্য প্রার্থীদের সঙ্গে এক গুরুত্বপূর্ণ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল অনুষ্ঠিত এ সভায় পরিষদের সম্ভাব্য প্রার্থীরা অংশগ্রহণ করেন এবং আসন্ন নির্বাচনকে সামনে রেখে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন। নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক রুহুল আমিন সিদ্দিকীর সভাপতিত্বে সদস্য সচিব আনোয়ার হোসেনের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র নেতা জনাব আলাউদ্দীন বুলু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জালালাবাদ অ্যাসোসিয়েশন এর সাবেক সভাপতি বদরুন নাহার খান মিতা, নিজাম উদ্দিন, টি মোল্লা, ফখরুল ইসলাম বেলাল, সভাপতি পদ প্রার্থী আজমল এরপর ৫৬ পৃষ্ঠায়

# আবারও পাল্টাপাল্টি হামলা চালাচ্ছে যুক্তরাষ্ট্র ও ইরান

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে শুরু হওয়া নতুন করে যুদ্ধে পাল্টাপাল্টি হামলায় আবার বহু মানুষের প্রাণ ঝরছে। যুক্তরাষ্ট্রের সর্বশেষ হামলায় ইরানে একটি বিয়ের অনুষ্ঠানে নিহত হয়েছে শিশুসহ কমপক্ষে চারজন। এর কঠোর জবাব দেয়ার হুমকি দিয়ে ইরাক, জর্ডান, কুয়েত ও বাহরাইনে থাকা মার্কিন সামরিক ঘাঁটিতে হামলা চালিয়েছে ইরান। এ খবর দিয়েছে অনলাইন বিবিসি। মার্কিন বাহিনী মঙ্গলবার ইরানে আবারও হামলা চালায়। এ কথা নিশ্চিত করেছে যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম)। তাদের দাবি, হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজ চলাচলের ওপর ইসলামিক রেভ্যুলুশনারি গার্ড কোরপস (আইআরজিসি) সাম্প্রতিক সময়ে হামলার চেষ্টা চালানোর পরই যুক্তরাষ্ট্র এই হামলা চালিয়েছে। ওদিকে ইরানের রেড ক্রিসেন্ট জানিয়েছে, মার্কিন হামলায় চারজন নিহত হয়েছেন। এর মধ্যে একটি ছোট শিশুও রয়েছে। দক্ষিণ ইরানের সিরিকে একটি বিয়ের অনুষ্ঠান চলাকালে একটি বাড়িতে মার্কিন ক্ষেপণাস্ত্র হামলায় ছোড়া ধ্বংসাবশেষ আঘাত হানলে তারা নিহত হন। এ ঘটনায় আহত হয়েছেন ৫০ জনের বেশি। স্থানীয় রাষ্ট্রীয় গণমাধ্যম ও জর্ডানের সশস্ত্র বাহিনী জানিয়েছে, এর জবাবে ইরাক ও জর্ডানে থাকা মার্কিন সামরিক ঘাঁটিতে হামলা চালিয়েছে ইরান। কুয়েত ও বাহরাইনেও হামলার খবর পাওয়া গেছে। আইআরজিসি বলেছে, যুক্তরাষ্ট্রকে এসব হামলার জন্য 'অনুতপ্ত' হতে হবে। ইরানের আধাসরকারি বার্তা সংস্থা তাসনিম জানিয়েছে, সিরিক হামলার প্রতিশোধ হিসেবে বুধবার ভোরের দিকে জর্ডানের আকাবায় থাকা একটি মার্কিন রেডার ঘাঁটি লক্ষ্য করে একঝাঁক ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ছুড়েছে ইরান। জর্ডানের সশস্ত্র এরপর ৫৬ পৃষ্ঠায়



# প্রবাসী মতলব সমিতি'র বার্ষিক বনভোজন ও মিলনমেলা

আজকাল রিপোর্ট

নিউ ইয়র্কে মতলববাসীদের মিলনমেলা 'প্রবাসী মতলব সমিতি ইনক'-এর বার্ষিক বনভোজন ২৩ আগস্ট ২০২৬, রোববার অনুষ্ঠিত হয়েছে। নিউ ইয়র্কের লং আইল্যান্ডের ওয়েস্ট ব্যাবিলনে বেলমন্ট লেক স্টেট পার্ক (পাইন প্যাভিলিয়ন)-এ দিনব্যাপী এই উৎসবমুখর বনভোজন অনুষ্ঠিত হয়। এ বছর সাড়ে পাঁচ শতাধিক মানুষের অংশগ্রহণে আয়োজিত এই বনভোজনে উপস্থিত সকলেই ছিলেন মুগ্ধ ও উচ্ছ্বসিত।

সংগঠনের সভাপতি মোঃ নাজির উদ্দিন পাটোয়ারী এবং সাধারণ সম্পাদক মিঞা ফয়েজ আহমেদ যৌথ বিবৃতিতে সকল প্রবাসী মতলববাসী সহ আমন্ত্রিত অতিথি এবং শুভাকাঙ্ক্ষীদের স্বতঃস্ফূর্ত উপস্থিতির জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা এরপর ৫২ পৃষ্ঠায়




# সুনামগঞ্জ জেলা বন্ধন সোসাইটির বনভোজন অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে প্রবাসী সুনামগঞ্জবাসীদের এক পতাকার নীচে ঐক্যবদ্ধ করার লক্ষ্যে 'সম্প্রীতির বন্ধন, প্রবাসে আপনজন' শ্লোগানে ছয় বছর আগে গঠিত 'সুনামগঞ্জ জেলা বন্ধন সোসাইটি ইউএসএ' বিগত বছরগুলোর মতো এবছরও বনভোজন আয়োজন করেছে। সর্বস্তরের প্রবাসী সুনামগঞ্জবাসীদের বিপুল উৎসাহ-উদ্দীপনায় গত ২৫ আগস্ট মঙ্গলবার নিউইয়র্কের লিটল নে পার্কে এবারের বনভোজন অনুষ্ঠিত হয়। বেলা ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত বনভোজনের কর্মকাণ্ড চলে। বনভোজনে আগত অতিথি ও সুনামগঞ্জবাসীদের স্বাগত এরপর ২৯ পৃষ্ঠায়

# পরম্পরা মিউজিক একাডেমির বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

সম্প্রতি ভারতের প্রখ্যাত সংগীতগুরু পণ্ডিত বিপ্লব মুখার্জির শিক্ষা এবং তত্ত্বাবধানে হিন্দুস্তানি ক্ল্যাসিকাল মিউজিকের অনবদ্য পরিবেশনার মাধ্যমে পরম্পরা মিউজিক একাডেমি'র বার্ষিক সম্মেলন ফ্ল্যাশিং হিন্দু সেন্টারে অনুষ্ঠিত হয়েছে। ৩০ আগস্ট বিকেলে জনপ্রিয় টিভি ব্যক্তিত্ব দিয়া নেক্কারতিতি'র সূচনা বক্তব্যের মাধ্যমে শুরু হয় অনুষ্ঠান। এরপরে সমবেত সঙ্গীত পরিবেশন করে একাডেমির শিক্ষার্থীবৃন্দ।

অনুষ্ঠানে পরম্পরা মিউজিক একাডেমির কর্ণধার পণ্ডিত বিপ্লব মুখার্জির নান্দনিক পরিবেশনার পাশাপাশি অসাধারণ তবলা-লহরা পরিবেশন করেন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন পণ্ডিত হিন্দোল মজুমদার ও তার সুযোগ্য এরপর ২৪ পৃষ্ঠায়




# জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি'র বারবিকিউ পার্টি

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে সামাজিক সংগঠন জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি ইনক'র ২৫ বছর অতিক্রম করেছে। আগামী নভেম্বর মাসে ২৫ বছরপূর্তীর মূল অনুষ্ঠান আয়োজনের ব্যাপক প্রস্তুতি চলছে। এই ২৫ বছর পূর্তী উৎসবের অংশ হিসেবে আয়োজন করা হয় 'ফ্যামিলি বারবিকিউ পার্টি'র। যুক্তরাষ্ট্রে 'সামার ভ্যাকেশন' উপভোগ করতে গত ২৯ আগস্ট শনিবার দিনব্যাপী কুইন্সের কানিংহাম পার্কে আয়োজন করা হয় ৫মবারের মতো 'ফ্যামিলি বারবিকিউ পার্টি'র। বিপুল উৎসাহ-উদ্দীপনায় বনভোজনের আদলে অনুষ্ঠিত এই পার্টিতে এরপর ২৯ পৃষ্ঠায়


GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com
JACKSON HEIGHTS OFFICE
ফ্রি কনসালটেশন
74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Asif Mortuza

# NY INSURANCE BROKERAGE INC

NYI — NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# সম্পাদকীয়

## মোদিতে চোখ ওয়াশিংটনের

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ওপর নজর রাখছে ওয়াশিংটন। সাম্প্রতিককালে তার শাটল ডিপ্লোমেসি নজর কেড়েছে ট্রাম্প প্রশাসনের। গত ফেব্রুয়ারিতে ট্রাম্প যখন বিশ্বজুড়ে ২৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দেন, তখন থেকেই মোদির গতিবিধির পরিবর্তন হতে থাকে। রাশিয়ার কাছ থেকে তেল কেনার ইস্যুতে ট্রাম্প ও মোদির মধ্যে ঠান্ডা লড়াই চলছিল। বানিজ্য হুমকি ছিল ওয়াশিংটন থেকে। গত এক বছরে ভারতের প্রধানমন্ত্রী অন্তত ২০টি দেশে সরকারি সফর করেছেন। রাশিয়ার দীর্ঘদিনের পরিক্ষীত বন্ধু ভারত বারবার চেষ্টা করেও যুক্তরাষ্ট্রের আস্থাভাজন হতে পারেনি। তবে কূটনীতিতে গত এক দশক যুক্তরাষ্ট্র দক্ষিণ এশিয়ার পলিসি নিয়ন্ত্রনে ভারতের পরামর্শকে গুরুত্ব দিয়েছে। তবে বাংলাদেশে ২০২৪ সালের ৫ আগস্টের গণ-অভ্যুত্থান ও শ্রীলংকার জেনজি আন্দোলনে ভারতের সাউথ ব্লকের পরামর্শ আমলে নেয়নি স্টেট ডিপার্টমেন্ট। তা নিয়ে দিল্লীতে ছিল অস্বস্তি। এ সপ্তাহেই মোদির কিরগিজস্তানে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সাথে বৈঠক হবে। মধ্য সেপ্টেম্বরে চীনের প্রেসিডেন্ট শি এর সাথে।

চীনের প্রেসিডেন্ট শি জিনপিং ১২ ও ১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অনুষ্ঠিতব্য ব্রিকস নেতাদের শীর্ষ সম্মেলনে যোগ দিতে পারেন। যদি তিনি সম্মেলনে যোগ দেন, তবে সাত বছরের মধ্যে এটি হবে ভারতে তাঁর প্রথম সফর।

তিনি বলেন, এশিয়ার পাওয়ার হাউজ চীন ও রাশিয়ার গতিবিধি সবসময়ই ওয়াশিংটন তীক্ষ্ণ দৃষ্টিতে দেখে। এটি একটি চলমান প্রক্রিয়া। এ বিবেচনায়, শিং ও মোদির বৈঠক অবশ্যই গুরুত্ব বহন করে।

বিশ্ব রাজনীতিতে ট্রাম্পের অস্থিরতা নিয়ে নিউইয়র্ক টাইমসে লেখা এক রিপোর্টে অনুপ্রনীতা দাস লিখেছেন, ট্রাম্প-জনিত অনিশ্চয়তা মোকাবিলায় মোদীর কৌশল ভিন্ন। যুক্তরাষ্ট্রের উপর নির্ভরতা কমিয়ে আনতে বানিজ্য পরিসীমাকে বিস্তৃত করেছেন। গত এক বছরে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অত্যন্ত দ্রুতগতিতে বিশ্বজুড়ে সফর করেছেন। কখনও নতুন অংশীদার খুঁজেছেন, আবার কখনও বিদ্যমান সম্পর্ক জোরদার করেছেন। একটি কঠোর বাস্তবতা তাঁকে এই তৎপরতায় উদ্বুদ্ধ করেছে।তার দৃষ্টিতে প্রেসিডেন্ট ট্রাম্পের সৃষ্ট বৈশ্বিক অস্থিরতা মোকাবিলা এবং দেশের অর্থনীতিকে শক্তিশালী করার একমাত্র উপায় বিভিন্ন দেশের সাথে সম্পর্ক ও সহযোগিতার ক্ষেত্র বিস্তৃত করা।

> আগামী দিনগুলোতে আরও কয়েকটি দেশ সফরের কথা রয়েছে; এর মধ্যে শনিবার সফর করেছেন উজবেকিস্তান । উজবেকিস্তানের পর মোদী কিরগিজস্তানে যাবেন সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) বার্ষিক সম্মেলনে যোগ দিতে। ১০ সদস্যের এই আঞ্চলিক নিরাপত্তা জোটের সম্মেলনে রাশিয়ার প্রেসিডেন্ট ভলাদিমির ভি. পুতিনের সঙ্গে তাঁর বৈঠক হওয়ার কথা রয়েছে। ফ্রান্স ও কানাডার মতো তথাকথিত 'মধ্যম শক্তির' দেশগুলোও ঠিক সেই একই পরিস্থিতির বা শক্তির দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে। কানাডা ট্রাম্পের রক্তচক্ষুকে উপেক্ষা করে চোখে চোখ রেখে কথা বলছে। বিশ্বের দ্রুততম বর্ধনশীল বৃহৎ অর্থনীতির বাজারে প্রবেশের সুযোগ পেতে মোদীর সাথে যোগাযোগ করছে। যুক্তরাষ্ট্র না দেখার ভান করলেও মোদিকে দেখছে তৃতীয় নয়নে

আগামী দিনগুলোতে আরও কয়েকটি দেশ সফরের কথা রয়েছে; এর মধ্যে শনিবার সফর করেছেন উজবেকিস্তান। উজবেকিস্তানের পর মোদী কিরগিজস্তানে যাবেন সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) বার্ষিক সম্মেলনে যোগ দিতে। ১০ সদস্যের এই আঞ্চলিক নিরাপত্তা জোটের সম্মেলনে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির ভি. পুতিনের সঙ্গে তাঁর বৈঠক হওয়ার কথা রয়েছে।

ফ্রান্স ও কানাডার মতো তথাকথিত 'মধ্যম শক্তির' দেশগুলোও ঠিক সেই একই পরিস্থিতির বা শক্তির দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে। কানাডা ট্রাম্পের রক্তচক্ষুকে উপেক্ষা করে চোখে চোখ রেখে কথা বলছে। বিশ্বের দ্রুততম বর্ধনশীল বৃহৎ অর্থনীতির বাজারে প্রবেশের সুযোগ পেতে মোদীর সাথে যোগাযোগ করছে। যুক্তরাষ্ট্র না দেখার ভান করলেও মোদিকে দেখছে তৃতীয় নয়নে।

# বিএনপি ফিনিক্স পাখির মতো জেগে উঠেছে

### সৈয়দ আব্দাল আহমেদ



সেপ্টেম্বর ১ বাংলাদেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী। চার দশকেরও বেশি সময়ের এই দীর্ঘ রাজনৈতিক পরিক্রমায় দলটি নানা চড়াই-উতরাই, ভাঙা-গড়া এবং চরম প্রতিকূলতা মোকাবিলা করে আজ ষষ্ঠবারের মতো রাষ্ট্রক্ষমতায় আসীন হয়েছে। ১৯৭৮ সালের এই দিনে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান যে আদর্শ ও দর্শনের ওপর ভিত্তি করে এই দল প্রতিষ্ঠা করেছিলেন, সময়ের বিবর্তনে তা আজ এক পরিণত মহিরুহে রূপান্তরিত হয়েছে।

বিএনপির এই ৪৮ বছরের ইতিহাস কেবল ক্ষমতার সুবর্ণ অধ্যায় নয়, বরং তা এক সুদীর্ঘ সংগ্রাম ও আত্মত্যাগের মহাকাব্য। দলটির ওপর দিয়ে বিগত দিনে বারবার নেমে এসেছে রাষ্ট্রীয় দমন-পীড়ন ও স্বৈরশাসনের স্টিম রোলার। আশির দশকে এরশাদের সামরিক স্বৈরাচারবিরোধী দীর্ঘ আন্দোলন থেকে শুরু করে ওয়ান-ইলেভেনের জরুরি সরকারের মাইনাস-টু ফর্মুলার অন্ধকার সময় এবং পরবর্তী সময়ে শেখ হাসিনার বিগত দেড় দশকেরও বেশি সময়ের শাসনামলে দলটির ওপর যে নজিরবিহীন নির্যাতন, গুম, খুন ও লাখ লাখ রাজনৈতিক মামলার খড়গ নেমে এসেছিল, তা যে কোনো রাজনৈতিক দলের অস্তিত্বের জন্য ছিল চরম হুমকি। কিন্তু তৃণমূলের অদম্য নেতাকর্মীদের ত্যাগ এবং নেতৃত্বের আপসহীন অবস্থানের কারণে দলটি ফিনিক্স পাখির মতো ধ্বংসস্তূপ থেকে বারবার জেগে উঠেছে।

> প্রতিষ্ঠাবার্ষিকীর এই ঐতিহাসিক ক্ষণে দাঁড়িয়ে বিএনপিকে মূল্যায়ন করতে গেলে দেখা যায়, এটি এমন একটি দল যা বহুবার ক্ষতবিক্ষত হলেও ফুরিয়ে যায়নি। বরং প্রতিটি সংকট একে আরও পরিপক্ব ও জনমুখী করে তুলেছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের 'আই হ্যাভ এ প্ল্যান' রূপকল্পের কার্যকর বাস্তবায়ন এবং অতীতের অভিজ্ঞতার আলোকেই নির্ধারিত হবে আগামী দিনের বাংলাদেশের গতিপথ। দেশের সাধারণ মানুষ আশা করে, ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর এই শুভলগ্নে বিএনপি অতীতের গৌরব ধারণ করে এবং বর্তমানের চ্যালেঞ্জ জয় করে একটি বৈষম্যহীন, গণতান্ত্রিক ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে তার ঐতিহাসিক ভূমিকা অক্ষুণ্ণ রাখবে

আজকের পরিবর্তিত প্রেক্ষাপটে বিএনপির কান্ডারি এবং বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমান দলটিকে এক নতুন উচ্চতায় নিয়ে গেছেন। দীর্ঘ প্রবাস জীবন এবং নানামুখী আইনি ও রাজনৈতিক ষড়যন্ত্রের বেড়াজাল ছিন্ন করে তিনি দেশে ফিরে সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচনে জনগণের বিপুল ম্যান্ডেট নিয়ে সরকার গঠন করেছেন। তাঁর নেতৃত্বাধীন এই সরকার কেবল একটি ঐতিহ্যবাহী দলের ধারাবাহিকতা নয়, বরং তা দেশের রাষ্ট্রকাঠামো সংস্কার এবং একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় এক আধুনিক ও প্রগতিশীল চিন্তার প্রতিফলন।

প্রধানমন্ত্রী তারেক রহমান ঘোষিত 'আই হ্যাভ এ প্ল্যান' (I have a plan) বিষয়ক রূপকল্প আজ দেশের মানুষের মনে এক নতুন আশার আলো সঞ্চার করেছে। এই উন্নয়ন ও রাষ্ট্র সংস্কারের মহাপরিকল্পনাটি কেবল অর্থনৈতিক প্রবৃদ্ধির মধ্যেই সীমাবদ্ধ নয়; বরং এর মূল লক্ষ্য হলো-গণতান্ত্রিক প্রাতিষ্ঠানিকীকরণ, আইনের শাসন প্রতিষ্ঠা, মেধাভিত্তিক যুবসমাজ গড়ে তোলা, জবাবদিহিমূলক রাষ্ট্রব্যবস্থা নিশ্চিত করা এবং দেশের প্রতিটি নাগরিকের অর্থনৈতিক মুক্তি। দীর্ঘদিনের পুঞ্জীভূত সমস্যা, ভঙ্গুর অর্থনীতি এবং প্রায় ৩০ লাখ কোটি টাকার ঋণের বোঝা কাঁধে নিয়ে এই সরকার যাত্রা শুরু করলেও সম্মিলিত প্রচেষ্টায় দেশকে একটি আত্মনির্ভরশীল ও মর্যাদাপূর্ণ রাষ্ট্র হিসেবে পুনর্গঠনের দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছে বর্তমান প্রশাসন।

তবে ক্ষমতার এই নতুন অধ্যায়ে বিএনপির সামনে চ্যালেঞ্জও কম নয়। দীর্ঘদিনের শাসনতান্ত্রিক অবক্ষয় দূর করা, আইনশৃঙ্খলা পরিস্থিতির স্থায়ী পুনরুদ্ধার, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি নিয়ন্ত্রণ এবং কর্মসংস্থান সৃষ্টি করা বর্তমান সরকারের জন্য এক বড় অগ্নিপরীক্ষা। একই সঙ্গে দলের তৃণমূল থেকে কেন্দ্র পর্যন্ত শৃঙ্খলা বজায় রাখা এবং জনগণের বিপুল প্রত্যাশার প্রতিফলন ঘটানোই হবে এই মেয়াদের মূল সাফল্য।

বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীর দিনে গণতন্ত্রের দুই মহান নেতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও মরহুমা বেগম খালেদা জিয়ার কথা দলের প্রতিটি নেতাকর্মী ও দেশের জনগণ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং পরবর্তী সময়ে দলের হাল ধরা তাঁর সহধর্মিণী বেগম খালেদা জিয়ার অবদান ও ত্যাগ বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক অনন্য দৃষ্টান্ত। বীর মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান ১৯৭৮ সালে ১৯ দফা কর্মসূচির ভিত্তিতে জাতীয়তাবাদী চেতনায় উদ্বুদ্ধ হয়ে বিএনপি প্রতিষ্ঠা করেন এবং বহুদলীয় গণতন্ত্র পুনরুদ্ধার, মুক্তবাজার অর্থনীতি ও বাংলাদেশি জাতীয়তাবাদের এরপর ৩৬ পৃষ্ঠায়

# অদৃশ্য ষড়যন্ত্র চলমান

### গয়েশ্বর চন্দ্র রায়

শত বাধাবিপত্তির মধ্যেও আমরা বিএনপির জন্মলগ্ন থেকে প্রতিষ্ঠাবার্ষিকী পালন করে আসছি। এবার প্রায় দুই দশক পর বিএনপি আবার রাষ্ট্র পরিচালনার দায়িত্বে থাকা অবস্থায় আমরা আমাদের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করছি। গত ১৭ বছরের চরম জুলুম, নিপীড়ন ও বৈরী পরিবেশের মধ্যেও রাজপথ না ছেড়ে প্রতিষ্ঠাবার্ষিকীসহ সব রাজনৈতিক কর্মসূচি পালনে দলটির সর্বস্তরের নেতাকর্মী যে বিরল দৃঢ়তা ও ইস্পাতকঠিন ঐক্যের পরিচয় দিয়েছেন, তা বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক অনন্য দৃষ্টান্ত। আমরা আমাদের দলের প্রতিষ্ঠাবার্ষিকী পালন করব- এই আত্মবিশ্বাস ও আত্মতৃপ্তি আমাদের ছিল, আছে এবং থাকবে।

১৯৭৫ সালে একদলীয় বাকশাল প্রতিষ্ঠার মধ্য দিয়ে দেশে যে রাজনৈতিক শূন্যতা সৃষ্টি করা হয়েছিল, তা পূরণে বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৭৮ সালের ১ সেপ্টেম্বর ঢাকার রমনা বটমূলে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) নামে এই নতুন রাজনৈতিক দল গঠন করেন মহান মুক্তিযুদ্ধের অন্যতম সেক্টর কমান্ডার ও স্বাধীনতার ঘোষক তৎকালীন রাষ্ট্রপতি জিয়াউর রহমান। তিনিই ছিলেন দলটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান।

দেশের স্বাধীনতার জন্য শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান জাতিকে উজ্জীবিত করেছিলেন; ছাত্র, শিক্ষক, কৃষক ও শ্রমিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে মুক্তিযুদ্ধে অংশগ্রহণে তিনি প্রেরণা জুগিয়েছিলেন। তিনি স্বাধীনতা, সার্বভৌমত্বের সুরক্ষা ও গণতন্ত্র- এই তিনটি প্রত্যয় সামনে রেখে বিএনপি প্রতিষ্ঠা করেন। দেশকে সমৃদ্ধ ও মানুষের ভাগ্যের পরিবর্তনে নেওয়া তার ১৯ দফা কর্মসূচি ছিল সমৃদ্ধ দেশ গঠনে একটি যুগান্তকারী পদক্ষেপ। শহীদ জিয়ার বাংলাদেশি জাতীয়তাবাদ এবং দূরদর্শী বিভিন্ন কর্মসূচি তাকে দেশবাসীর কাছে ভীষণ জনপ্রিয় করে তোলে। জন্মলগ্ন থেকে আজ পর্যন্ত এই দল আদর্শ থেকে বিচ্যুত হয়নি, সবসময় প্রাধান্য দিয়েছে গণতন্ত্রকে।

বিএনপির রাজনীতি আগাগোড়াই শহীদ জিয়াউর রহমানের ঐক্যের রাজনীতি, অর্থাৎ দেশপ্রেমিক শক্তিকে ঐক্যবদ্ধ রাখা। কারণ, জাতি যদি ঐক্যবদ্ধ না থাকে, তাহলে সার্বভৌমত্বের ওপর আগ্রাসী শক্তি আঘাত হানতে পারে। এটাই ছিল শহীদ জিয়ার মূল ধারণা। সে কারণে বাংলাদেশি জাতীয়তাবাদের ভিত্তিতে দেশপ্রেমিক জনগোষ্ঠীকে ঐক্যবদ্ধ করে, ধর্মীয় মূল্যবোধ এবং সব ধর্মের সমঅধিকারের ভিত্তিতে বিএনপি গঠিত হয়েছে। এরই ধারাবাহিকতা আমরা ৪৮ বছর ধরে রাখতে পেরেছি বলেই শত বাধাবিঘ্নের মধ্যেও ঘুরেফিরে রাষ্ট্রীয় ক্ষমতায় আসছি।



বিএনপির রাজনীতি আগাগোড়াই শহীদ জিয়াউর রহমানের ঐক্যের রাজনীতি, অর্থাৎ দেশপ্রেমিক শক্তিকে ঐক্যবদ্ধ রাখা। কারণ, জাতি যদি ঐক্যবদ্ধ না থাকে, তাহলে সার্বভৌমত্বের ওপর আগ্রাসী শক্তি আঘাত হানতে পারে

১৯৮১ সালে চট্টগ্রামে জিয়াউর রহমান নিহত হওয়ার পর স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠেছিল- তার ব্যক্তিগত জনপ্রিয়তা ও নেতৃত্বনির্ভর দলটি কি টিকে থাকবে? জিয়াউর রহমানের অবর্তমানে দল টিকবে না- এমন একটি ধারণা থেকেই তাকে হত্যা করা হয়েছিল। কিন্তু জিয়ার মৃত্যুর পর তার স্ত্রী খালেদা জিয়া রাজনীতির কেন্দ্রভাগে উঠে আসেন। গৃহবধূ থেকে পরিস্থিতির প্রয়োজনে তিনি রাজনীতির সামনের সারিতে আসেন এবং দলের নেতৃত্ব গ্রহণ করেন। দীর্ঘ ৯ বছর রাজপথে থেকে তিনি জিয়াউর রহমানের সেই নেতৃত্বের শূন্যতা পূরণ করেছেন এবং 'আপসহীন নেত্রী' বা 'মাদার অব ডেমোক্রেসি' হিসেবে জনগণের কাছে স্বীকৃতি লাভ করেছেন। '৯০-এর গণঅভ্যুত্থানের পর ১৯৯১ সালের নির্বাচনে বিএনপি ১৪০টি আসন পেয়ে সরকার গঠন করে এবং খালেদা জিয়া প্রথমবার প্রধানমন্ত্রী হন।

১৯৯৬ সালের রাজনৈতিক সংকট ও নির্বাচনী পরাজয়ের পরও বিএনপি ভেঙে পড়েনি। ২০০১ সালের নির্বাচনে বিএনপি ১৯৩টি আসন পেয়ে (৪০.৯৭% ভোট) পুনরায় সরকার গঠন করে। ১৯৯১ থেকে ২০০৮ পর্যন্ত পাঁচটি জাতীয় নির্বাচনে খালেদা জিয়া ২৩টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করে প্রতিটিতেই জয়ী হন, যা বাংলাদেশের নির্বাচনী ইতিহাসে এক বিরল রেকর্ড।

পরে খালেদা জিয়াকে জেলে নিয়ে বিএনপিকে ধ্বংস করার একটি চক্রান্ত ও নীলনকশা ছিল। রাজনৈতিক উদ্দেশ্যে মিথ্যা মামলায় অন্যায়ভাবে সাজা দিয়ে ম্যাডামকে জেলে নেওয়ার পর দলের গঠনতন্ত্র অনুযায়ী তারেক রহমান বিএনপির নেতৃত্বে আসেন। তিনি বিদেশের মাটিতে থেকেও আধুনিক প্রযুক্তির মাধ্যমে, জুম ব্যবহার করে সারা দেশের নেতাকর্মীকে ঐক্যবদ্ধ করেন। ২০২৫ সালের ৩০ ডিসেম্বর খালেদা জিয়ার মৃত্যুর পর দলের একক নেতৃত্বের দায়িত্ব নেন তারেক রহমান। তারেক রহমানের নেতৃত্বেই শেষ পর্যন্ত দেশে নির্বাচন এবং নির্বাচিত সরকার এসেছে। বিএনপিকে নেতৃত্বশূন্য করার যে দেশি-বিদেশি চক্রান্ত ছিল, তার মুখে ছাই দিয়েই তিনি নেতৃত্বের ধারাবাহিকতা বজায় রেখেছেন এবং আজ একজন প্রতিষ্ঠিত নেতা হিসেবে স্বীকৃতি পেয়েছেন। অন্যদিকে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের মধ্যে এখন যে নেতৃত্বের এরপর ৫৩ পৃষ্ঠায়

> প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে দায়িত্ব গ্রহণের পর থেকেই নির্বাচনী অঙ্গীকার ও প্রতিশ্রুতিগুলোর বাস্তবায়ন শুরু হয়েছে। এই ছয় মাসে প্রতিশ্রুতির প্রতিটি ক্ষেত্রে একটি মজবুত 'ভিত্তি' স্থাপিত হয়েছে। এগুলো পরিপূর্ণ করার জন্য যে আন্তরিকতা প্রয়োজন, তা প্রধানমন্ত্রী তারেক রহমানের মধ্যে রয়েছে। জনগণও বিশ্বাস করে- বিএনপি পারবে এবং বিএনপি করবে। জনগণের সেই আস্থা নিয়েই বিএনপি সামনের দিনগুলোতে একটি সমৃদ্ধ ও স্বনির্ভর বাংলাদেশ গড়ে তুলবে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# মেধা না বিশেষ সুবিধা: ঢাকা বিশ্ববিদ্যালয় কোন পথে?

ড. মাহরুফ চৌধুরী

একটি জাতির ভবিষ্যৎ কেবল তার প্রাকৃতিক সম্পদ দ্বারা নির্ধারিত হয় না, বরং সেটা হয়ে থাকে তার মেধাসম্পদের বিকাশ দ্বারা। ইতিহাসের দিকে তাকালে দেখা যায়, যেসব জাতি তাদের নাগরিকদের জন্য এমন একটি সামাজিক ও প্রাতিষ্ঠানিক পরিবেশ গড়ে তুলতে পেরেছে যেখানে জন্মগত সুযোগ-সুবিধা নয়, বরং মেধা, শ্রম ও যোগ্যতা সামাজিক অগ্রগতির প্রধান ভিত্তি হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে, তারাই দীর্ঘমেয়াদে জ্ঞান-বিজ্ঞান, শিল্পকলা-সাহিত্য, ব্যবসা-বাণিজ্য, অর্থনীতি, রাজনীতি ও সংস্কৃতির ক্ষেত্রে নেতৃত্ব দিয়েছে। অন্যদিকে যেসব সমাজে বিশেষ সুবিধা, সামাজিক মর্যাদা কিংবা শ্রেণিগত অবস্থান প্রতিযোগিতার ক্ষেত্রকে প্রভাবিত করেছে, সেখানে মেধার বিকাশ বাধাগ্রস্ত হয়েছে এবং রাষ্ট্রের সামগ্রিক সক্ষমতাও ক্ষতিগ্রস্ত হয়েছে।

ব্রিটিশ সমাজবিজ্ঞানী ও বামপন্থি রাজনীতিবিদ মাইকেল ইয়ং (১৯১৫-২০০২) তাঁর বিখ্যাত 'মেধাতন্ত্রের উত্থান' (দ্য রাইজ অব দ্য মেরিটোক্রেসি, ১৯৫৮) গ্রন্থে মেধাতন্ত্রের নেতিবাচক দিক সম্পর্কে সতর্ক করেছিলেন বটে, কিন্তু আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার একটি মৌলিক নীতি নিয়ে তাঁরও কোন দ্বিমত ছিল না। সেটা হলো রাষ্ট্রকে এমন একটি কাঠামো নির্মাণ করতে হবে যেখানে সুযোগের ক্ষেত্রটি সর্বাধিক উন্মুক্ত থাকবে এবং প্রতিযোগিতার নিয়ম হবে সবার জন্য অভিন্ন। কারণ মেধা তখনই সামাজিক শক্তিতে রূপান্তরিত হয়, যখন তা অবাধ প্রতিযোগিতার মধ্য দিয়ে স্বীকৃতি লাভ করে। স্বৈরাচারী বিরোধী বাংলাদেশের সাম্প্রতিক রাজনৈতিক বাস্তবতায় এই প্রশ্ন নতুন করে গুরুত্ব পেয়েছে। চব্বিশের জুলাইয়ের গণ-আন্দোলন ও গণ-অভ্যুত্থানের অন্যতম প্রধান রাজনৈতিক তাগাই ছিল বৈষম্যের বিরুদ্ধে অবস্থান এবং সমান সুযোগের দাবি।অ এই প্রেক্ষাপটে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার জন্য পৃথক প্রশ্নপত্র প্রবর্তনের আলোচনা কেবল একটি প্রশাসনিক সিদ্ধান্তের প্রশ্ন নয়; এটি রাষ্ট্রের ন্যায়বিচারবোধ, উচ্চশিক্ষার দর্শন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঐতিহাসিক ভূমিকার প্রশ্ন।

বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামোয় 'ঢাকা বিশ্ববিদ্যালয়' একটি সামাজিক চুক্তির নাম। তাই ঢাকা বিশ্ববিদ্যালয়কে কেবল একটি শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে দেখলে তার ঐতিহাসিক তাৎপর্য বোঝা যাবে না। ঔপনিবেশিক শাসনামলে এবিশ্ববিদ্যালয়টির জন্ম মূলত পূর্ববঙ্গের মানুষের সঙ্গে রাষ্ট্রের এক ধরনের ঐতিহাসিক সামাজিক চুক্তির ফসল। ১৯০৫ সালের বঙ্গভঙ্গের পর পূর্ববঙ্গের মানুষের অন্যতম প্রধান দাবি ছিল শিক্ষাগত প্রতিনিধিত্ব ও উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণ। ১৯১১ সালে বঙ্গভঙ্গ রদের ফলে যে রাজনৈতিক অসন্তোষ তৈরি হয়েছিল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা ছিল আংশিকভাবে তার প্রতিকারমূলক উদ্যোগ। ফলে বিশ্ববিদ্যালয়টির জন্মের সঙ্গে সামাজিক ন্যায়বিচারের একটি ধারণা অঙ্গাঙ্গিভাবে জড়িয়ে আছে। প্রকৃতপক্ষে এটি প্রতিষ্ঠিত হয়েছিল সুবিধাপ্রাপ্তদের জন্য নয়; বরং যারা শিক্ষাব্যবস্থার মূলধারা থেকে ঐতিহাসিকভাবে পিছিয়ে ছিল, তাদের জন্য। এই অর্থে ঢাকা বিশ্ববিদ্যালয় ছিল সামাজিক গতিশীলতার একটি প্রতিষ্ঠান (ইনস্টিটিউশন অব সোস্যাল মবিলিটি)। এক শতাব্দীরও বেশি সময় ধরে গ্রামের কৃষক, জেলে, শ্রমিক, ক্ষুদ্র ব্যবসায়ী এবং নিম্ন-মধ্যবিত্ত পরিবারের সন্তানদের জন্য এটি উচ্চশিক্ষা ও সামাজিক উত্তরণের প্রধান সোপান হিসেবে কাজ করেছে। এই ঐতিহাসিক প্রেক্ষাপটে প্রশ্ন উঠতেই পারে, যে প্রতিষ্ঠানটি জন্ম নিয়েছিল বৈষম্য কমানোর লক্ষ্যে, সেই প্রতিষ্ঠান কি এখন এমন একটি নীতি গ্রহণ করবে যা নতুন ধরনের বৈষম্যের ধারণাকে বৈধতা দেয়?



গণ-অভ্যুত্থান-উত্তর বাস্তবতায় 'সমান সুযোগ' বনাম 'বিশেষ সুবিধা' গণমুখী রাজনৈতিক আলোচনায় প্রাসঙ্গিক হয়ে ওঠে। আধুনিক রাজনৈতিক দর্শনে 'সমান সুযোগ' (ইক্যুয়েলিটি অব অপরচুনিটি) এবং 'বিশেষ সুবিধা' (প্রিভিলেজ) এই দুটি ধারণার মধ্যে মৌলিক পার্থক্য রয়েছে। সমান সুযোগের অর্থ হলো, প্রতিযোগিতার দরজা সবার জন্য খোলা থাকবে এবং সাফল্য নির্ধারিত হবে যোগ্যতার ভিত্তিতে। অন্যদিকে বিশেষ সুবিধা এমন একটি অবস্থা, যেখানে কোনো বঞ্চিত গোষ্ঠীকে তার পরিচয় কিংবা অবস্থান কারণে অতিরিক্ত সুবিধা দেওয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় পৃথক প্রশ্নপত্রের ধারণাটি এই কারণেই বিতর্কিত। কারণ এটি ভর্তি-পরীক্ষার্থীদের মেধার ভিত্তিতে নয়, বরং তাদের শিক্ষামাধ্যম বা শিক্ষাধারার ভিত্তিতে আলাদা শ্রেণিতে বিভক্ত করে। একটি বিশ্ববিদ্যালয়ের কাছে শিক্ষার্থীর পরিচয় হওয়া উচিত ভর্তিচ্ছুক পরীক্ষার্থী হিসেবে; কোন বিশেষ মাধ্যম বা ধারা তথা 'ইংরেজি মাধ্যম', 'বাংলা মাধ্যম'; 'মূল ধারা', 'কারিগরি ও পেশাগত ধারা', 'মাদ্রাসা ধারা' (আলিয়া মাদ্রাসা ও কাওমি মাদ্রাসা ধারা) নয়। বিশ্ববিদ্যালয়ের একমাত্র বিবেচ্য হওয়া উচিত কে অধিক প্রস্তুত, যোগ্য ও সক্ষম এবং কে বিশ্ববিদ্যালয় পর্যায়ে নিজ নিজ পছন্দের বিষয়ে উচ্চশিক্ষার জন্য অধিক

এরপর ৩৬ পৃষ্ঠায়




কিন্তু সেই সফলতা আসা উচিত সমান প্রতিযোগিতার মধ্য দিয়ে, বিশেষ সুবিধার মাধ্যমে নয়। কারণ একটি গণতান্ত্রিক রাষ্ট্রে বিশ্ববিদ্যালয়ের প্রধান দায়িত্ব কেবল শিক্ষার্থী নির্বাচন নয়; বরং সমাজকে একটি নৈতিক বার্তা দেওয়া যে, বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ সব ধারার শিক্ষার্থীদের জন্য সমান; কিন্তু স্বীকৃতি অর্জিত হবে নিজ নিজ মেধা, শ্রম এবং যোগ্যতার মাধ্যমে। আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামনে তাই প্রশ্ন একটাই: সে কি তার শতবর্ষের প্রতিষ্ঠাদর্শন, সামাজিক ন্যায়বিচারের ঐতিহ্য এবং জনগণের বিশ্ববিদ্যালয় হিসেবে অর্জিত মর্যাদা অক্ষুণ্ন রাখবে, নাকি উচ্চশিক্ষায় দেশের মূলধারার শিক্ষার্থীদের বঞ্চিত করে বিশেষ ধারার শিক্ষার্থীদের ভর্তি সুযোগ তৈরি করার জন্য বিশেষ সুবিধা প্রদানের একটি নজির স্থাপন করবে?

# আঞ্চলিক অর্থনৈতিক রাজনীতিতে বাংলাদেশ

আবদূন নূর

পরাশক্তিগুলোর অতিরিক্ত ঋণের কারণে অনেক সময় আন্তর্জাতিক ফোরামে বা আঞ্চলিক ইস্যুতে যেমন : রোহিঙ্গা সংকট বাংলাদেশ নিজের স্বার্থ অনুযায়ী স্বাধীন সিদ্ধান্ত নিতে পারে না। ঋণদাতা দেশের ভূ-রাজনৈতিক অবস্থানের দিকে তাকিয়ে সিদ্ধান্ত নিতে হয়। বর্তমান সময়ে বাংলাদেশ এই চাপ সামলাতে একটি সুনির্দিষ্ট কৌশল বা 'হেজিং স্ট্র্যাটেজি' ব্যবহার করছে। এর মূল কথা হলো-যেকোনো এক দেশের ওপর সম্পূর্ণ নির্ভরশীল না হয়ে বিভিন্ন বন্দর ও অবকাঠামোতে অংশীদারিত্ব ভাগ করে দেওয়া যেমন: মাতারবাড়িতে জাপান, মোংলায় চীন, চট্টগ্রামে ভারত ও পশ্চিমা অপারেটর। বাংলাদেশ যদি তার-হেজিং স্ট্র্যাটেজি-অর্থাৎ সবার সাথে অর্থনৈতিক সম্পর্ক রেখে কাউকেই সামরিক সুবিধা না দেওয়া, সঠিকভাবে ধরে রাখতে পারে, তবে এই প্রতিযোগিতা ঝুঁকির বদলে বাংলাদেশের জন্য একটি বড় অর্থনৈতিক আশীর্বাদে পরিণত হতে পারে

আঞ্চলিক অর্থনৈতিক রাজনীতিতে অবস্থানগত কারনে বাংলাদেশের বঙ্গোপসাগরের অবস্থান বরাবরই গুরুত্বপূর্ণ ছিল। ৫ আগস্ট ২০২৪ পট পরিবর্তনের রাজনৈতিক মেরুকরণের ফলে তা আরো শক্তিশালী হয়ে উঠেছে। কক্সবাজারের মহেশখালীতে নির্মাণাধীন মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর মূলত এর বিশাল ধারণক্ষমতা, ভৌগোলিক অবস্থান এবং উন্নত অবকাঠামোর কারণে দক্ষিণ এশিয়ার আঞ্চলিক বাণিজ্যের মানচিত্র সম্পূর্ণ বদলে দিচ্ছে। ২০২৯ সালের মধ্যে এটি পুরোদমে চালু করার লক্ষ্য নিয়ে কাজ চলছে, যা এই অঞ্চলে একটি প্রধান বাণিজ্য হাব বা কেন্দ্র হিসেবে আবির্ভূত হয়েছে।এটি আঞ্চলিক বাণিজ্য এবং রাজনৈতিক মোড় ঘুরিয়ে দিচ্ছে ।



গভীর ড্রাফট ও বড় জাহাজের সরাসরি প্রবেশ ও মাদার ভেসেল নোঙর করার কারণে বাংলাদেশের বর্তমান বন্দরগুলোর চট্টগ্রাম বা মোংলা বন্দরের গভীরতা বা ড্রাফট কম ৮.৫ থেকে ১১ মিটার হওয়ায় বড় জাহাজ সরাসরি ভিড়তে পারে না। মাতারবাড়ির ড্রাফট ১৬ থেকে ১৮.৫ মিটার হওয়ায় ৮,০০০ থেকে ১০,০০০ টিইউ ধারণক্ষমতাসম্পন্ন বিশাল কন্টেইনারবাহী মাদার ভেসেল সরাসরি জেটিতে আসতে পারবে। যার ফলে বিদেশি নির্ভরতা হ্রাস পাবে। এতকাল বড় জাহাজগুলো সিঙ্গাপুর, কলম্বো বা মালয়েশিয়ার পোর্টে পণ্য খালাস করত এবং সেখান থেকে ছোট জাহাজে করে বাংলাদেশে পণ্য আনা হতো। মাতারবাড়ি চালু হলে এই বিদেশি পোর্টগুলোর ওপর নির্ভরশীলতা সম্পূর্ণ কেটে যাবে। যাতে সময় ও খরচ নাটকীয়ভাবে কমে যাওয়াপরিবহন ব্যয় হ্রাস হবে।সরাসরি মাদার ভেসেল আসার কারণে ফ্রেইট বা পণ্য পরিবহন খরচ প্রায় ২৫% থেকে ৩০% কমে যাবে।দ্রুত পণ্য খালাস হবে ।উদাহরণস্বরূপ বলা যায় যে বর্তমানে মার্কিন যুক্তরাষ্ট্র বা ইউরোপে পণ্য পাঠাতে বা সেখান থেকে আনতে সিঙ্গাপুর বা কলম্বো হয়ে প্রায় ৪৫ দিন সময় লাগে। মাতারবাড়ি বন্দর ব্যবহার করলে এই সময় কমে ২৩ দিনে নামবে, যা বাংলাদেশের তৈরি পোশাক শিল্পসহ অন্যান্য রপ্তানি খাতকে বিশ্ববাজারে অনেক বেশি প্রতিযোগিতাপূর্ণ করে তুলবে।



এছাড়া ভূ-বেষ্টিত দেশগুলোর প্রবেশদ্বারনেপাল ও ভুটানের ট্রানজিট সুবিধা পাবে। সমুদ্রসীমা না থাকা নেপাল ও ভুটান তাদের আন্তর্জাতিক বাণিজ্যের জন্য মাতারবাড়ি বন্দরকে প্রধান রুট হিসেবে ব্যবহার করতে পারবে। ভারতের সেভেন সিস্টার্স বা উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলো আসাম, ত্রিপুরা, মেঘালয় ইত্যাদি কলকাতা পোর্ট বন্দর ব্যবহারের চেয়ে মাতারবাড়ি বন্দর ব্যবহার করে অনেক কম খরচে এবং দ্রুত পণ্য আনা-নেওয়া করতে পারবে।আঞ্চলিক কানেক্টিভিটি ও ব্লু-ইকোনমি বিগ বি উদ্যোগ গ্রহণ করতে পারবে । জাপানের অর্থায়নে এই বন্দরকে কেন্দ্র করে একটি বিশাল অর্থনৈতিক করিডোর তৈরি হয়েছে , যা ভারতের উত্তর-পূর্বাঞ্চল, বাংলাদেশ ও মিয়ানমারকে যুক্ত করে একটি শক্তিশালী শিল্প বেল্ট গড়ে তুলবে।এটি কেবল একটি বন্দর নয়, বরং এর সাথে যুক্ত হচ্ছে গভীর সমুদ্রের গ্যাস-এলএনজি টার্মিনাল এবং কয়লা বিদ্যুৎ কেন্দ্র। অর্থনীতিবিদদের মতে, এই প্রকল্প একা বাংলাদেশের সামগ্রিক জিডিপিতে ২% থেকে ৩% পর্যন্ত অবদান রাখতে পারে। মাতারবাড়ি বন্দরটি মূলত সিঙ্গাপুর ও কলম্বোর বিকল্প একটি আঞ্চলিক ট্রান্সশিপমেন্ট হাব হিসেবে আত্মপ্রকাশ করেছে যা বঙ্গোপসাগরের অর্থনৈতিক নিয়ন্ত্রণ সরাসরি বাংলাদেশের হাতে এনে দিতে পারে বলেও বিশেষজ্ঞদের অভিমত।

মাতারবাড়ি বন্দর এবং সামগ্রিকভাবে বঙ্গোপসাগরকে কেন্দ্র করে জাপান, ভারত ও চীনের মধ্যকার ভূ-রাজনৈতিক প্রতিযোগিতা একটি জটিল রূপ নিয়েছে।

প্রতিটি দেশই এখানে নিজেদের অর্থনৈতিক ও সামরিক নিরাপত্তা নিশ্চিত করতে চায়।এই প্রতিযোগিতা যেভাবে কাজ করছে , জাপানের কৌশল হিসেবে বিগ-বি এবং অবাধ ইন্দো-প্যাসিফিক অর্থায়ন ও নিয়ন্ত্রণ নিতে মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর প্রকল্পটি জাপানের আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা 'জাইকা 'এর অর্থায়নে নির্মিত হচ্ছে। এর ফলে এই বন্দরের ওপর জাপানের একটি বড় কৌশলগত নিয়ন্ত্রণ রয়েছে। জাপান এখানে বে-অব বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ বেল্ট বিগ- বি উদ্যোগ নিয়েছে। এর লক্ষ্য মাতারবাড়িকে কেন্দ্র করে একটি বিশাল শিল্পাঞ্চল তৈরি করা এবং ভারতের উত্তর-পূর্বাঞ্চলের সাথে সংযোগ স্থাপন করা যাবে। জাপান মূলত মার্কিন যুক্তরাষ্ট্রের ইন্দো-প্যাসিফিক কৌশল এর অংশ হিসেবে কাজ করছে, যাতে বঙ্গোপসাগরে এককভাবে চীনের আধিপত্য তৈরি না হয়।

মাতারবাড়ি বন্দরটি ভারতের জন্য একটি বড় স্বস্তির কারণ। এর আগে চীন কক্সবাজারের সোনাদিয়ায় গভীর সমুদ্র বন্দর তৈরির চেষ্টা করেছিল, যা ভারতের নিরাপত্তার জন্য বড় হুমকি ছিল। বাংলাদেশ সোনাদিয়া প্রকল্প বাতিল করে মাতারবাড়িতে জাপানকে দায়িত্ব দেওয়ায় ভারত অত্যন্ত সন্তুষ্ট। সেভেন সিস্টার্সের উন্নয়নে ভারত মাতারবাড়ি বন্দরকে তাদের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোর আসাম, ত্রিপুরা সহ অন্চলে অর্থনৈতিক উন্নয়নের চাবিকাঠি মনে করে। এর মাধ্যমে তারা এই ল্যান্ড লকড রাজ্যগুলোতে কম খরচে পণ্য পাঠাতে পারবে। এর ফলে ভারত আশ্বস্ত বোধ করে কারণ জাপান তাদের অন্যতম

এরপর ৫৩ পৃষ্ঠায়

# নেপালের মানবিক বিপর্যয়: বাংলাদেশের জন্যেও আসন্ন বিপদের শঙ্কা

নুরুল ইসলাম বাবুল



হিমালয়ে বিপর্যয় কখনো শুধু পাহাড়ের বিপর্যয় নয়। হতে পারে সেটা গোটা দেশ বা অঞ্চলের বিপর্যয়। ২৬ আগস্ট নেপাল-তিব্বত সীমান্তের লাংটাং লিরুং অঞ্চলে যে ভয়াবহ ধস ও আকস্মিক বন্যা নেমে এল, তার অভিঘাত সীমান্তের কাঁটাতারে থেমে থাকার কথা নয়। প্রাথমিক বৈজ্ঞানিক অনুসন্ধানে জানা গেছে, উচ্চভূমির একটি হিমবাহের বড় অংশ ভেঙে পড়ে বরফ, পাথর, মাটি ও জল নিয়ে প্রবল স্রোত তৈরি করে। সেই স্রোত নদীখাত ধরে নেমে এসে বিস্তীর্ণ এলাকা ধ্বংস করে। ঘটনাটি এতটাই শক্তিশালী ছিল যে, বিপুল বরফ ও পাথরের ধস সাময়িকভাবে নদী আটকে দেওয়ার পর বাঁধ ভেঙে যাওয়ার মতো প্রবল জলস্রোত তৈরি হয়েছিল বলে বিজ্ঞানীদের ধারণা। এই ঘটনা তাই নিছক একটি পাহাড়ি বন্যা নয়; এটি হিমালয়ের দ্রুত বদলে যাওয়া ভূপ্রকৃতি, জলবায়ু এবং মানবিক হস্তক্ষেপের একটি সম্মিলিত সতর্কবার্তা। প্রশ্নটি এখন আর শুধু নেপালের নয়। প্রশ্নটি ভারত, ভুটান ও বাংলাদেশেরও। কারণ হিমালয় কোনো একটি দেশের সম্পত্তি নয়; তার বরফ, নদী, পলি ও জলপ্রবাহ একটি আন্তঃসীমান্ত প্রাকৃতিক ব্যবস্থা। হিমালয়ের ওপরের পরিবর্তন শেষ পর্যন্ত এসে পড়ে গঙ্গা-ব্রহ্মপুত্র-মেঘনা অববাহিকার কোটি কোটি মানুষের জীবনে।

হিন্দুকুশ-হিমালয়কে বলা হয় এশিয়ার 'ওয়াটার টাওয়ার'। ওইওএমওউ-এর ২০২৬ সালের গবেষণা বলছে, ২০০০ সালের পর এই অঞ্চলের হিমবাহে বরফ হারানোর হার আগের সময়ের তুলনায় দ্বিগুণ হয়েছে এবং ১৯৭৫ সালের পর কিছু হিমবাহে বরফের পুরুত্বের ক্ষয় ২৭ মিটার পর্যন্ত পৌঁছেছে। এই পরিবর্তনের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যুক্ত প্রায় দুই বিলিয়ন মানুষের জীবন ও জীবিকা। এই তথ্যের গুরুত্ব বোঝার জন্য 'জলবায়ু পরিবর্তন' কথাটিকে শুধু তাপমাত্রা বৃদ্ধির পরিসংখ্যান হিসেবে দেখা যথেষ্ট নয়। হিমালয়ে উষ্ণায়ন মানে একই সঙ্গে হিমবাহের পশ্চাদপসরণ, তুষারসীমার পরিবর্তন, পারমাফ্রস্টের দুর্বলতা, পাহাড়ের ঢালের অস্থিতিশীলতা এবং নদীর জলপ্রবাহের চরিত্র বদলে যাওয়া। ফলে একটি বিপর্যয় আর একক ঘটনা থাকে না। হিমবাহ ধস থেকে ভূমিধস, ভূমিধস থেকে নদী অবরুদ্ধ হওয়া, সেখান থেকে আকস্মিক জলমুক্তি এবং তার পর ডেব্রিস-ফ্লো-একটি বিপদ আরেকটি বিপদের জন্ম দেয়। আধুনিক দুর্যোগবিজ্ঞানে একে বলা হয় 'cascading disaster' বা পরম্পরাগত বিপদ-শৃঙ্খল। নেপালের জন্য এর অর্থ সবচেয়ে প্রত্যক্ষ। দেশটির পাহাড়ি জনপদ, সড়ক, সেতু, জলবিদ্যুৎকেন্দ্র, পর্যটনকেন্দ্র ও নদীতীরবর্তী বসতি একই সঙ্গে ঝুঁকির মধ্যে পড়ছে। সাম্প্রতিক বিপর্যয়ে নদীর জলস্তর অল্প সময়ে নাটকীয়ভাবে বেড়ে যাওয়া এবং বরফ-পাথর-কাদার স্রোতে বিস্তীর্ণ অবকাঠামো নিশ্চিহ্ন হওয়া দেখিয়ে দিয়েছে, পাহাড়ি অঞ্চলে দুর্যোগের 'প্রতিক্রিয়ার সময়' কতটা কমে এসেছে।





নেপালের সামনে তাই দ্বৈত সংকট। একদিকে জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক বিপদের চরিত্র বদলাচ্ছে, অন্যদিকে উন্নয়নের চাপ বাড়ছে। রাস্তা, সুড়ঙ্গ, জলবিদ্যুৎ ও পর্যটন অবকাঠামো পাহাড়ের ভঙ্গুর ভূপ্রকৃতির ওপর নতুন চাপ সৃষ্টি করছে। ফলে উন্নয়ন নিজেই যদি ঝুঁকি বাড়িয়ে দেয়, তবে সেই উন্নয়নের স্থায়িত্ব নিয়েই প্রশ্ন উঠবে। কিন্তু আসলে নেপালের বিপর্যয় কী নেপালে শেষ হয়? উত্তর অবশ্যই না। তারপরের অধ্যায় শুরু হয় ভারতে।

কারণ নেপালের কোশী, গণ্ডক ও কর্ণালীসহ বহু নদী ভারতীয় সমতলে প্রবেশ করে। পাহাড় থেকে প্রবল স্রোতের সঙ্গে বিপুল পলি ও পাথর নেমে এলে নদীর তলদেশ ও গতিপথ বদলাতে পারে। কোথাও নদীর তলদেশ উঁচু হয়, কোথাও চর তৈরি হয়, কোথাও নদী তার পুরোনো পথ ছেড়ে নতুন চ্যানেল খুঁজে নেয়। ফলে বিহার ও উত্তর প্রদেশের বিস্তীর্ণ অঞ্চল আকস্মিক বন্যা ও নদীভাঙনের বাড়তি ঝুঁকিতে পড়তে পারে। ভারতের জন্য সংকটটি আরও জটিল, কারণ হিমালয় তার খাদ্য, বিদ্যুৎ ও জলনিরাপত্তার গুরুত্বপূর্ণ উৎস। গঙ্গা অববাহিকার কৃষি, উত্তর ভারতের নগরজীবন এবং বিপুল জলবিদ্যুৎ অবকাঠামো পাহাড়ি জলপ্রবাহের সঙ্গে যুক্ত। অতএব হিমালয়ের জলপ্রবাহের অস্বাভাবিকতা একদিকে বন্যা বাড়াতে পারে, অন্যদিকে দীর্ঘমেয়াদে শুষ্ক মৌসুমের পানির নিশ্চয়তা নিয়ে প্রশ্ন তুলতে পারে। এই আপাতবিরোধী ভবিষ্যৎটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ। হিমবাহ দ্রুত গললে স্বল্পমেয়াদে নদীতে অতিরিক্ত জল আসতে পারে; কিন্তু দীর্ঘমেয়াদে হিমবাহের জলাধার ছোট হয়ে গেলে শুষ্ক মৌসুমে নদীর প্রবাহ কমে যেতে পারে। অর্থাৎ দক্ষিণ এশিয়ার ভবিষ্যতের জলসংকট শুধু 'পানি কমে যাওয়া'র গল্প নয়; কখনো অতিরিক্ত জল, কখনো জলের ঘাটতি-এই দুই চরমতার মধ্যবর্তী অনিশ্চয়তাই হয়ে উঠতে পারে প্রধান সমস্যা।

ভুটানের জন্য বিপদের চরিত্র কিছুটা আলাদা হলেও কম গুরুতর নয়। হিমবাহ-নির্ভর হ্রদ বড় হয়ে গেলে তার প্রাকৃতিক বাঁধ ভেঙে 'গ্লেশিয়াল লেক আউটবার্স্ট ফ্লাড' বা এখডুক্ষ হতে পারে। সেই জল কয়েক মিনিট বা ঘণ্টার মধ্যে নিচের উপত্যকায় নেমে এসে সড়ক, সেতু, বসতি ও জলবিদ্যুৎ প্রকল্প ধ্বংস করতে পারে। ভুটানের অর্থনীতি ও বিদ্যুৎ অবকাঠামোর বড় অংশ পাহাড়ি নদীর ওপর নির্ভরশীল হওয়ায় এই ঝুঁকি কেবল পরিবেশগত নয়, অর্থনৈতিকও। হিমালয়ের বরফ ও তুষার দ্রুত পরিবর্তিত হওয়ায় এই ধরনের ঝুঁকি নিয়ে আঞ্চলিক উদ্বেগ ক্রমেই বাড়ছে। আর বাংলাদেশের অবস্থান এই ভূ-প্রাকৃতিক শৃঙ্খলের একেবারে শেষ প্রান্তে।

এরপর ৩৬ পৃষ্ঠায়






ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

## বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভুবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আইঃ) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আইঃ) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খযরজের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্‌রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহ্হামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মঅহমিকা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'ঊনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং অওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যস্থলে হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'ঊনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইম্মা'ওয়ান্নুহ্ নীন্ নিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। আর দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও ভিন্নমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উপস্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা হতভম্ব হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহর কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আইঃ) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আইঃ) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা অযৌক্তিকভাবে বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আইঃ) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাদুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আইঃ) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফ্ফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রেম দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES



## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
(To schedule appointment only)



Michael Taub, Esq.



Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

**বিনামূল্যে পরামর্শ**

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দুর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)







## ক্লায়েন্টদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney
Michigan Only.



Attorney
Michigan Only.



Attorney
New Jersey Only



Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only

## WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# নতজানু হয়ে সমঝোতা নয়

আধিপত্যবাদী ভারতের কাছে আত্মসমর্পণ করার পরিণতি জাতীয় পার্টি হাড়ে হাড়ে টের পাচ্ছে। বিএনপি জেনেশুনে সেদিকে পা বাড়ানোর অর্থ হলো, রাজনৈতিক আত্মহত্যার শামিল। বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রশ্নে কোনো আপস হতে পারে না। আর সেই সার্বভৌমত্বকে অক্ষুণ্ন রেখেই আধিপত্যবাদী যে কোনো শক্তির সঙ্গে আলোচনায় বসতে হবে, নইলে নয়-এ নীতিটিই আজ সবচেয়ে বেশি প্রয়োজন। বাংলাদেশের প্রশ্নে ভারত এ প্রথম মানকের চিপায় পড়েছে। বাংলাদেশের স্বার্থে সরকার এবং বিরোধী দল এক হয়েছে, যেমন ভারত নিজ স্বার্থে সবাই এক থাকে। তাই ভয় পেয়ে সমঝোতা নয়; আবার সমঝোতা করতে ভয় পাওয়া নয়। নতজানু হয়ে নয়, মাথা উঁচু করে দাঁড়াতে হবে সমঝোতার প্রশ্নে

মেজর (অব.) মনজুর কাদের



পূর্ব বাংলা ১৯৪৭ সালের ১৪ আগস্ট পাকিস্তানের অংশ হওয়ার পেছনে মুসলিম বাঙালি জাতীয়তাবাদ ছিল প্রধান রাজনৈতিক ভিত্তি। বিশেষ করে ১৯৪০-এর দশকে মুসলিম লীগের পাকিস্তান সৃষ্টির আন্দোলনকে পূর্ব বাংলার মুসলিম সংখ্যাগরিষ্ঠ জনগোষ্ঠী সমর্থন দিয়েছিল। ১৯৪১ সালের আদমশুমারি অনুযায়ী এখানে মুসলমানরা সংখ্যাগরিষ্ঠ ছিল। দ্বিজাতিতত্ত্ব ও মুসলিম জাতীয়তাবাদ মুসলিম লীগের পাকিস্তান দাবির রাজনৈতিক ভিত্তি তৈরি করে। এছাড়া ব্রিটিশ ঔপনিবেশিক সরকারের অধীনে ১৯৪৬ সালে অনুষ্ঠিত নির্বাচনে পূর্ব বাংলায় মুসলিম লীগের ব্যাপক সাফল্য পাকিস্তান গঠনের পক্ষে জনসমর্থনের বিষয়টি গুরুত্বপূর্ণ হয়ে ওঠে।

**রাজনীতিতে স্নায়ুযুদ্ধের প্রভাব**

১৯৫০ সালে স্নায়ুযুদ্ধ দ্রুত তীব্রতর হয়, যদিও এর সূচনা ১৯৪৬ সাল থেকেই স্পষ্ট হয়ে উঠেছিল। বিশেষ করে ১৯৫০ সালকে একটি গুরুত্বপূর্ণ মোড় বলা যায়; কারণ, ১৯৪৯ সালে সোভিয়েত ইউনিয়ন পারমাণবিক বোমার পরীক্ষা করে, একই বছর চীনে কমিউনিস্ট পার্টির নেতৃত্বে বিপ্লব সফল হয়। ১৯৫০ সালে কোরীয় যুদ্ধ শুরু হলে যুক্তরাষ্ট্র ও সোভিয়েত-চীনসমর্থিত কমিউনিস্ট বিশ্বের মধ্যে সামরিক সংঘাতের আশঙ্কা সরাসরি বেড়ে যায়। যুক্তরাষ্ট্র ১৯৪৯ সালে গঠিত ন্যাটোকে শক্তিশালী করে এবং পশ্চিম ইউরোপে সামরিক প্রতিরক্ষা জোরদার করে। সোভিয়েত নেতৃত্ব পূর্ব ইউরোপে নিজেদের প্রভাব আরও সুসংহত করে। ফলে বিশ্ব ক্রমশ যুক্তরাষ্ট্রের নেতৃত্বাধীন পশ্চিমা ব্লক এবং সোভিয়েত নেতৃত্বাধীন কমিউনিস্ট ব্লকে বিভক্ত হয়ে পড়ে। এর প্রভাব দক্ষিণ এশিয়ার দেশগুলোতেও পড়ে।

**ন্যাটোকে মোকাবিলায় ওয়ারশ প্যাক্ট**

স্নায়ুযুদ্ধ চলাকালে সোভিয়েত ইউনিয়ন ও পূর্ব ইউরোপের সমাজতান্ত্রিক দেশগুলোর মধ্যে ওয়ারশ প্যাক্ট নামে একটি সম্মিলিত সামরিক প্রতিরক্ষা চুক্তি ১৯৫৫ সালের ১৪ মে পোল্যান্ডের ওয়ারশ শহরে স্বাক্ষরিত হয়। পশ্চিম জার্মানির সামরিকীকরণ ও ন্যাটোতে যোগদানের প্রতিক্রিয়ায় সোভিয়েত ইউনিয়ন এ জোট গঠন করে। ১৯৫০-এর দশকে পারমাণবিক অস্ত্র প্রতিযোগিতা, সামরিক জোট, গোয়েন্দা যুদ্ধ ও প্রক্সি যুদ্ধ স্নায়ুযুদ্ধকে আরও তীব্র করে।



এভাবে ১৯৪৬-৪৯ সালে গড়ে ওঠা স্নায়ুযুদ্ধের কাঠামো ১৯৫০ সালের কোরীয় যুদ্ধের পর তা প্রকৃত অর্থে বৈশ্বিক ও সামরিকভাবে তুঙ্গের দিকে এগিয়ে যায়। এ সময় পাকিস্তান যুক্তরাষ্ট্রের দিকে ঝুঁকে পড়ে, আর ভারত আশ্রয় নেয় সোভিয়েত ইউনিয়নের ছাতার নিচে।

**নতুন ইতিহাস সৃষ্টি**

স্নায়ুযুদ্ধের প্রভাবে পূর্ব বাংলার পরবর্তী ইতিহাস নতুন করে গড়ে উঠতে থাকে। একটি বড় বৈপরীত্য তৈরি হয় : ১৯৪৭ সালে মুসলিম বাঙালি জাতীয়তাবাদ পূর্ব বাংলাকে পাকিস্তানের সঙ্গে যুক্ত করলেও ১৯৫২-১৯৭১ সময়কালে ভাষা, বাঙালি জাতীয়তাবাদ, অর্থনৈতিক বৈষম্য ও রাজনৈতিক স্বায়ত্তশাসনের প্রশ্ন ক্রমে সেই পাকিস্তানি জাতীয় পরিচয়কে চ্যালেঞ্জ করে এবং এর সুযোগ নেয় সোভিয়েত ইউনিয়ন। ভারত সোভিয়েত ইউনিয়নের সঙ্গে বন্ধুত্ব ঘনিষ্ঠ করে এবং ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান বিভক্ত করে পূর্ব বাংলায় মুসলিম বাঙালি জাতীয়তাবাদের রাজনীতির কফিনে শেষ পেরেকটি ঠুকে দেয়।

স্বাধীনতার পর বাংলাদেশের সংবিধানে ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্রের লেবাস পরিয়ে দেওয়া হয়। শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭৫ সালের ২৫ জানুয়ারি সংবিধানের চতুর্থ সংশোধনীর মাধ্যমে গণতন্ত্র হত্যা করে একদলীয় রাজনীতির পথ উন্মুক্ত করা হয় এবং ২৪ ফেব্রুয়ারি আনুষ্ঠানিকভাবে বাকশাল গঠন করা হয়।

**ক্রান্তিকালের রাজনীতি**

দেশের এ চরম ক্রান্তিকালে ১৯৭৫ সালের ১৫ আগস্ট সামরিক অভ্যুত্থানে রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমান সপরিবারে নিহত হলে বাংলাদেশের রাজনীতির গতিপথ বদলে যায়। অভ্যুত্থান সম্পর্কে মেজর শরিফুল হক ডালিমের দেওয়া ঘোষণার পর বাংলাদেশ জিন্দাবাদ এবং 'বাংলাদেশ বেতারে'র পরিবর্তে 'রেডিও বাংলাদেশ' ঘোষণার পর সর্বস্তরের মানুষ আবার দেশে মুসলিম বাঙালি জাতীয়তাবাদের রাজনীতির আবহ দেখতে পান। আবার মাথা উঁচু করে দাঁড়াতে থাকে বাংলাদেশের দেশপ্রেমিক জনতা।

**পাল্টা অভ্যুত্থান ব্যর্থ : জিয়াউর রহমানের পুনরুত্থান**

ব্রিগেডিয়ার খালেদ মোশাররফের নেতৃত্বে ৩ নভেম্বর পাল্টা অভ্যুত্থান ঘটলে তা ৭২ ঘণ্টার মধ্যে ব্যর্থ হয় এবং জনপ্রিয় সেনাপ্রধান মেজর জেনারেল জিয়াউর রহমান বীর উত্তম বন্দি অবস্থা থেকে মুক্ত হয়ে ৭ নভেম্বর ভোরবেলায় ভাষণ দেওয়ার সময় স্বাধীনতা এবং সার্বভৌমত্ব রক্ষার দৃঢ় সংকল্প ব্যক্ত করার পর বাংলাদেশ জিন্দাবাদ বলায় রাজনীতি আবার নির্ধারিত হয়ে যায় এবং ভারতীয় আধিপত্যবাদী শক্তি প্রমাদ গুনতে থাকে।

**প্রতিবেশীও বদলে যায়**

প্রতিবেশী সাধারণত বদলানো যায় না; কিন্তু বিগত স্নায়ুযুদ্ধের সময় অনেক দেশ ভেঙে টুকরো টুকরো হওয়ার কারণে প্রতিবেশী বদলে গেছে। প্রতিবেশীর অন্যায়, চাপ বা আধিপত্য মেনে নিয়েই বসবাস করতে হবে-এমন কোনো নিয়ম নেই। গ্রামের সাধারণ মানুষও খারাপ প্রতিবেশীর সঙ্গে বসবাস করতে গিয়ে নিজের সীমানা এরপর ২৮ পৃষ্ঠায়

# মক্কা জোটে যোগ দেওয়া জরুরি নয়

আলতাফ পারভেজ

সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের সমন্বয়ে স্বাক্ষরিত 'মক্কা প্যাক্ট' শুধু একটি আঞ্চলিক সমঝোতা নয়, বরং বিশ্ব নিরাপত্তাব্যবস্থায় এক নতুন ভূরাজনৈতিক আলোচনা সৃষ্টি করেছে। এ চুক্তির লক্ষণীয় বৈশিষ্ট্য হলো, এতে স্বাক্ষরকারী দেশ তিনটি ভৌগোলিকভাবে পরস্পরের সীমান্তসংলগ্ন নয়। মধ্যপ্রাচ্য ও দক্ষিণ এশিয়ার ভিন্ন তিনটি অঞ্চলের এই তিন রাষ্ট্রের নিজস্ব কিছু ঐতিহাসিক ও নিরাপত্তাসংক্রান্ত পটভূমি রয়েছে।

ইসরায়েল ও ইরানের ভূরাজনৈতিক হুমকি মোকাবিলায় সৌদিদের নিরাপত্তা শঙ্কা, আঞ্চলিক প্রতিদ্বন্দ্বিতায় তুরস্কের কৌশলগত অবস্থান এবং ভারতের সঙ্গে ক্রমবর্ধমান সামরিক উত্তেজনায় মুখোমুখি পাকিস্তান- এ তিন দেশের স্বার্থের জায়গাগুলো একবিন্দুতে এসে মিলেছে। বিশেষ করে যুক্তরাষ্ট্রের নিরাপত্তা প্রতিশ্রুতির ওপর আস্থা হ্রাস পাওয়ায় সৌদি আরবের বাড়তি উদ্যোগে এ সামরিক জোট দ্রুত রূপ লাভ করেছে।

মূলত সৌদি অর্থসম্পদ, তুরস্কের আধুনিক সামরিক প্রযুক্তি ও পাকিস্তানের মাঠপর্যায়ের সামরিক অভিজ্ঞতার এক ত্রিমুখী সমন্বয় ঘটেছে এ জোটে। দক্ষিণ এশিয়ার আঞ্চলিক রাজনীতিতে এ প্যাক্টের তাৎক্ষণিক ও নেতিবাচক প্রভাব পড়তে শুরু করেছে। পাকিস্তান এ সামরিক বলয়ে যুক্ত হওয়ায় ভারতের নীতিনির্ধারণী মহলে নিরাপত্তাহীনতার বোধ ও সামরিক চাপ আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। এর ফলে উদ্ভূত কৌশলগত ভারসাম্য রক্ষা করতে ভারত এখন ইসরায়েলের মতো রাষ্ট্রের সঙ্গে নিজেদের কূটনৈতিক ও সামরিক সম্পর্ককে আরও নিবিড় ও গভীর করতে বাধ্য হবে।

একদিকে পাকিস্তান-তুরস্ক এবং অন্যদিকে ভারত-ইসরায়েল অক্ষ শক্তিশালী হওয়ার ফলে গোটা দক্ষিণ এশিয়ায় একটি তীব্র অস্ত্র প্রতিযোগিতা ও সামরিক উত্তেজনা ছড়িয়ে পড়বে। বিশ্বব্যাপী সমরাস্ত্র ব্যবসার সঙ্গে যুক্ত আন্তর্জাতিক লবি ও শক্তিশালী সিন্ডিকেটগুলো এ সুযোগে এই অঞ্চলে নিজেদের বাজার সম্প্রসারণে সক্রিয় ভূমিকা রাখবে। এই অনাকাঙ্ক্ষিত সামরিক প্রতিযোগিতার পরোক্ষ অথচ মারাত্মক ক্ষতিকর প্রভাব পড়বে বাংলাদেশের ওপর।

প্রথমত, বাংলাদেশ একটি সীমিত সম্পদের দেশ। আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ সামরিক লবিগুলোর প্রভাবে বাংলাদেশের ওপর সামরিক বাজেট ও কেনাকাটা বাড়ানোর এক ধরনের পরোক্ষ উসকানি সৃষ্টি হতে পারে। রাষ্ট্রীয় সম্পদের বড় একটি অংশ যদি অপ্রয়োজনীয় অস্ত্র সম্ভার ও সামরিকায়নের পেছনে ব্যয় হয়, তবে তা সরাসরি দেশের উন্নয়ন বাজেট ও জনস্বার্থকে ক্ষতিগ্রস্ত করবে। বর্তমান অর্থনৈতিক বাস্তবতায় যখন সাধারণ মানুষ বিদ্যুৎ, জ্বালানি, গ্যাস বা কৃষিক্ষেত্রে সারের সংকটে ভুগছে, তখন জাতীয় অগ্রাধিকার হওয়া উচিত অভ্যন্তরীণ এ মৌলিক ঝুঁকিগুলো দূর করা। মিসাইল বা নতুন যুদ্ধবিমান সংগ্রহ করে অভ্যন্তরীণ অর্থনৈতিক বা জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব নয়।

দ্বিতীয়ত, বাংলাদেশের নীতিনির্ধারকদের মধ্য থেকে মক্কা প্যাক্টে যোগদানের বিষয়ে যেভাবে আগ্রহ প্রকাশ করা হচ্ছে, তা দেশের দীর্ঘমেয়াদি ভূরাজনৈতিক নিরাপত্তার জন্য মারাত্মক ঝুঁকিপূর্ণ হতে পারে। বলা হচ্ছে, এটি শুধু একটি 'মুসলিম পারিবারিক জোট'; অথচ এ যুক্তিটি নিতান্তই বিভ্রান্তিকর ও অসংলগ্ন। ইতিহাসের দিকে তাকালে দেখা যায়, চুক্তিভুক্ত রাষ্ট্রগুলোর হাতে সহধর্মী মুসলিম জনগোষ্ঠীর রক্তের দাগ রয়েছে-যেমন ইয়েমেনিদের ওপর বোমাবর্ষণ, আফগান কিংবা বাঙালিদের ওপর সামরিক নির্যাতন বা কুর্দি সংকট। গাজা গণহত্যা, কাশ্মীর সংকট কিংবা রোহিঙ্গা সংকটের সময় এই তথাকথিত জোটে থাকা রাষ্ট্রগুলোর কার্যকর কোনো সমন্বিত অবস্থান দৃশ্যমান হয়নি। মূলত নিজেদের ব্যর্থতা ও স্বার্থকে ধর্মীয় আবরণে ঢেকে রাখার একটি প্রয়াস এখানে রয়েছে।



সর্বাপেক্ষা গুরুতর বিষয়টি হলো, মক্কা প্যাক্টে কোনো সদস্য রাষ্ট্র আক্রান্ত হলে অন্যান্য সদস্য দেশ সামরিকভাবে তার পাশে দাঁড়ানোর বাধ্যবাধকতার নীতি রয়েছে। এ শর্তের কারণে বাংলাদেশ যদি এই জোটে আনুষ্ঠানিকভাবে যোগ দেয়, তবে তা দেশকে অন্যের সামরিক সংঘাতের ক্ষেত্র করে তুলতে পারে। উদাহরণস্বরূপ, ভারত-পাকিস্তানের ভবিষ্যৎ সংঘাত, কিংবা সৌদি আরব-ইরান বা তুরস্ক-ইসরায়েল মুখোমুখি হলে বাংলাদেশকে না চাইতেও সেই প্রক্সি ওয়ার বা পরোক্ষ যুদ্ধে জড়িয়ে পড়তে হবে। এতে দেশের অভ্যন্তরীণ সামাজিক ভারসাম্য বিনষ্ট হতে পারে এবং বাংলাদেশকে একটি প্রক্সি যুদ্ধের ভূগোলে পরিণত করার সুযোগ তৈরি হবে।

বাংলাদেশের জন্মলগ্ন থেকেই আমাদের মূল সাংবিধানিক অঙ্গীকার ও পররাষ্ট্রনীতির ভিত্তি হলো 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বৈরিতা নয়' এবং কোনো সামরিক জোটে না জড়ানোর নিরপেক্ষ অবস্থান। সম্প্রতি চব্বিশের গণঅভ্যুত্থানের একটি অন্যতম চেতনা ছিল একটি স্বাধীন ও ভারসাম্যপূর্ণ পররাষ্ট্রনীতি চর্চা করা-যেখানে বাংলাদেশ কোনো বিশেষ অক্ষ বা পরাশক্তির দিকে হেলে পড়বে না। কোনো ভূরাজনৈতিক অক্ষের প্ররোচনায় মক্কা জোটে অংশ নিলে বাংলাদেশ অন্য দেশের আঞ্চলিক বিবাদগুলোকে গায়ে পড়ে নিজের কাঁধে তুলে নেবে। দ্বিপক্ষীয় ভিত্তিতে বিভিন্ন বন্ধুত্বপূর্ণ দেশের সঙ্গে প্রতিরক্ষা সহযোগিতা রক্ষা করা ইতিবাচক হলেও কোনো এরপর ২৮ পৃষ্ঠায়



বিএনপির কোনো কোনো নেতার অভিযোগ, পতিত আওয়ামী লীগ ও জামায়াত মিলে দেশকে অস্থিতিশীল করতে চায়। এ জন্য তারা তৌহিদী জনতা দিয়ে কখনো কনসার্ট, কখনো নৌকাবাইচের মতো নিখাদ বিনোদনের আয়োজন ঘিরে উত্তেজনা তৈরি করে। কিন্তু ক্ষমতাসীন দলের কাজ তো শুধু অভিযোগ করা নয়। দেশে আইনের শাসন প্রতিষ্ঠা ও গণমানুষের জীবনমানকে উন্নত করা তাদের অঙ্গীকার। নিরাপত্তার স্বার্থে অনুষ্ঠান বন্ধ করে দেওয়া কোনো সমাধান নয়। প্রতিশ্রুতি অনুযায়ী সৃজনশীল অর্থনীতির বাধা সরকারকেই দূর করতে হবে। বই পড়া, খেলাধুলা, সংস্কৃতি চর্চা এবং সামাজিক মূল্যবোধ রক্ষার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এসব বাস্তবায়ন হলে দেশ থেকে গোঁড়ামি-ভণ্ডামি দূর হবে বলে বিশ্বাস করে সাধারণ মানুষ


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# শ্রদ্ধায় কবি শহীদ কাদরী

মোহাম্মদ মহিবুর রহমান

লেখকের অঙ্গন দীর্ঘদিন ধরে নবীন ও প্রবীণ লেখকদের মধ্যে একটি সুন্দর সেতুবন্ধন রচনা করে চলেছে। এই আয়োজন বাংলা সাহিত্যের অন্যতম প্রধান কবি শহীদ কাদরীকে স্মরণ করে। আগস্ট মাসেই তাঁর জন্মবার্ষিকী ও মৃত্যুবার্ষিকী। লেখক অঙ্গনের ২৮তম পর্বটি প্রিয় কবিকে নিয়েই।

শহীদ কাদরী মূলত কবি হিসেবে বাংলা সাহিত্যে বিশেষভাবে পরিচিত। তবে তাঁর সাহিত্যচর্চার একটি গুরুত্বপূর্ণ দিক ছিল অনুবাদ। কবিতার পাশাপাশি তিনি বিদেশি কবিতা, গদ্য, উপন্যাস ও নাটক বাংলায় অনুবাদ করেছেন। এর মাধ্যমে বাংলা ভাষার পাঠকদের সঙ্গে বিশ্বসাহিত্যের একটি গুরুত্বপূর্ণ সংযোগ স্থাপন করেছেন। তাঁর অনুবাদে শুধু ভাষান্তর নয়, বিশ্বসাহিত্যের প্রতি তাঁর গভীর অনুরাগ, বিস্তৃত পাঠাভ্যাস এবং সাহিত্যবোধেরও পরিচয় পাওয়া যায়। সাহিত্যে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ তিনি ১৯৭৩ সালে বাংলা একাডেমি পুরস্কার এবং ২০১১ সালে একুশে পদক লাভ করেন।

তাঁর অনূদিত উল্লেখযোগ্য রচনার মধ্যে রয়েছে অমৃতের সন্তান ও আবর্ত। এসব অনুবাদের মাধ্যমে তিনি ভিন্ন দেশ, ভিন্ন সমাজ ও ভিন্ন সংস্কৃতির মানুষের জীবন, সংকট ও মানবিক অভিজ্ঞতাকে বাংলা পাঠকের কাছে তুলে ধরেছেন। বিশেষ করে 'অমৃতের সন্তান'-এ বর্ণবাদ, শ্বেতাঙ্গ আধিপত্য, কৃষ্ণাঙ্গ মানুষের সামাজিক অবস্থান এবং আন্তঃবর্ণ সম্পর্কের সংকট অত্যন্ত গুরুত্বপূর্ণভাবে উঠে এসেছে। ফলে এটি শুধু একটি বিদেশি নাটকের বাংলা ভাষান্তর নয়, বরং একটি ভিন্ন সমাজ ও সংস্কৃতির জটিল সামাজিক বাস্তবতাকে বাংলা ভাষার পাঠপরিসরে নিয়ে আসার একটি গুরুত্বপূর্ণ সাহিত্যিক প্রয়াস। শহীদ কাদরীর অনুবাদচর্চাকে তাই কেবল ভাষান্তর হিসেবে দেখলে এর গুরুত্ব অনেকটাই কমিয়ে দেখা হবে। তিনি বিদেশি সাহিত্য থেকে এমন সব রচনা বাংলায় নিয়ে এসেছেন, যেখানে ব্যক্তিগত জীবন ও প্রেমের সঙ্গে বৃহত্তর সামাজিক বৈষম্য, বর্ণবিদ্বেষ এবং মানবিক সংকট গভীরভাবে যুক্ত। তাঁর নিজস্ব সাহিত্যিক সংবেদনশীলতা, ভাষাবোধ এবং আধুনিক মনন এই অনুবাদগুলোকে আরও তাৎপর্যপূর্ণ করে তুলেছে। একটি ভিন্ন ভাষা ও সংস্কৃতির সাহিত্যকর্মকে বাংলা পাঠকের কাছে গ্রহণযোগ্য করে তোলার ক্ষেত্রে তাঁর অনুবাদসত্তার দক্ষতার পরিচয়ও এখানে স্পষ্ট।

আমি বিশেষভাবে তাঁর অনূদিত নাটক অমৃতের সন্তান নিয়ে আলোচনা করব। নাটকটির মূল নাট্যকার মার্কিন সাহিত্যিক ইউজিন ও'নিল। নাটকটির ইংরেজি নাম: All God's Chillun Got Wings এবং শহীদ কাদরীর অনুবাদকৃত বাংলা নাম 'অমৃতের সন্তান'। সংস্করণটির প্রকাশনা সংক্রান্ত তথ্য হলো- প্রকাশনী: কবি প্রকাশনী, স্বত্ব: নীরা কাদরী, প্রকাশকাল: ডিসেম্বর ২০২৪ ইংরেজি (পুনঃমুদ্রণ), প্রচ্ছদ: সব্যসাচী হাজরা। নাটকটি প্রথম মঞ্চায়িত হয় ১৯২৪ সালে। এটি দুই অঙ্ক ও সাতটি দৃশ্যে বিভক্ত। শহীদ কাদরীর করা এই বাংলা ভাষান্তর প্রকাশ পায় আষাঢ় ১৩৭৪ বঙ্গাব্দ বা ইংরেজি ১৯৬৭ সালের জুলাইতে।

'অমৃতের সন্তান'মূলত বর্ণবৈষম্য, শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গ সমাজব্যবস্থা, সামাজিক অবস্থান, প্রেম, বিবাহ এবং মানবিক সম্পর্কের জটিলতা নিয়ে নির্মিত। ব্যক্তিগত ভালোবাসার সঙ্গে সামাজিক বৈষম্য ও বর্ণবিদ্বেষের সংঘাত নাটকটির অন্যতম প্রধান বিষয়। নাটকের মাধ্যমে বোঝা যায়, মানুষে মানুষে ভালোবাসা ও সম্পর্ক যতই গভীর হোক না কেন, সমাজের প্রচলিত বর্ণবাদী মানসিকতা কখনো কখনো সেই সম্পর্ককে কঠিন পরীক্ষার মুখোমুখি দাঁড় করায়। বিশেষ করে শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গ মানুষের সামাজিক বিভাজন, পারস্পরিক সম্পর্ক এবং আন্তঃবর্ণ বিবাহের সংকট নাটকটিকে গভীর মানবিক ও সামাজিক তাৎপর্য দিয়েছে। এই কারণে 'অমৃতের সন্তান' শুধু প্রেমের নাটক নয়; এটি একই সঙ্গে বর্ণবাদ, সামাজিক বৈষম্য এবং মানুষের অন্তর্গত মানবিকতার একটি নাট্যরূপ। নাটকে উল্লেখযোগ্য চরিত্রগুলোর মধ্যে রয়েছে-জিম হ্যারিস, মিসেস হ্যারিস-জিমের মা, হেটি-জিমের বোন, এলা, ডনি, শর্টি, জো, মিকি এবং শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গ সমাজের বিভিন্ন চরিত্র। চরিত্রগুলোর পারস্পরিক সম্পর্কের মধ্য দিয়ে নাট্যকার বর্ণবৈষম্য ও সামাজিক বিভাজনের বিভিন্ন দিক তুলে ধরেছেন। নাটকটি দুই অঙ্কে বিভক্ত এবং মোট সাতটি দৃশ্য রয়েছে। এই দৃশ্যবিন্যাসের মধ্য দিয়ে সময়ের পরিবর্তনের পাশাপাশি চরিত্রগুলোর জীবন, সম্পর্ক ও মানসিক অবস্থার পরিবর্তনও ধীরে ধীরে প্রকাশিত হয়েছে। শহীদ কাদরীর অনুবাদে 'অমৃতের সন্তান' বাংলা সাহিত্যের পাঠককে শুধু একটি বিদেশি নাটকের গল্পের সঙ্গে পরিচিত করে না; বরং একটি ভিন্ন সমাজের বর্ণবাদী বাস্তবতা, মানুষের মানসিক দ্বন্দ্ব এবং সামাজিক সংকটের সঙ্গে পরিচয় করিয়ে দেয়। একটি ভিন্ন ভাষা ও সংস্কৃতিতে রচিত নাটককে বাংলা ভাষায় রূপান্তর করতে গিয়ে অনুবাদককে শুধু শব্দের অর্থান্তর করলেই চলে না; তাঁকে মূল রচনার আবহ, চরিত্রের মনস্তত্ত্ব, সামাজিক বাস্তবতা এবং সাংস্কৃতিক প্রেক্ষাপটও ধারণ করতে হয়। শহীদ কাদরীর সাহিত্যিক সংবেদনশীলতা ও ভাষাবোধ এই অনুবাদকে সেই দিক থেকে বিশেষ তাৎপর্য দিয়েছে।



সবশেষে বলা যায়, শহীদ কাদরীর সাহিত্যিক পরিচয় মূলত কবি হিসেবে প্রতিষ্ঠিত হলেও তাঁর অনুবাদচর্চা তাঁর বিশ্বসাহিত্য-মনস্কতা ও বিস্তৃত সাহিত্যবোধের একটি গুরুত্বপূর্ণ দিক তুলে ধরে। ইউজিন ও'নিলের 'All God's Chillun Got Wings'-এর বাংলা রূপ 'অমৃতের সন্তান' সেই অনুবাদ-ঐতিহ্যের একটি মূল্যবান নিদর্শন। শহীদ কাদরীকে স্মরণ করা মানে শুধু একজন কবিকে স্মরণ করা নয়; তাঁর অনুবাদচর্চার মধ্য দিয়ে বিশ্বসাহিত্যের সঙ্গে বাংলা সাহিত্যের যে সেতুবন্ধন তিনি নির্মাণ করেছিলেন, তাকেও নতুন করে আবিষ্কার করা।



শহীদ কাদরীর সাহিত্যিক সংবেদনশীলতা ও ভাষাবোধ এই অনুবাদকে সেই দিক থেকে বিশেষ তাৎপর্য দিয়েছে। সবশেষে বলা যায়, শহীদ কাদরীর সাহিত্যিক পরিচয় মূলত কবি হিসেবে প্রতিষ্ঠিত হলেও তাঁর অনুবাদচর্চা তাঁর বিশ্বসাহিত্য-মনস্কতা ও বিস্তৃত সাহিত্যবোধের একটি গুরুত্বপূর্ণ দিক তুলে ধরে। ইউজিন ও'নিলের 'All God's Chillun Got Wings'-এর বাংলা রূপ 'অমৃতের সন্তান' সেই অনুবাদ-ঐতিহ্যের একটি মূল্যবান নিদর্শন। শহীদ কাদরীকে স্মরণ করা মানে শুধু একজন কবিকে স্মরণ করা নয়; তাঁর অনুবাদচর্চার মধ্য দিয়ে বিশ্বসাহিত্যের সঙ্গে বাংলা সাহিত্যের যে সেতুবন্ধন তিনি নির্মাণ করেছিলেন, তাকেও নতুন করে আবিষ্কার করা

# জৈন্তার ভাষা : ঐতিহ্যের এক স্মারকের নাম

মিলন কান্তি দাস

একটি অঞ্চলের ভাষাকে উপেক্ষা করে সেই অঞ্চলের প্রকৃত ইতিহাস রচনা করা যায়না। ভাষা ইতিহাসকে সমৃদ্ধ করে। ইতিহাস ঐতিহ্য ও সংস্কৃতির সাথে সেই অঞ্চলের ভাষা সম্পর্কিত ও সমন্বিত। সুতরাং জৈন্তাপুরের ভাষা জৈন্তা অঞ্চলের মানুষের ঐতিহ্যের একটি অবিচ্ছেদ্য অংশ। জৈন্তার এই ভাষাকে বাঁচিয়ে রাখতে হবে এই অঞ্চলের মানুষের ইতিহাস ঐতিহ্য ও নিজস্বতার অন্যতম পরিমাপক বা মানদন্ড হিসেবে। ভাষা বাঁচিয়ে রাখতে যেমন তার চর্চা প্রয়োজন,তেমনি প্রয়োজন যেকোন আঞ্চলিক ভাষা বা উপভাষার শব্দ ভান্ডার দিয়ে সাহিত্য চর্চা করো। জৈন্তার ইতিহাস ঐতিহ্যকে বাঁচিয়ে রাখতে হলে অবশ্যই এই অঞ্চলের মানুষের কথ্য ভাষাকেও বাঁচিয়ে রাখতে হবে। এই দায়িত্বটুকু আমার, আপনার, সকলের

সিলেট জেলার মোট উপজেলার সংখ্যা বর্তমানে ১৩ টি। তার মধ্যে অন্যতম ৪টি উপজেলা হচ্ছে জৈন্তা, গোয়াইনঘাট, কোম্পানীগঞ্জ ও কানাইঘাট। এই ৪টি উপজেলা প্রাচীন জৈন্তা রাজ্যের অর্ন্তগত ছিল। তাছাড়া বর্তমান ভারতের আসাম ও মেঘালয়ের কিছু অংশ ছিল প্রাচীন জৈন্তা রাজ্যের অংশ। জৈন্তা রাজ্য আনুমানিক ১৫০০ খ্রীস্টাব্দ থেকে ১৮৩৫ খ্রীস্টাব্দ পর্যন্ত একটি স্বাধীন রাজ্য ছিল। জৈন্তার রাজধানী ছিল নিজপাট। মুঘল শাসকরা অনেক চেষ্টা করেও জৈন্তা রাজ্যকে তাদের অন্তর্ভুক্ত করতে পারেনি। বংশ পরম্পরায় খাসিয়া রাজারা ৩০০ বছরের বেশী সময় জৈন্তা রাজ্য শাসন করেন। ১৮৩৫ সালে জৈন্তা রাজ্য ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়। আর তারই মধ্য দিয়ে স্বাধীন জৈন্তা রাজ্যের অবসান ঘটে। তবে অবিভক্ত জৈন্তার ইতিহাস ঐতিহ্যকে এখনো এই জনপদের মানুষ ধারন করে। এখনো জৈন্তা রাজার আমলের অনেক প্রাচীন স্থাপনা বা স্মৃতিচিন্হ এই জনপদে রয়ে গেছে। এখনো অনেক বিষয়ে প্রাচীন জৈন্তা রাজ্যের ১৭ পরগণার মানুষ ঐক্যমত পোষণ করে।



বৃহত্তর জৈন্তা সিলেট জেলার অর্ন্তগত। এখানে সিলেটি ভাষাটাই এই জনপদের মানুষের মূল আঞ্চলিক ভাষা। কিন্তু প্রতিটি আঞ্চলিক ভাষার মধ্যেও কিছু উপভাষা থাকে। উপভাষা সাধারনত কয়েক কিলোমিটার পরপর পরিবর্তন হয়। উপভাষা ও আঞ্চলিক ভাষার মধ্যে অনেকগুলো বিষয়ের মিল থাকলেও অনেকগুলো বিষয়ে পার্থক্যও লক্ষ্য করা যায়। এই পার্থক্যটা যেমন উচ্চারণে,তেমনি ধ্বনিতে,তেমনি শব্দে,তেমনি বাক্যে। কিন্তু জৈন্তাপুরের মানুষের মুখে শোনা প্রাচীন সেই আঞ্চলিক উপভাষাটি যেন কালের পরিবর্তনের সাথে সাথে হারিয়ে যাচ্ছে। জৈন্তার উপভাষাটি মুলত সিলেটি আঞ্চলিক ভাষার শব্দ ও জৈন্তার উপভাষার কিছু শব্দের সমন্বয়ে মিশ্রিত একটি ভাষা। কিন্তু আজকের এই দিনে এই ভাষার এই শব্দগুলোর দেখাও খুব কম মিলে।

জৈন্তাপুরের উপভাষার কিছু শব্দ ছিল বা এখনো কিছু প্রচলিত আছে--যা আমরা ছোটবেলা খুব বেশী শোনতাম। কালের পরিবর্তনে এই শব্দগুলো এখন আমাদের খুবই কম শোনা হয়। এখানে কয়েকটি বাক্য বলছি-যা কেবলমাত্র জৈন্তা অঞ্চলের উপভাষার বাক্য। সিলেটের অন্য কোন অঞ্চলের সাথে এই অঞ্চলের এই বাক্যগুলোর কোন মিল খোঁজে পাওয়া যাবেনা। এটাই হচ্ছে একটি উপভাষার স্বাতন্ত্রতা বা স্বার্থকতা। যেমনঃ মুই ইতা খাম না। এই বাক্যটি সিলেটের অন্য কোন অঞ্চলের মানুষ নাও বুঝতে পারে। কিন্তু একজন প্রকৃত বৃহত্তর জৈন্তা অঞ্চলের মানুষ এই বাক্যটি খুব সহজেই বুঝতে পারবে। এই বাক্যটির শুদ্ধ বাংলা হলো--আমি এগুলো খাইনা। আর সিলেটি আঞ্চলিক ভাষায় হলো--আমি ইতা খাই না। এমন আরেকটি জৈন্তাপুরের নিজস্ব বাক্য হলো--হি একলাস্থু আইছে দারু কাবাত। এই কথাটির শুদ্ধ বাংলা হলো--সে এখন আসছে কাঠ কাটতে। আর সিলেটি আঞ্চলিক ভাষায় এই বাক্যটি হলো--হে এখন আইছে লাকড়ি কাবাত। আরেকটি জৈন্তার নিজস্ব বাক্য হলো--তুই কয়গুল্লি রে? শুদ্ধ বাংলায় এই বাক্যটি হলো--তুই কে? আর সিলেটি আঞ্চলিক ভাষায় এই বাক্যটি হলো--তুই কে রে?

এইভাবে জৈন্তা অঞ্চলের কিছু আঞ্চলিক উপভাষার শব্দ রয়েছে, যেই শব্দগুলো এই অঞ্চলকে সিলেটের অন্যান্য অঞ্চল থেকে পৃথক বা স্বাতন্ত্রিক বৈশিষ্ট্য বা বিচিত্রতার জানান দেয়। যেমন-দারু (কাঠ), হি (সে), মুই (আমি), মর (আমার), একলা (এখন), হুনা (ছোট শিশু), ছুটা (ছেলে), ছুটি (মেয়ে), খাম (খাওয়া), যাম (যাওয়া), আম (আসবো), দুয়াই (ঔষধ)--এই শব্দগুলো কেবলমাত্র জৈন্তা অঞ্চলের মানুষের একান্ত নিজস্ব শব্দ। এরকম শত শত শব্দ রয়েছে। যে শব্দগুলো কেবল জৈন্তা অঞ্চলের মানুষের মুখে শোনা যায়। অথচ, আজকের এই একবিংশ শতাব্দীর যুগে এই শব্দগুলো যেন কালের স্রোতে বিলীন হয়ে যাচ্ছে। কিন্তু এটা মোটেও প্রত্যাশিত নয়। একটি অঞ্চলের ইতিহাস ঐতিহ্যের সাথে সেই অঞ্চলের ভাষারও একটা গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। একটি অঞ্চলের ভাষাকে উপেক্ষা করে সেই অঞ্চলের প্রকৃত ইতিহাস রচনা করা যায়না। ভাষা ইতিহাসকে সমৃদ্ধ করে। ইতিহাস ঐতিহ্য ও সংস্কৃতির সাথে সেই অঞ্চলের ভাষা সম্পর্কিত ও সমন্বিত। সুতরাং জৈন্তাপুরের ভাষা জৈন্তা অঞ্চলের মানুষের ঐতিহ্যের একটি অবিচ্ছেদ্য অংশ। জৈন্তার এই ভাষাকে বাঁচিয়ে রাখতে হবে এই অঞ্চলের মানুষের ইতিহাস ঐতিহ্য ও নিজস্বতার অন্যতম পরিমাপক বা মানদন্ড হিসেবে। ভাষা বাঁচিয়ে রাখতে যেমন তার চর্চা প্রয়োজন,তেমনি প্রয়োজন যেকোন আঞ্চলিক ভাষা বা উপভাষার শব্দ ভান্ডার দিয়ে সাহিত্য চর্চা করো। জৈন্তার ইতিহাস ঐতিহ্যকে বাঁচিয়ে রাখতে হলে অবশ্যই এই অঞ্চলের মানুষের কথ্য ভাষাকেও বাঁচিয়ে রাখতে হবে। এই দায়িত্বটুকু আমার,আপনার, সকলের।

লেখক: কবি ও ইতিহাস ঐতিহ্য গবেষক।



জৈন্তা রাজবাড়ীর ভগ্নাংশ

# GOLDEN AGE HOME CARE

GOLDEN AGE HOME CARE

## সম্মানিত কমিউনিটির সকলের অবগতির জন্য

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু অসাধু ব্যবসায়ী ও ব্যক্তি **Golden Age Home Care**-এর ধারাবাহিক অগ্রগতি ও সাফল্যে ঈর্ষান্বিত হয়ে আমাদের প্রতিষ্ঠান সম্পর্কে বিভিন্ন ধরনের মিথ্যা, বিভ্রান্তিকর ও বানোয়াট তথ্য ও গুজব ছড়ানোর অপচেষ্টা করছেন।

আমরা স্পষ্টভাবে জানাতে চাই,
**এসব প্রচারণা সম্পূর্ণ ভিত্তিহীন ও অসত্য।**

**Golden Age Home Care** সবসময় সততা, দায়িত্বশীলতা ও আন্তরিকতার সঙ্গে কমিউনিটির মানুষের পাশে থেকে সেবা দিয়ে যাচ্ছে এবং **ভবিষ্যতেও সেবার অঙ্গীকার করছে।**

কোনো গুজব বা বিভ্রান্তিকর তথ্যে বিশ্বাস না করে, **Golden Age Home Care** সম্পর্কে যেকোনো তথ্য বা প্রশ্নের জন্য সরাসরি আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

## যোগাযোগ

718-775-7852 | 646-591-8396


ZILLUR TAX ACCOUNTING & INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


PEOPLE N TECH
A Global Leader In IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC
Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208







# নিউইয়র্কে বিএনপির ৪৮-তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

৬৪ পৃষ্ঠার পর

অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসব অনুষ্ঠানে বিএনপির প্রতিষ্ঠা থেকে শুরু করে বর্তমান পর্যন্ত বিভিন্ন বিষয়ের পাশাপাশি চলতি মাসে জাতিসংঘের অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রী তারেক রহমানের যুক্তরাষ্ট্র সফরের নানা বিষয় আলোচনা হয়। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে গত ১ সেপ্টেম্বর নিউইয়র্কের জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় সমাবেশ করেছে যুক্তরাষ্ট্র বিএনপি। জাতীয় ও দলীয় পতাকা, ব্যানার-ফেস্টুন আর স্লোগানে মুখরিত হয়ে ওঠে পুরো এলাকা। এ সময় কেক কাটার মধ্য দিয়ে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করেন নেতাকর্মীরা।

উপস্থিত ছিলেন- বিএনপির কেন্দ্রীয় সদস্য ও যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লুর, বিএনপির কেন্দ্রীয় সদস্য মিজানুর রহমান ভূঁইয়া মিল্টন, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ-সভাপতি শরাফত হোসেন বাবু, সাবেক কোষাধ্যক্ষ জসিম ভূঁইয়া, সাবেক যুগ্ম সম্পাদক আব্দুল সবুর, গোলাম ফারুক শাহীন ও মোশাররফ হোসেন সবুজ, যুবদলের কেন্দ্রীয় সহ-সভাপতি আবু সাঈদ আহমেদ, নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি অলিউল্লাহ আতিকুর রহমান ও সাধারণ সম্পাদক সাইদুর রহমান সাঈদ, নারী নেত্রী নীরা রব্বানী, বিএনপি নেতা দেওয়ান কাউসার, মাকসুদ চৌধুরী প্রমুখ।

অনুষ্ঠানের মূল আলোচনায় ছিল আগামী ২১ সেপ্টেম্বর বিএনপির চেয়ারম্যান ও বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের নিউইয়র্ক আগমন। তাকে স্বাগত জানাতে যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্য থেকে ব্যাপক অংশগ্রহণের প্রস্তুতির কথা জানান নেতারা। ডাইভারসিটি প্লাজার সমাবেশে আগামী ২১ সেপ্টেম্বর দলের চেয়ারম্যান প্রধানমন্ত্রী তারেক রহমানের নিউইয়র্ক আগমনকে বিশেষ গুরুত্ব দিয়ে আলোচনা করা হয়। তার সফরকে ঘিরে নিউইয়র্কসহ যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যের বিএনপি নেতা-কর্মীদের মধ্যে ইতোমধ্যে ব্যাপক উৎসাহ তৈরি হয়েছে বলে জানান নেতারা। ডাইভারসিটি প্লাজায় উপস্থিত নেতা-কর্মীদের আলোচনার বড় অংশজুড়ে ছিল আগামী ২১ সেপ্টেম্বর।

ব্রুকলিনে অনুষ্ঠান : এদিকে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে গত ২ সেপ্টেম্বর ব্রুকলিনের বৈঠক খানা রেস্টুরেন্টেও যুক্তরাষ্ট্র বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনের উদ্যোগে এ সভা অনুষ্ঠিত হয়। এতে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে যুক্ত হন বিএনপির ভাইস চেয়ারম্যান ড. আসাদুজ্জামান রিপন। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত ও বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। এতে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, খালেদা জিয়া ও আরাফাত রহমান কোকোর রুহের মাগফিরাত কামনা করা হয়। পাশাপাশি প্রধানমন্ত্রী তারেক রহমানের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়। মহান মুক্তিযুদ্ধ ও জুলাই আন্দোলনের শহীদদের জন্যও দোয়া করা হয়। সভায় সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র বিএনপির প্রতিষ্ঠাতা সভাপতি ও বিএনপির চেয়ারপার্সনের সাবেক পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা ড. মজিবুর রহমান মজুমদার। তিনি তার বক্তব্যে জিয়াউর রহমানের রাজনৈতিক দর্শন, বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে তার অবদানের কথা তুলে ধরেন। একই সঙ্গে খালেদা জিয়ার রাজনৈতিক সংগ্রাম এবং তারেক রহমানের নেতৃত্ব নিয়েও বক্তব্য দেন।

আলোচনা সভা যৌথভাবে সঞ্চালনা করেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম আনোয়ার এবং বাংলাদেশ জাতীয়তাবাদী ফোরাম যুক্তরাষ্ট্রের সাবেক সাধারণ সম্পাদক মোতাহার হোসেন।

সভায় আরও বক্তব্য দেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহসভাপতি আলহাজ সোলায়মান ভূঁইয়া, নিয়াজ আহমেদ জুয়েল, সৈয়দ মুরাদুল হাসান রেজা, জাকির এইচ চৌধুরী, সায়েদুল হক, ডা. শামীম দেওয়ান, মাকসুদ চৌধুরী, নাঈম আহমেদ, সৈয়দা মাহমুদা শিরিন, শেখ আলী, এম শফিকুল ইসলাম, ডা. তারেক জামান, নূর আলম, হাবিবুর রহমান হাবিব, শেখ জহির, ফরহাদ হোসেন মৃধা, মোরশেদ আলম ও মোহাম্মদ নুরুজ্জামান সরদারসহ যুক্তরাষ্ট্র বিএনপি ও এর অঙ্গ সংগঠনের নেতারা। একই সঙ্গে জাতিসংঘের ৮১তম সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য সফর ঘিরেও প্রস্তুতি সভা করা হয়।


এস্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ




ইউনাইটেড অটো রিপেয়ার

ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়

38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101


## রাজুর খুনি অ্যাকোস্টা নিউইয়র্কে গ্রেফতার

১ পৃষ্ঠার পর

মালিকদের একটি সংগঠন তাকে গ্রেফতারে সহায়ক তথ্যের জন্য ১০ হাজার ডলার পুরস্কারের ঘোষণা দিয়েছিল।

নিউ ইয়র্কে রাজু ও টেনালিতে বাংলাদেশি সাহেদ রানা মহসিন হত্যাকাণ্ডে বাংলাদেশি কমিউনিটিতে ক্ষোভ ও উদ্বেগ বিরাজ করছিল। বৃহস্পতিবার ব্রুকলিনে রাজুর জানাজা পড়ার সময় হত্যাকারির গ্রেফতার ও শাস্তির দাবিতে অনেকে স্লোগানও দেন। শুক্রবার রাজুর লাশ বাংলাদেশে পাঠানোর ২৪ ঘণ্টার মধ্যে সন্দেহভাজন হত্যাকারি অ্যাকোস্টা (৩১) গ্রেফতার হয়।

গত শনিবার ২৩ আগস্ট ভোররাতে ব্রুকলিনে নিজ কর্মস্থলে সন্দেহভাজন অ্যাকোস্টার গুলিতে রাজু প্রাণ হারান। ব্রাউনসভিল এলাকায় অবস্থিত একটি খাবারের দোকানে বাংলাদেশি মোহাম্মদ রাসেলও গুলিতে আহত হন। রাসেলের বন্ধু ও সহকর্মী রাজু হাসপাতালে মারা যান। রাজু দুই কন্যা সন্তানের বাবা ছিলেন।

দুই দিন পর মঙ্গলবার মধ্যরাতের কিছুক্ষণ পর ব্রুকলিনের বেনসোনহার্স্ট এলাকায় ১৫৯ ডেলি নামের একটি দোকানে প্রবেশ করেন বলে অ্যাকোস্টার বিরুদ্ধে অভিযোগ রয়েছে। সেখানে গুলিতে আহত ৩৩ বছর বয়সী টেইজন ভলারকে হাসপাতালে নেওয়া হয়। পরে তিনি মারা যান।

পুলিশের তথ্য অনুযায়ী, অ্যাকোস্টার বিরুদ্ধে এর আগে ১৩টি গ্রেফতারের রেকর্ড রয়েছে। মাত্র ১৪ বছর বয়সে সশস্ত্র ডাকাতির অভিযোগে প্রথমবার তাকে গ্রেফতার করা হয়। নিউইয়র্কের পাতাল রেল স্টেশনে এক ব্যক্তিকে গুলি করার ঘটনায় তিনি ১০ বছর কারাগারে ছিলেন। গত এপ্রিল মাসে শর্তসাপেক্ষ মুক্তিতে কারাগার থেকে বের হন তিনি।

# এই সপ্তাহের কবিতা



## সন্তান চোখের মণি

### মো. রজব আলী

বাবা মায়ের কাছে সন্তান চোখের মণি,
বিচার কভু নাহি করে গরিব ধনী।
মায়ের কোলে সন্তান স্বর্গ সুখে থাকে,
সকল মায়ে সন্তান যতন করে রাখে।

মায়ের হাতে ধরে যখন হেঁটে চলে,
তোতলা মুখে আধো কথা তখন বলে।
মা জননী সব সময় খুব যত্ন করে,
ধীরে ধীরে হাঁটায় নিজের হাতে ধরে।

পশু যেমন আপন শাবক রাখে নীড়ে,
সকল মায়ে সন্তান রাখে তেমন ঘিরে।
সন্তান যখন কিশোর বয়স পাঠশালে যায়,
যেতে আসতে রাস্তায় নজর রাখে তার মায়।

কর্ম করে ঘর্ম ঝরে বাবা সেই লোক,
সন্তান মানুষ করতে বাবা সয় কত শোক।
দিনেরাতে কর্ম করে তনু হয় ক্ষয়,
এসব কষ্টের কথা বাবা কভু না কয়।

মা আর বাবা মক্কার কাবা সন্তান যত,
সকল সময় সন্তান মাথা রেখো নত।
এসব পরম বাণী যারা মেনে যাবে,
পরকালে স্বর্গ সুখ তারাই পাবে।



## শরতের মধুর সাজ

### আসাদুজ্জামান খান মুকুল

শরৎকালে আকাশ তলে
ভাসে মেঘের ভেলা,
রোদের সঙ্গে রঙে-ঢঙে
খেলায় রঙের খেলা!

কাশের ফুলে ওঠে দুলে
ঝিরিঝিরি বায়ে,
রাখাল বসি বাজায় বাঁশি
বটের শীতল ছায়ে।

সবুজ ঘাসে শিশির হাসে
প্রভাতে আর সাঁঝে,
পদ্মের হাসি ফুটে রাশি
পঙ্কের জলের মাঝে।

শিউলি তলে সদলবলে
কিশোরীরা ছুটে,
অলি সেথায় ঘুরে বেড়ায়
ফুলের মধু লুটে!

শরৎশোভা মনোলোভা
আমার বাংলাদেশে,
চাঁদের হাসি রাশি রাশি
ছড়ায় রাতে এসে!



## খাঁচা ছেড়ে গেলো পাখি

### লুৎফুর রহমান চৌধুরী

অন্ধের মত বিশ্বাস করে
ভালোবেসে গেলাম,
সেই পাখিটার কাছে আজকে
অনেক কষ্ট পেলাম।

রেখে ছিলাম বুকে তাকে
বড়ো আদর করে
তারই জন্য আজও আমার
চোখের পানি ঝরে।

খাঁচা থেকে উড়ে গেলো
আমার মায়ার পাখি
শেষ বারের মতো তাহার
দেখা হয়নি আঁখি।

মনের যতো সুখ যে ছিলো
তাকে দিয়ে ছিলাম
ভুল করে সেই যন্ত্রণা হায়
আজ ক্রয় করে নিলাম।

যতই দূরে থাক যে পাখি
আমায় ছেড়ে তবে,
আমার মনে কষ্ট দিয়ে
হয়তো সুখে রবে।



## প্রজন্মের বিষ

### সাঈদুর রহমান লিটন

মাকড়সা প্রজন্ম বাড়ায়, নিজে মরে,
পরিণতি জেনেও মানুষ লাফ দেয় ফেনিল সমুদ্রে।
অজ্ঞতার বিষ যে কত গভীর, বোঝে না কেউ
মাদকের নেশায় মানুষ খোঁজে ক্ষণিকের সুখ।

প্রজন্মে তিক্ততা থাকলেও মোহ এসে টানে,
তরুণ মাকড়সা ঘুরে বেড়ায় জালে জালে।
দিগভ্রান্ত তরুণ হারিয়ে যায় অন্ধকারে
মাদক নিজ ধর্ম তোলে না, বিষই বিষ বলে।



## বৃষ্টি

### আনজানা ডালিয়া

বৃষ্টি
তুমি এক সুরের ধ্বনি,
আমি তোমায় পেয়ে ধনী,
বৃষ্টি
তোমায় নিয়ে আর কেউ এতো ভাবে?
তুমিও কি আমায় একলা ছেড়ে যাবে?
বৃষ্টি
আমি স্বপ্ন আঁকি তোমার ঝিরিঝিরি গায়,
তোমায় নিয়ে মন হারায় দুরন্ত হাওয়ায়,
বৃষ্টি
তোমার ছোঁয়ায় মন নাচে তুমি উচ্ছল যখন
তুমিও কি ছেড়ে যাবে, প্রশ্নটা এমন।





## স্বপ্নের বাড়ি ছেড়ে আগাছার ভাগাড়ে

### ইকবাল খান

রাস্তার পাশে ঘাসঢাকা উঁচু জমিটিতে
শুয়ে আছে শত শত বছর আগের বিস্মৃত মানুষ।
একদিন তাদেরও ছিল ঘরবাড়ি, ছিল ঘর বাঁধার স্বপ্ন,
সন্তানকে ঘিরে দীর্ঘ নির্ঘুম রাতের আকুল অপেক্ষা-
যেন আগামী প্রজন্ম পায় এক আলোকময় জীবন।

আজ তারা হারিয়ে গেছে সময়ের অতলে।
এই পথে প্রতিদিন হাজার মানুষের যাতায়াত,
অথচ এই কবরগুলোর পাশে ক্ষণিকের জন্য
থামার সময় কারো নেই।

মাটির গভীরে নিঃশব্দে জমা হয়ে আছে
তাদের বহু অপূর্ণ গল্প আর মুছে যাওয়া স্মৃতি।
তারা ভেবেছিল সন্তানের হৃদয়ে
তাদের উষ্ণতা জেগে থাকবে চিরকাল,
কিন্তু সময় বড় মমতাহীন এক রূপকার।

মানুষ চলে গেলে ধীরে ধীরে বিলীন হয় তার কণ্ঠ,
স্মৃতির পর্দা থেকে মুছে যায় মুখ
আর নামের শেষ চিহ্নটি।

অবশেষে ধূলোবালিতে পড়ে থাকে নীরব এক কবর,
তার সারা গা লতাপাতায় ছেয়ে যায়,
কোনটি কার কবর কেউ আর খোঁজে না।

মনে হয় শতাধিক বয়সী আগাছার ভাগাড়,
আর তার পাশ ঘেঁষে ছুটে চলে, ব্যস্ত পৃথিবী,
দ্রুতগামী পথিকের চরণধ্বনি।



## কৃষাণ বাড়ি

### মাসুদ রানা

মাঠ পেরোলে সোনার গাঁও
পাকা ধানের ধারা,
মনের সুখের গান ধরেছে
কৃষক দলে তারা।

পাকা ধানের ঘ্রাণে ঘ্রাণে
হাওয়ায় ভেসে আসছে,
নীল আকাশে মেঘের দলে
ভেসে ভেসে যাচ্ছে।

রাখাল ছেলে বাড়ি ফিরে
সন্ধ্যাবেলা যাচ্ছে,
সাদা বগে সারি সারি
মাঠে দিয়ে আসছে।

কৃষাণ বাড়ি ধানের গন্ধ
কুটুম পাখি ডাকছে,
চড়ুই পাখি শালিক পাখি
খুঁটে খুঁটে খাচ্ছে।

আম পেকেছে জাম পেকেছে
গাছে পাকা লিচু,
সোনার গায়ে ভরা ফলে
আরো অনেক কিছু।



## প্রিয় কবি নজরুল

*(উৎসর্গ: সাম্যের কবি ভালবাসার কবি কাজী নজরুল ইসলাম-এর প্রতি.....।)*

### এম. সোহেল রানা

ও মোর প্রিয় কবি কাজী নজরুল......
তুমি ছিলে বিশ্ব মানবতার তরে মুক্তির দূত,
তুমি মোদের যুগিয়েছো অনুপ্রেরণা শক্তি ও সাহস
বিদ্রোহী কবিতা লেখায় তোমার নির্ভীক কলম ছিল মজবুত।

তুমি আপন চোখে দেখেছো ইংরেজদের দুঃশাসন
দেখেছো সাধারন মানুষের জীবন-জীবিকার কি উৎপীড়ন
কলমি বিদ্রোহে ইংরেজরা পাইনি বসতে আস্থার সিংহাসন,
ফলে ইংরেজরা তোমায় করিয়েছে কারা বরণ
সহ্য করেছো তুমি নিষ্ঠুর কত নির্মম নির্যাতন।

ও মোর প্রিয় কবি কাজী নজরুল.....
তুমি ছিলে দুই বাংলার মানবের তরে সাঁকো বন্ধন,
তুমি আছো শুয়ে সমাধীপরে আজানের ধ্বনি শুনে
তোমার লাগি আজো অশ্রু শিক্ত সজলে ঝরে ক্রন্দন।

তোমার কবিতায় আজো শক্তি যোগায় চলতে পথ অনির্বাণ
তুমি আছো মিশে সবার হৃদয়ে হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রীষ্টান
দেখনি কাউরে লেখনি কোথাও কোন ভেদাভেদ ছিলনা মানসিকতা
বজ্রের মত গর্জে উঠেছো কোথাও লঙ্ঘন হলে মানবতা।

# এই সপ্তাহের কবিতা



## শোকার্ত নেপালের জন্যে এলিজি
### লুৎফর রহমান রিটন

প্রকৃতি বিরূপ হলে তছনছ করে দেয় সব,
ভেসে যায় জনপদ থেমে যায় সব কলরব।
থেমে যায় কোলাহল ফুল পাখি পাহাড়ের গান,
বাড়ি-গাড়ি-সম্পদ লোকালয় শত শত প্রাণ....
শোকার্ত নেপালের জল বায়ু
পাহাড়ের বুক--
মানব সভ্যতাকে কোন কথা
কহে উৎসুক?....
দম্ভ অহংকার নিমেষেই এক লহমায়--
মাটি ও ধুলার সাথে পলকেই যায় মিশে যায়....
প্রকৃতির কাছে আহা মানুষেরা কতো অসহায়!
প্রাণ-প্রকৃতির শোকে
ধ্বস্ত নেপাল শুধু মর্সিয়া গায়....



## মা
### রকিবুল ইসলাম

মাগো! জননী আমার!
কেমন আছ একলা তুমি অচিন দেশে?
এখন কি তোমার অক্ষি-যুগলে ঘুম নামে তোমার খোকার ঘুম না পাড়িয়ে?
আমি তো এখন নির্ঘুম রাত যাপি!
তোমার কণ্ঠে ঘুম পাড়ানি গান না শুনলে ঘুম যে আর আসেনা যে!
মাগো! জননী আমার!
ওপারেও কি তোমার কোন খোকা আছে?
হয়ত আছে!তা না হলে আমায় তুমি ভুলে থাকো কি করে!
মাগো! জননী আমার!
তোমার স্বর্ণ ভুনের সেই খোকার মাথায় প্রতি রাতে দাও হাত বুলিয়ে?
মাগো! জননী আমার!
তুমি কি এখনও ডুকরে কেঁদে ওঠ আমি ব্যাথা পেলে?
ভাবি আমি কভু কাঁদো,কভু আবার ওপারের খোকারে নিয়ে থাকো ব্যস্ত।
তোমার কাঁদুনীর অঝোর ধারায় সিক্ত হয় ধরা কভু,
আবার শুকালে চোখের জল কভু ভোগে প্রবল খরায়।
মাগো! জননী আমার!
তুমিহীনা আমার কাঁটে না গো বেলা।
তোমারও কি এমন করে বয়ে যায় বেলা!?
মাগো! জননী আমার!
কাঁদে না আর সোনা।
আসছি আমি ভবের মায়া সাঙ্গ করে পেতে তোমার আঁচলের ছায়া।



## কংক্রিটের শহরে বিবেকের লাশ
### আরিয়ান আহমেদ

যে শহর থুতু ফেলে পকেটে লুকিয়ে রাখে
ন্যায়ের সমস্ত খতিয়ান,
সেই শহরের ইটের ভাঁজে আজও কাঁদে
এক মুঠো পোড়ামাটির প্রাণ।

এখানে রোদের গায়েও লেখা থাকে
মেকআপ-ঢাকা মুখের ইতিহাস,
প্রেমিকাও চুম্বনের আগে হিসাব কষে
কার কাছে কতটুকু লাভ-ক্ষতির আশ্বাস।

ড্রেনের কালো জলে ভেসে ওঠা লাশটি
কোনো মানুষের নয়-
সে এই সভ্যতার বিবেক,
যাকে ডাস্টবিনে ফেলে আমরা উৎসব করি
আর গলায় ঝুলাই বিজয়ের জয়।

তাসের ঘরের মতো ভেঙে পড়া নীতিবাক্য
আজ ব্যানার হয়ে ঝোলে পথের ধারে,
মানুষও এখানে পণ্য হয়ে দাঁড়ায়
দু'পয়সার দামে বিক্রি হয়
ফুটপাতের অন্ধকার বাজারে।

চোখের পলকে বদলে যায় রঙ,
মুখোশের আড়ালে মুখগুলো বড় চেনা
এই শহরে ভালোবাসাও পণ্য
প্রতিটি অনুভূতির গায়ে
লেখা থাকে নির্দিষ্ট কেনাবেচার দাম।

সিমেন্টের বস্তার নিচে চাপা পড়ে আছে
অসংখ্য নক্ষত্রের অসমাপ্ত স্বপ্ন,
পুড়ে গেছে শৈশব, পুড়ে গেছে পবিত্রতা
কংক্রিটের এই ইটভাটায়
মানুষই আজ নিজের শ্মশান নির্মাণ করে।

তবু শহর জেগে থাকে-
নিয়নের আলোয় ঢেকে রাখে সব ক্ষত;
শুধু কোনো এক গভীর রাতে
নিঃশব্দ দেয়ালের গায়ে লেখা থাকে
"সভ্যতা বেঁচে আছে,
শুধু মানুষটি আর নেই।"



## ষড়ঋতুর রূপ
### সুফিয়ান আহমদ চৌধুরী

বৈশাখ আসে ঝড় তুফানে
জৈষ্ঠ্যেতে আম পাকে,
আষাঢ় মাসে বৃষ্টি বাদল
গর্জনে মেঘ ডাকে।

শ্রাবণ মাসে বন্যা নামে
ভাদ্রে রোদ হাসে,
চারদিকে জল থৈ থৈ
পানিতে সব ভাসে।

আশ্বিনে ওই প্রকৃতি সাজে
কার্তিকে পড়ে সাড়া,
অগ্রহায়নে নতুন ধানে
মেতে ওঠে পাড়া।

পৌষের দিনে বাংলার ঘরে
পিঠার পড়ে ধুম,
মাঘের দিনে হাড় কাঁপানো
শীত দিয়ে যায় চুম।

ফাল্গুনে কী যে পলাশ বনে
লাল পলাশ ফুটে,
চৈত্র আসে গাঁও গেরামে
মেলায় মন ছুটে।

ষড়ঋতুর রূপ আমার
বাজায় প্রাণে বাঁশি,
চাঁদের হাটে স্বদেশ খুঁজি
উজালা মুখে হাসি।



## মায়াবী রাত!
### শ্যামল বণিক অঞ্জন

মায়াবী এই রাতে
জোনাকিও জ্বলছে
দূর থেকে চাঁদটাও
কিছু যেন বলছে।

ঝিকমিক চারদিক
জ্যোৎস্নায় ভাসছে
ঝিলমিল খিলখিল
রাতটাও হাসছে।

হিমহিম ঝিমঝিম
বাতাসটা বয়ে যায়
ভাবনার আঙিনায়
কিছু দাগ রয়ে যায়।



## প্রাকৃতিক সৌন্দর্যের রাঙ্গামাটি
### সুজন দাশ

পাহাড় যেমন রাঙ্গামাটির দেয় বাড়িয়ে শোভা,
জলেও তেমন টইটুম্বুর লাগেও মনোলোভা!
পাহাড়িদের টঙের বাড়ি,
হৃদয়ও মন নেয় যে কাড়ি!
ইশারাতে পাহাড় যেন ডাকতে থাকে বোবা।
লেকের মাঝে নৌকা করে ঘুরতে ভালো লাগে,
স্বচ্ছ জলে ঢেউয়ের ধারা নেয় ভাসিয়ে রাগে!
চারদিকে বন ঘন সবুজ
দেখতে এই মন হয়ও অবুঝ
উদার আকাশ অবাক হাসে সুন্দরে প্রাণ জাগে।

উপজাতি সংস্কৃতি সব এইখানে পাই খুঁজে,
বনভান্তের বুদ্ধবিহার দেখিও চোখ বুজে।
জলের নিচে রাজার বাড়ি
পাহাড়িদের শিকড় নাড়ি
মনে করায় অতীত স্মৃতি ভাবনাও দেয় গুঁজে।
কর্ণফুলী আসলো নেমে লুসাই পাহাড় হতে,
রাঙ্গামাটি হয়েই গেল চট্টগ্রামের পথে।
স্বচ্ছ ধারা নদীর জলে,
ভটভটিয়ে নৌকা চলে ;
ছুটছে মানুষ এদিক ওদিক চড়েও স্বপ্ন রথে।



## তোমার অপেক্ষায়, আজও আছি
### আশরাফুল ইসলাম মিলন

তোমার অপেক্ষায় আজও আছি
নীরব রাতের জানালায়-
চাঁদের আলো মেখে দেখি,
তুমি আছো কি আমার ভাবনায়।

আজও পথ চেয়ে থাকি,
যে পথে একদিন এসেছিলে তুমি,
তোমার পায়ের শব্দ শুনলেই মনে হয়-
ফিরে এলো আমার হারানো তুমি।

তুমি নেই, তবুও তুমি আছো,
আমার প্রতিটি নিঃশ্বাসের ভেতর,
তোমার নামটি নীরবে বাজে,
হৃদয়ের গোপন কোনো সুরের মতো নিরন্তর।

কত রাত ঘুমহীন কেটে যায়,
তোমার একটি মেসেজের আশায়,
মুঠোফোনের নিঃশব্দ পর্দায়
চোখ থেমে থাকে ভালোবাসার ভাষায়।

জানি না তুমি আসবে কবে,
তবুও অপেক্ষা ফুরায় না,
ভালোবাসা যদি সত্যি হয়-
দূরত্ব তাকে কখনো হারায় না।

তুমি যদি একদিন ফিরে আসো,
আমি কোনো অভিমান রাখব না,
শুধু তোমার হাতটা ধরে বলব-
"এবার আর দূরে যেও না।"

তোমার অপেক্ষায় আজও আছি
আজও হৃদয় তোমাকেই চায়,
তুমি আমার অসমাপ্ত প্রেমের গল্প,
যার শেষ পৃষ্ঠা আজও লেখা হয়নি-
শুধু তোমার ফিরে আসার অপেক্ষায়।



## অতৃপ্ত তৃষ্ণা নিয়ে অপেক্ষা
### খুরশীদ ইসলাম রুবেল

সবাই এসে চলে যায়,
আমি শুধু একলা পড়ে থাকি।
পায়ের নিচে বালুমাটি একটু একটু করে সরে যায়,
পাঁজরের হাড় বাঁকা হয়ে আসে ব্যথায়,
দাঁত চেপে সহ্য করি।
রাত গভীরে দীর্ঘশ্বাস বাড়ে,
দমদমিয়ে ঘামে গা,
উঠে বসে অন্ধকারে এলোমেলো
ভাবে সুইচবোর্ড খুঁজি।
লাইট জ্বালিয়ে পানির গ্লাস নিয়ে
অতৃপ্ত পিপাসায় গ্লাসে গ্লাসে জল পান করি।
তারপরও থেকে যায় স্নেহের তৃষ্ণা,
বিচ্ছেদের তৃষ্ণা,
ভালোবাসার তৃষ্ণা,
অব্যক্ত কথাগুলো বলতে না পারার তৃষ্ণা।
দু'চোখ লোনাজলে ভরা, টিস্যু পেপারে মুছি।
আমি ঠায় দাঁড়িয়ে থাকি,
করি না প্রস্থান!
আবার কেউ আসবে, আমি তার অপেক্ষায় থাকি...।

# Mamdani's free day care plan in chaos

Ajkal Desk

Mayor Zohran Mamdani's planned expansion of free child care for 2-year-olds is running into a serious problem just days before the program is set to launch, with providers saying delayed city payments are leaving them unable to cover basic startup costs.

The program is scheduled to begin Sept. 10, but some day care operators say they still have not received the funding needed for teachers, classroom supplies and furniture.



Several have warned parents that their centers may not be able to open if the money does not arrive soon, reports the New York Times.

The delays have also affected city-backed bridge loans intended to help providers cover expenses while waiting for their contracts to be processed. Some operators say they have turned to personal loans, family members and their own savings to keep their businesses running. "Yes, they have a 2-K program, but they didn't set up the infrastructure to make it work," said Nurita Love, who operates four Bronx day care centers preparing to offer four 2-K classes.

Love said her centers have monthly expenses exceeding $320,000. She took out a personal loan and a reverse mortgage on her home to cover employee wages, utilities and insurance. "I had no choice," she said, adding that this had been the most stressful period in her 43 years Continued on page 26



## Nepal Turns to Mass Burials

Ajkal Desk

Five days after an angry deluge tore through the mountain passes of Nepal, family members arriving after long journeys looked for something — anything — that could identify their loved ones amid the hundreds of mangled bodies.

In one hall in the downstream city of Bharatpur, men and women stared at a small television screen, watching a slide show of recovered remains in complete silence. Next door, another government hall turned makeshift morgue housed the 270 sets of remains whose photos had been flashing on that screen. Nearly all remained unidentified.

Bharatpur, over 100 miles from where the floods first hit, had no capacity to Continued on page 26

## Meeting with Kazi Montu

## Takes Me Back to the Golden Days of Journalism

Akbar Haider Kiron

Every time I walk into Kazi Montu's office in Jackson Heights, New York, I feel as though I have stepped into a living archive of Bangladeshi journalism. Although he has spent nearly three decades in New York, his heart and memories remain deeply rooted in the remarkable era of journalism that helped shape Bangladesh after its independence.

Kazi Montu is one of the most respected figures in the history of English-language journalism in Bangladesh. Throughout his distinguished career, he served with professionalism and integrity at leading publications including Holiday, New Nation, Morning Sun, and The Telegraph. During the Liberation War, he undertook dangerous reporting assignments across India and different parts of Bangladesh, demonstrating extraordinary courage and commitment to the profession.



Kazi Montu



Akbar Haider Kiron

When I recently visited him, our conversation was overshadowed by the passing of veteran journalist and former National Press Club President Riaz Uddin Ahmed. His death has left a profound void in the journalistic community. Whenever Riaz Bhai visited New York, meeting Kazi Montu was always among his priorities. Likewise, whenever Montu Bhai traveled to Dhaka, the two friends spent countless hours together at the National Press Club, the Dhaka Club, and many other familiar places. With visible emotion, both Montu Bhai and his wife said, "We will never see our dear friend again." Our discussion soon turned to another respected journalist, Akbar Imam, who worked with Kazi Montu at Holiday. It was Akbar Imam's encouragement that inspired me to contribute several articles to the publication, particularly on diplomacy. Although he passed away years ago, his encouragement remains one of my cherished memories from those formative years.

I often describe Kazi Montu's office as "Kazi's Court"—a place where generations of journalists, editors, photographers, and writers have gathered over the years. Distinguished media personalities, including Enayet Ullah Khan, Riaz Uddin Ahmed, Mahbubul Alam, Minar Mahmud, Kamrul Chowdhury, Abu Taher Khokon, Nasimun Nahar Nini, Pavel Rahman, Dilip Barua, and many others, have spent memorable moments there. The office has quietly become a meeting place where the history of Bangladeshi journalism is preserved through conversation and shared memories. Kazi Montu joined Holiday in 1976 under the leadership of editor Enayet Ullah Khan. In 1981, he moved to New Continued on page 27



## PM Tarek Rahman to attend 81st UN General Assembly on September 21

Ajkal Desk

Prime Minister Tarek Rahman is expected to travel to New York on September 21 to attend the 81st session of the United Nations General Assembly, according to officials at Bangladesh's Ministry of Foreign Affairs. If the schedule remains unchanged, he will later visit San Francisco during the nine-day trip.

Foreign ministry officials said preparations are under way for the prime minister's US visit. Work is also continuing to secure US visas for members of his entourage. A note verbale has been sent by the ministry to the US Embassy in Dhaka formally notifying it of the matter.

Officials concerned said the prime minister is set to deliver an address at the UN General Assembly for the first time as head of Continued on page 27

## Raju's Killer Acosta Arrested in New York

Anik Raj

New York police have arrested Jesus Acosta, the killer of expatriate Bangladeshi Yusuf Raju. The suspect was apprehended on Saturday morning, just as Raju's body was being flown to Bangladesh. The police department announced the arrest on Saturday morning following an intensive manhunt that had been underway for several days. He was arrested within 48 hours of the FBI announcing a $25,000 reward for information leading to his capture. Additionally, an association of US bodega owners had offered a $10,000 reward for information aiding in his arrest.

The killings of Raju in New York and Bangladeshi national Shahed Rana Mohsin in Tennessee had sparked outrage and anxiety within the Bangladeshi community. During Raju's funeral prayers in Brooklyn on Thursday, many chanted slogans demanding the killer's arrest and punishment. The suspect, Acosta (31), was arrested within 24 hours of Raju's body being sent to Bangladesh on Friday. Raju lost his life after being shot by the suspect, Acosta, at his workplace in Brooklyn in the early hours of Saturday, August 23. Bangladeshi national Mohammad Russell was also wounded in the shooting at the same food shop in the Brownsville area. Russell's friend and colleague, Raju, later died in the hospital. Raju was the father of two daughters.







Two days later, shortly after midnight on Tuesday, Acosta allegedly entered a shop named '149 Grill' in the Melrose area of the Bronx. There, he shot 33-year-old Taivon Schular, who was taken to the hospital but later succumbed to his injuries.

According to police records, Acosta has a history of 13 prior arrests. He was first arrested at the age of 14 on charges of armed robbery. He served 10 years in prison for shooting a person at a New York subway station and was released on conditional parole last April.

# U.S. Attacks Island in Strait of Hormuz Iran Retaliates With Missile Fire

**Shah Nawaz**



The exchange on Sunday was the first known military action between the two nations in a month, raising the risk of a renewed round of fighting.
U.S. forces attacked two Iranian rocket launchers attempting to disperse sea mines into the Strait of Hormuz on Sunday, according to U.S. Central Command. Hours later, Iran retaliated by firing a few missiles toward Jordan, all of which were intercepted, according to a person familiar with the Iranian attack who was not authorized to discuss the attack publicly. Several thousand U.S. military personal are stationed at bases in Jordan.
The U.S. attack was the first by the United States against Iran in a month and appeared to be limited rather than a resumption of large-scale American bombing. But the back-and-forth raises the risk of a new round military strikes by both sides.
Capt. Tim Hawkins, a spokesman for Central Command, said that Iran's Islamic Revolutionary Guards Corps forces had been observed preparing to launch rockets armed with mines from Larak Island into the waters of the surrounding strait, a vital shipping waterway for oil and gas.
As of last week, U.S. forces had cleared the mines that Iran had planted in the strait, according to Adm. Brad Cooper, the head of Central Command.
Immediately after the U.S. strikes, the Revolutionary Guards said the attack "will be responded to with punishment on the aggressor," according to Iran's state broadcaster. The Iranian news agency Tasnim said that two people had been killed in the strikes, a claim that could not be immediately confirmed. The Pentagon did not immediately respond to requests for comment.
The Trump administration has urged commercial vessels to make the passage, with the U.S. Navy guiding them through the southern part of the strait in Omani waters.
U.S. military officials have said that Navy ships as well as Air Force jets and Army helicopters are monitoring the strait closely and are prepared to attack Iranian forces that threaten commercial ships transiting the waterway.
Passing through the strait remains perilous. Two seafarers have been killed in the last two weeks, and another is missing. In total, there have been at least 71 attacks on ships since the start of the war, and 19 sailors have been killed.
Continued on page 26



# After Mamdani, calls to bar NY Governor Hochul from 9/11 memorial service!

**Shah Nawaz**

Political tensions are mounting surrounding the 25th-anniversary memorial service for the Twin Towers attacks. Following calls to exclude Muslim Mayor Zohran Mamdani, there are now demands to keep New York Governor Kathy Hochul away from the 9/11 memorial service as well. John McDevitt, a retired police officer and former president of the Port Authority Police Benevolent Association (NY-NJ), made this demand. The *New York Post* reported this on August 29. He stated that the Governor and the Mayor should stay home on that day. Republican senators have also sided with the victims' families who are petitioning to prevent New York City Mayor Zohran Mamdani from participating in the 25th-anniversary memorial at Ground Zero. Meanwhile, former President Donald Trump will not attend the New York memorial service; instead, he will attend the service at the Pentagon.
Speaking to Fox News Digital, Republican Senators John Kennedy and Tim Sheehy expressed opposition to Mamdani's participation in the memorial. They stated that Mamdani, a Democratic Socialist, has failed to adequately condemn Islamic extremism. With only 11 days remaining until the 25th-anniversary commemoration of the Twin Towers attacks, a heated controversy has already Continued on page 26

# The 40th FOBANA Convention Kicks Off Today Across Four North American Cities

**Monowarul Islam**

On Friday, September 4, the 40th FOBANA (Federation of Bangladeshi Associations in North America) convention will kick off simultaneously in four North American cities. Spanning three days—from September 4 to September 6—the grand event will take place in Toronto (Canada), New York (USA), Orlando (Florida), and Los Angeles (California). Bangladeshi expatriates Continued on page 26




# Tasnuva Tisha survives road accident

**Ajkal Desk**



Actress Tasnuva Tisha was involved in a road accident while returning to Dhaka after completing a drama shoot in Sreemangal. Tisha shared details of the incident during a Facebook Live shortly after midnight on Saturday (August 29). According to the actress, she and her team were travelling back to Dhaka when their vehicle was hit by a pickup truck near the toll plaza in Bhairab. "We were returning to Dhaka after wrapping up a shoot in Continued on page 27

# No more 'Aynaghar' in Bangladesh : President

**Ajkal Desk**



President Mirza Fakhrul Islam Alamgir on Sunday 30th August pledged to ensure justice for victims of enforced disappearances, saying Bangladesh would never again allow "Aynaghar" or secret detention centres to exist.
"Let me state clearly as the president of Bangladesh: there will be no more 'Aynaghar' in this independent Bangladesh. No mother will have to shed tears waiting for her child, and no wife will have to wait for her husband," he said. He was addressing a discussion marking the International Day of the Victims of Enforced Disappearances 2026 at the Bangladesh-China Friendship Conference Centre in Dhaka.
The president said all those involved in enforced disappearances would be brought to justice and face the highest punishment under the law.
But the state's responsibility, he said, would not end with punishing the perpetrators. "The state must also assume responsibility for the dignity, social security, healthcare, education, livelihoods and rehabilitation of families who have endured years of uncertainty, financial hardship and mental suffering while waiting for their loved ones," he said.
Recalling victims of enforced disappearances in Bangladesh and elsewhere, Fakhrul expressed deep sympathy for their families, many of whom have spent years waiting for their loved ones to return.
He described enforced disappearance as a crime against humanity and a grave violation of human rights, rather than an ordinary crime.
"Enforced disappearance does not merely take away a person. It takes away the happiness, peace, dreams and economic and social security of their loved ones," he said.
Referring to the past 15 years, the president said enforced disappearances, secret detention centres and killings had been used to silence those who protested against injustice, expressed dissent or demanded democratic rights.
He said state institutions under the previous "fascist government" repeatedly Continued on page 26

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

## WOVENA CONSTRUCTION INC

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

যুক্তরাজ্যের বিশিষ্ট কমিউনিটি এক্টিভিষ্ট, মূলধারার রাজনীতিবিদ,
প্রতিষ্ঠিত ব্যবসায়ী,বিসিএ ইউকের সাবেক প্রেসিডেন্ট,
চেয়ারম্যান সিভিক ভয়েস, সিলেটের কৃতি সন্তান

# জনাব পাশা খন্দকার এমবিই



যুক্তরাষ্ট্রে আগমন
শুভেচ্ছা স্বাগতম



আবু সাইদ আহমদ (সাইদ)
রাজনীতিবিদ, কমিউনিটি এক্টিভিষ্ট

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)





**বিশেষ সুবিধা:**
মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা রয়েছে।

KARNAFULLY
TRAVEL INC.

# এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
## নভেম্বর ২০২৬

### ভ্রমণ তারিখ

| জেএফকে - জেদ্দা | মদিনা - জেএফকে | মোট দিন |
|---|---|---|
| ৪ নভেম্বর | ১৪ নভেম্বর | ৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়) |

### প্যাকেজে অন্তর্ভুক্ত:

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

**KARNAFULLY TRAVEL INC.**
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372

facebook Karnafully Hajj & Umrah service

Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)

karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com

## পরম্পরা মিউজিক একাডেমির বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

পুষ্প আহ্বান মজুমদার। হারমোনিয়াম সহযোগে ছিলেন রোহন প্রভুদেশাই। সকল ছাত্রছাত্রী ও গুরুজী পণ্ডিত বিপ্লব মুখার্জির সঙ্গে তবলা সহযোগে ছিলেন একাডেমির গুরুজী ও সুপরিচিত শ্রী রবিশংকর আচার্য। হিন্দুস্তানি ক্লাসিক্যাল মিউজিকের সুরের মূর্ছনায় একটি অনবদ্য সন্ধ্যা উপভোগ করেন উপস্থিত দর্শক, শ্রোতা, শুভানুধ্যায়ীবৃন্দ।

প্রতিবছরের মত এবছরেও শিক্ষার্থীরা খেয়াল, ঠুমরী, দাদরা, ভজন ইত্যাদি গানের সফলভাবে পরিবেশন করে এবং পাশাপাশি বিভিন্ন গুণী শিল্পীদের সঙ্গীত শোনার অভিজ্ঞতা অর্জন করার সুযোগ করে দেওয়ার লক্ষ্যে একটি মনমুগ্ধকর সঙ্গীত আয়োজন সফল করেন একাডেমি কর্তৃপক্ষ। অনুষ্ঠানে শিক্ষার্থীদের এবং গেস্ট আর্টিস্ট দের সম্মাননা প্রদান করা হয়।

উল্লেখ্য পরম্পরা মিউজিক একাডেমি ২০২০ সাল থেকে নিয়মিত উত্তর আমেরিকার শিক্ষার্থীদের হিন্দুস্তানি শাস্ত্রীয় সঙ্গীতের প্রশিক্ষণ দিচ্ছে এবং শিক্ষার্থীদের সফল মঞ্চ পরিবেশনায় বহুমাত্রিক সফল ভূমিকা রেখে চলেছে। এই কর্মকাণ্ড নিরলস প্রচেষ্টায় পরিচালনা করছেন প্রখ্যাত তবলাবাদক শ্রী রবিশংকর আচার্য এবং সঙ্গীত গুরু শ্রী বিপ্লব মুখার্জি। পরম্পরা মিউজিক একাডেমি ২০০৬ সাল থেকে ভারতের বিভিন্ন স্থানে হিন্দুস্তানি শাস্ত্রীয় সঙ্গীতের শিক্ষা প্রদান করে চলেছে বলে তারা জানান।

## জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলে আবারও ধাক্কা খেলেন ট্রাম্প

১ পৃষ্ঠার পর

বিচারক। বিচারক বলেছেন, সুপ্রিম কোর্ট আগেই সিদ্ধান্ত দিয়েছে যে 'ক্লাস অ্যাকশন' বা সমষ্টিগত মামলার আওতাভুক্ত শিশুরা জন্ম থেকেই নাগরিক। এই আদেশের ফলে সংশ্লিষ্ট সংস্থাগুলো এই মামলার অন্তর্ভুক্ত ব্যক্তিদের নাগরিকত্ব অস্বীকার করতে পারবে না। বুধবার একজন ফেডারেল বিচারক ট্রাম্প প্রশাসনের একটি নতুন নির্বাহী আদেশ কার্যকর করা আটকে দিয়েছেন। জন্মসূত্রে নাগরিকত্ব পাওয়ার যোগ্য মানুষের সংখ্যা সীমিত করার লক্ষ্যে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এই আদেশটি জারি করেছিলেন। যা ছিল তাঁর আগের একটি প্রচেষ্টা সুপ্রিম কোর্ট কর্তৃক খারিজ হওয়ার পরবর্তী পদক্ষেপ। বার্তা সংস্থা রয়টার্স এ সংক্রান্ত একটি রিপোর্ট ২ সেপ্টেম্বর প্রকাশ করেছে।

মেরিল্যান্ডের গ্রিনবেল্টের মার্কিন ডিস্ট্রিক্ট জজ ডেবোরা বোর্ডম্যান একটি প্রাথমিক নিষেধাজ্ঞা জারি করেছেন। অভিবাসীদের অধিকার নিয়ে কাজ করা কর্মীরা এই নিষেধাজ্ঞার আবেদন করেছিলেন। এর আগেও মাননীয় আদালত ২০২৫ সালে জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলের ট্রাম্পের নির্বাহী আদেশ নাকচ করে দিয়েছিলেন। গেল মাসে বেপরোয়া ট্রাম্প জন্মসূত্রে নাগরিকত্ব সীমিত করতে আরেকটি নির্বাহী আদেশে দেন। এতে সন্তানদের পাসপোর্ট পেতে অভিভাবকদের নাগরিকত্ব বা গ্রীন কার্ডেও কাগজপত্র দাখিল করতে হবে। বুধবার ট্রাম্পের এ প্রচেষ্টাও আদালত নাকচ করে দেন।

৩০ জুন মার্কিন সুপ্রিম কোর্ট জন্মসূত্রে নাগরিকত্ব বাতিলের সেই প্রাথমিক প্রচেষ্টাটি খারিজ করে দিয়েছিল। ওই প্রচেষ্টাটি এমন শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য ছিল যাদের বাবা-মা মার্কিন নাগরিক বা বৈধ স্থায়ী বাসিন্দা (গ্রিন কার্ডধারী) নন। আদালত রায় দেয় যে, এই পদক্ষেপটি মার্কিন সংবিধানের ১৪তম সংশোধনীর নাগরিকত্ব সংক্রান্ত ধারার লঙ্ঘন।

'বারবারা বনাম ট্রাম্প' মামলায় সুপ্রিম কোর্টের ৬-৩ ব্যবধানের রায়ে এই ধারাটিই ছিল আলোচনার কেন্দ্রবিন্দু; এই ধারায় বলা হয়েছে, যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারী এবং "এর এখতিয়ারভুক্ত" ব্যক্তিদের নাগরিকত্ব প্রদান করা হবে।

সেই সিদ্ধান্তের পর, ৬ আগস্ট ট্রাম্প একটি নতুন আদেশে স্বাক্ষর করেন। এই আদেশে মূলত 'বার্থ টুরিজম' বা সন্তান জন্মদানের উদ্দেশ্যে ভ্রমণের বিষয়টিকে লক্ষ্য করা হয়েছিল। যাতে যুক্তরাষ্ট্রে জন্ম নেয়া শিশুরা নাগরিকত্ব না পায়। শর্ত আরোপে ছিল বাবা-মা'র স্ট্যাটাস সংক্রান্ত কাগজপত্র দাখিল। আদালত ২ সেপ্টেম্বর তাও খারিজ করে দেন।

## ৪০তম ফোবানার পর্দা উঠছে আজ

১ পৃষ্ঠার পর

প্রতিবছর প্রবাসীরা লেবার ডে উইকেন্ডে এ ধরনের সম্মেলনের জন্য অপেক্ষা করেন। বিভিন্ন শহর থেকে সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধিরা এতে অংশ নেবেন। বাংলাদেশ থেকেও আসছেন সাংবাদিক, রাজনীতিবিদ ও সাংস্কৃতিক কর্মীরা। এ সম্মেলনকে কেন্দ্র করে টরেন্টো, নিউইয়র্ক, অরল্যান্ডো ও লসএঞ্জেলসে সাজসাজ রব।

টরেন্টোতে অনুষ্ঠিত সম্মেলনের নেতৃত্ব দিচ্ছেন গিয়াস আহমেদ, শাহ নেওয়াজ, ড. আবু তুরায়ের সাত্তা ফিরোজ আলম। টরেন্টোর ডন ভ্যালি হোটেল এন্ড সুটসে ফোবানার এ অংশের সম্মেলন অনুষ্ঠিত হবে। আয়োজনে সাংস্কৃতিক পর্বে অংশগ্রহণ করবেন বিশ্বখ্যাত জাদু শিল্পী জুয়েল আইচ ও বরেণ্য অভিনয় শিল্পী ফরিদা আখতার ববিতা। । তাদের এই সম্মেলন থেকে আজীবন সম্মাননা দেয়া হবে। সাংস্কৃতিক আয়োজনে অংশগ্রহণ করবেন সঙ্গীতশিল্পী রানো নেওয়াজ, সেলিম চৌধুরী, ডলি সায়ন্তনী, জোহরা আলীম, সুকন্যা ঘোষ, পিন্টু ঘোষ, অনিক রাজ, শাহনাজ বেলি, সজীব, সনি, ফকির সাহাবুদ্দিন, আঁখি আলমগীর,, কলকাতা থেকে প্রিয়াংকা ব্যানার্জী ও ঋত্বিক। কানাডায় বাংলাদেশের হাই কমিশনার নাহিদা সোবহান এ সম্মেলনে যোগ দিবেন বলে জানা গেছে।

নিউইয়র্কের কুইন্সের অ্যাস্টোরিয়ায় ইভানজেল ক্রিশ্চিয়ান সেন্টারে ৪ থেকে ৬ সেপ্টেম্বর ফোবানার আরেকটি সম্মেলন হবে। এটির নেতৃত্ব দিচ্ছেন ড. নুরুন্নবী, জাকারিয়া চৌধুরী, দেওয়ান মনিরুজ্জামান, নুরুল আমিন বাবু ও মনজুর কাদের। এই সম্মেলনটি অতিমাত্রায় রাজনৈতিক নেতাকর্মী নির্ভর। তারা শেখ মুজিবর রহমানের ছবি সম্বলিত সম্মেলনের পোস্টার করেছে। এতে জড়িত সবাই আওয়ামী ঘরানার লোকজনই। যদিও ফোবানার গঠনতন্ত্রে অরাজনৈতিক সংগঠন হিসেবে ঘোষনা রয়েছে। তাদের এ আয়োজনের মূল স্লোগানে মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের ইতিহাসকে গুরুত্ব দেওয়া হয়েছে। উদ্যোক্তারা জানিয়েছেন, তিন দিনের সম্মেলনে থাকবে মুক্তিযুদ্ধবিষয়ক আলোচনা, বিশেষ সেমিনার, সাহিত্য ও কবিতা অনুষ্ঠান, সাংস্কৃতিক পরিবেশনা, ব্যবসা ও নেটওয়ার্কিং, নারীর ক্ষমতায়ন, অভিবাসনবিষয়ক সেমিনার এবং নতুন প্রজন্মের জন্য বিভিন্ন ইন্টারঅ্যাকটিভ আয়োজন। উত্তর আমেরিকায় বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখা প্রবাসীদের সম্মাননাও দেওয়ার পরিকল্পনা রয়েছে।

আরেকটি ফোবানা সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে ক্যালিফোর্নিয়ার লস অ্যাঞ্জেলেসে। হলিউডের অন্যতম আকর্ষণ ইউনিভার্সাল স্টুডিও'র একেবারে কাছেই হিলটন লস অ্যাঞ্জেলেস/ইউনিভার্সাল সিটিতে বসবে এবারের তিন দিনের এই কর্মযজ্ঞ। আয়োজন সম্মেলনের একটি গুরুত্বপূর্ণ সেমিনার পরিচালনা ও সঞ্চালনা করবেন সাংবাদিক খালেদ মুহিউদ্দীন। সমসাময়িক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে তাঁর সঞ্চালনায় এই আলোচনা সম্মেলনের সেমিনার পর্বে বিশেষ মাত্রা যোগ করবে বলে আশা করছেন আয়োজকেরা। এই সম্মেলনের নেতৃত্ব খালেদ রৌফ,মোয়াজ্জেম চৌধুরী, জয়নুল আবেদীন ও আবীর আরমগীর।

ফ্লোরিডার অরল্যান্ডো সম্মেলনের মূল আকর্ষণ শিল্পী তালিকা। ঘোষিত তারকাদের মধ্যে রয়েছেন- সাবিয়া সুলতানা মিষ্টি, পরীমনি, ইমরান মাহমুদুল, দিলাত জাহান মুন্নি, প্রতীক হাসান, প্রার্থনা তিন্নি, দিলশাদ নাহার কনা, আরজিন কামাল, তমা মির্জা, অনন্যা ইয়াসমিন অংকন, সাব্বু খানের এবং রফিক আহমেদ মিলন। অর্থাৎ এক মঞ্চে চলচ্চিত্র, সংগীত ও টেলিভিশনের একাধিক পরিচিত মুখকে দেখার সুযোগ পাচ্ছেন দর্শকেরা। এ সম্মেলনের নেতৃত্ব দিচ্ছেন জাহিদ হাসান, নিহাল রহিম, আনোয়ার হোসেন সেন্টু, রাসেল মিয়া, শামীম মুন্না ও একেএম হোসেইন হিটু।

তবে নির্ভরযোগ্য একটি সূত্র জানিয়েছে, শেষদিকে এসে অগোছালো ও এলোমেলো অবস্থায় পড়েছে অরল্যান্ডো ফোবানা। আগাম পেমেন্ট না দিলে জনপ্রিয় বেশ কয়েকজন শিল্পী অনুষ্ঠানে নাও যেতে পারেন। দর্শক ধরে রাখতে আয়োজকরা এক ডজনের বেশী শিল্পীর নাম প্রচার করছেন বলে জানা গেছে।

১৯৮৭ সালে ওয়াশিংটন ডিসিতে প্রথম সম্মেলন আয়োজনের মধ্য দিয়ে ফোবানার যাত্রা শুরু হয়। ফোবানার মূল লক্ষ্য ছিলো কানাডা ও যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশিদের মধ্যে ঐক্য ও সংহতি বৃদ্ধি, বাংলাদেশি সংস্কৃতি ও ঐতিহ্যকে তুলে ধরা এবং এর প্রচার ও প্রসার, বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক এবং শিক্ষামূলক কার্যক্রমের মাধ্যমে প্রবাসীদের জীবন-যাত্রার মানউন্নয়ন, যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যে নানা ক্ষেত্রে সেতুবন্ধন রচনা করা। কিন্তু গত কয়েক দশকে নেতৃত্বের কোন্দলে সংগঠনটি ৪ ভাগে বিভক্ত হয়েছে। হয়েছে ৪টি কমিটি। প্রত্যেকটি কমিটি প্রতিবছর বিভিন্ন শহরে সম্মেলন করে থাকেন। তা নিয়ে সমালোচনাও রয়েছে। অনেকেই বলেন, প্রবাসীরা কেন একটি ফোবানা সম্মেলন করতে ব্যর্থ হচ্ছেন। তবে ভিন্ন ভিন্ন সম্মেলন হলেও প্রতিটি অনুষ্ঠানে বিপুল সংখ্যক বাংলাদেশির সমাবেশ ঘটে।

## ট্রাম্প ও তারেকের সাক্ষাৎ শিগ্রই

১ পৃষ্ঠার পর

করেছেন। ওই চিঠিতে তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রশংসাও করেন। প্রধানমন্ত্রী তারেক রহমান আর দু' সপ্তাহ পরেই যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে আসছেন। জাতিসংঘের এবারের ৮১তম সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিয়ে তিনি বিশ্ব নেতৃবৃন্দের সামনে ভাষণ দেবেন। এই সুযোগে প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে তারেক রহমানের সাক্ষাৎ হবার সম্ভাবনা বেশি। তবে ট্রাম্পের আগ্রহে তাদের একান্ত একটি বৈঠকের সম্ভাবনাও রয়েছে। ট্রাম্পের বোয়িং কূটনীতির অংশ হিসেবেই এমন হতে যাচ্ছে বলে জানা যায়।

প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকার গত ১২ ফেব্রুয়ারির নির্বাচনে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় যাবার পর যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক জোরদারে আগ্রহী হয়। বিগত শেখ হাসিনার সরকারের আমলে ঢাকা-ওয়াশিংটন সম্পর্ক তলানিতে পৌঁছে ছিলো। তখন বাংলাদেশের এলিট বাহিনী র‍্যাবের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাষ্ট্র। পোশাক শিল্পসহ অন্যান্য অনেক ক্ষেত্রেই যুক্তরাষ্ট্রের সঙ্গে সহযোগিতা ক্ষতিগ্রস্ত হয়। সেই পরিস্থিতি থেকে উত্তরণে তারেক রহমানের সরকারের প্রচেষ্টায় ওয়াশিংটন ইতিবাচক সাড়া দিতে থাকে। বিশেষ করে ট্রাম্প নিজে একজন ব্যবসায়ী হওয়ায় বাণিজ্য সহযোগিতার বিষয়টি সামনে আসে। অন্তর্বর্তী সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূসের আমলে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশের সই হওয়া বাণিজ্য চুক্তি ব্যাপকভাবে বাংলাদেশের স্বার্থ ক্ষতিগ্রস্ত করেছে। তবে ধারাবাহিকতার কারণে বর্তমান সরকারও তা বাতিল করেনি। যুক্তরাষ্ট্র বিশ্বের বিভিন্ন দেশের ওপর যে হারে পাল্টা শুল্ক আরোপ করেছে; সেই তুলনায় বাংলাদেশের ওপর শুল্ক আরোপ করেছে সহনীয় মাত্রায়। বাংলাদেশের পণ্যের ওপর মার্কিন শুল্কের পরিমাণ ২০ শতাংশ।

বাণিজ্য ঘাটতি কমাতে মার্কিন পণ্য কেনার জন্যে যুক্তরাষ্ট্র বাংলাদেশের ওপর চাপ দিতে থাকে। এক পর্যায়ে বাংলাদেশ যুক্তরাষ্ট্র থেকে ১৪টি বোয়িং এয়ারক্রাফট কেনার জন্যে চুক্তি করে। গত এপ্রিলে সই হওয়া চুক্তি মোতাবেক, ওই ১৪টি এয়ারক্রাফটের দাম তিন দশমিক নয় বিলিয়ন ডলার। মার্কিন কোম্পানী বোয়িং আগামী ২০৩১ সাল থেকে ২০৩৫ সালের মধ্যে এই এয়ারক্রাফটগুলো বাংলাদেশে সরবরাহ করবে। বাংলাদেশের রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বহরে বর্তমানে ১৯টি এয়ারক্রাফট রয়েছে। তার মধ্যে ১৪টি বোয়িং এয়ারক্রাফট। এভিয়েশন বিশেষজ্ঞরা বলছেন, নতুন বোয়িং এয়ারক্রাফট বিমানের বহরে যুক্ত হবার আগেই অনেকগুলো বিদ্যমান এয়ারক্রাফট নষ্ট হয়ে যাবে। ফলে নতুন করে এয়ারক্রাফট কেনার চুক্তি কোনও উচ্চাভিলাষী কিছু নয়।

বিমানের সাবেক পরিচালক এভিয়েশন বিশেষজ্ঞ ওয়াহিদ উল আলম আজকালকে বলেন, এয়ারক্রাফট কেনা দোষের কিছু নয়। বাংলাদেশে বিমানের জন্যে এই এয়ারক্রাফট প্রয়োজন আছে। নতুন এয়ারক্রাফট ক্রয়ের চুক্তি এখনই করা না হলে এগুলি যখন সরবরাহ দেওয়া হবে তখন বিমানে এয়ারক্রাফট স্বল্পতা দেখা দিতে পারে। ডোনাল্ড ট্রাম্প এয়ারক্রাফট বিক্রি করতে পেরে খুশি হয়েছেন।

ট্রাম্প অবশ্য চিঠিতে আরও বেশ কিছু এয়ারক্রাফট কেনার আহ্বান দিয়েছেন। জানতে চাইলে ওয়াহিদ উল আলম বলেন, বোয়িংয়ের কাছ থেকে নতুন আরও ১১টি এয়ারক্রাফট ক্রয়ের আলোচনা চলছে। এগুলো ২০৩৫ থেকে ২০৪০ সাল নাগাদ সরবরাহ পাওয়া যাবে। সব মিলিয়ে বোয়িংয়ের কাছ থেকে ২৫টি এয়ারক্রাফট কেনা হবে'।

কবে নাগাদ ট্রাম্পের সঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমানের দেখা হতে পারে জানতে চাইলে যুক্তরাষ্ট্রে বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির বলেন, 'জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন চলাকালে ট্রাম্প সাধারণত লাঞ্চ কিংবা ডিনারের সময় সকল রাষ্ট্র ও সরকার প্রধানকে আমন্ত্রণ জানান। ফলে সেখানে দেখা হবে। সেটাই সৌজন্যতা বশত উল্লেখ করেছেন। তবে দ্বিপক্ষীয় সম্পর্কও জোরদার হবে'।

## কোটি মানুষের তথ্য চুরি : ডার্ক ওয়েবে বিক্রি

১ পৃষ্ঠার পর

জানতে পারেন। সেখানে তার নিজের ড্রাইভিং লাইসেন্সটি 'ফ্রি স্যাম্পল' বা বিনামূল্যে নমুনা হিসেবে দেওয়া হচ্ছিল। ফ্রেমন বলেন, 'নেক্সাস' নামের ওই পরিসেবাটিতে যুক্তরাষ্ট্র ও কানাডার বাসিন্দাদের কয়েক কোটি ড্রাইভিং লাইসেন্স ছাড়াও লাখ লাখ অন্যান্য পরিচয়পত্র, ভ্রমণ নথি এবং কয়েক লাখ মেডিকেল রেকর্ড থাকার দাবি করা হয়েছে। ফ্রেমন আরও জানান, সাইটটি চুরি করা তথ্যের ডেটাবেস রিয়েল-টাইমে (তাৎক্ষণিকভাবে) আপডেট করছে বলে মনে হয়েছে। যা ইঙ্গিত দেয় যে কোনো সক্রিয় বা চলমান তথ্য ফাঁসের ঘটনার মাধ্যমে সেখানে তথ্য সরবরাহ করা হচ্ছে। সাইবার নিরাপত্তা সংস্থা 'ইনফোব্লক্স'-এর হুমকি বিষয়ক গবেষক জ্যাক এডওয়ার্ডস বলেছেন, এই ঘটনাটি তার ব্যাপকতার দিক থেকে ছিল নজিরবিহীন।এডওয়ার্ডস বলেন, "ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত তথ্য চুরির এমন ঘটনা আগে কখনও ঘটেনি।" তিনি আরও জানান যে, ওই ওয়েবসাইটে তাঁর নিজের লাইসেন্সটিও বিক্রির জন্য পাওয়া যাচ্ছিল। এডওয়ার্ডসের মতে, তথ্য চুরির এই ঘটনাটি চলমান থাকায় "এটি নির্দিষ্ট ব্যক্তিদের জন্য জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে প্রকৃত ঝুঁকি তৈরি করেছে।"

রয়টার্স চুরি হওয়া তথ্যের উৎস নিশ্চিত করতে পারেনি। ফ্রেমন নিউ অরলিন্স-ভিত্তিক পরিচয় যাচাইকারী প্রতিষ্ঠান এর একজন প্রতিনিধির উদ্ধৃতি দিয়ে জানান যে, তারা বিষয়টি তদন্ত করছে। যারা নিজেদের 'ব্যাপক পরিসরে পরিচয়পত্র জালিয়াতি প্রতিরোধকারী' হিসেবে পরিচয় দেয়-রয়টার্সের পাঠানো একাধিক বার্তার কোনো উত্তর দেয়নি।

ফ্রেমন জানান, ড্রাইভিং লাইসেন্সের তথ্য বিক্রির প্রস্তাব দেওয়া ডার্ক ওয়েবের সাইটটি তাঁর প্রতিবেদন প্রকাশের পরপরই উধাও হয়ে যায়।

## সেলিম-আলী পরিষদের মনোনয়নপত্র সংগ্রহ

৬৪ পৃষ্ঠার পর

তারা বলেন, 'এটি শুধু আমাদের নির্বাচনী যাত্রার একটি ধাপ নয়, বরং ভোটারদের আস্থা, ভালোবাসা ও সহযোগিতা নিয়ে আরও দায়িত্বশীলভাবে সামনে এগিয়ে যাওয়ার অঙ্গীকার'। তারা বলেন, 'এই পথচলায় আমাদের পাশে থাকা বাংলাদেশ সোসাইটির সম্মানিত সদস্যবৃন্দ, সেলিম-আলী পরিষদের সকল সমর্থক, শুভানুধ্যায়ী ও স্বেচ্ছাসেবকদের প্রতি জানাই আন্তরিক কৃতজ্ঞতা। আপনাদের সহযোগিতা ও ভালোবাসাই আমাদের সবচেয়ে বড় শক্তি'। আগামী ৬ সেপ্টেম্বর ২০২৬, রোববার আনুষ্ঠানিকভাবে মনোনয়নপত্র জমা দেয়ার দিন নির্ধারণ করা হয়েছে।

বাংলাদেশ সোসাইটির দ্বি-বার্ষিক (২০২৭-২০২৯) নির্বাচনের ভোট গ্রহণ আগামী ২৫ অক্টোবর রোববার। গত সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক এবারই প্রথম তিন বছরের জন্য কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠানের পাশাপাশি বর্তমান কার্যকরী পরিষদের ১৯জন কর্মকর্তার স্থলে ২১জন কর্মকর্তা সন্নিবেশিত হয়েছে। ফলে সোসাইটিতে নতুন নতুন মুখ আসছে। অতীতের নির্বাচনগুলোর মধ্যে এবারের নির্বাচন নানাদিক থেকে আলোচিত নির্বাচনে পরিণত হতে চলেছে বলে সংশ্লিষ্টরা ধারণা করছেন। এদিকে নির্বাচন ঘিরে ইতিমধ্যেই দুটি প্যানেল প্রতিদ্বন্দ্বিতায় নামছেন। সোসাইটির বর্তমান সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর নেতৃত্বে পুনরায় 'সেলিম-আলী' প্যানেল অপরদিকে সাবেক সভাপতি আজমল হোসেন কুনু ও সমীপ সোসাইটি ইউএসএ'র সভাপতি ফিরোজ আহমেদের নেতৃত্বে 'কুনু-ফিরোজ' প্যানেল প্রচারনা শুরু করেছে। অপরদিকে বর্তমান কার্যকরী কমিটির ১৯ জন সদস্যের মধ্যে ১৩ জন কর্মকর্তা 'সেলিম-আলী'র সফল নেতৃত্বে প্রতি আস্থা রেখে পুনরায় এই প্যানেলের সাথে থেকেই আবার নির্বাচনের প্রস্তুতি নিচ্ছেন। উল্লেখ্য, বিগত নির্বাচন 'সেলিম-আলী' প্যানেল পূর্ণ প্যানেলে জয়লাভ করেছিল।

সোসাইটির বর্তমান কমিটির কার্যকরী পরিষদের একাধিক কর্মকর্তার সাথে কথা বলে জানা গেছে, তারা বর্তমান সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর নেতৃত্বে পুনরায় 'সেলিম-আলী'র নেতৃত্ব ও কর্মকান্ডের ফলে এই প্যানেলের সাথেই পুনরায় নির্বাচন করতে আগ্রহী। তারা বলছেন, ইচ্ছে থাকা সত্বেও নানা কারনে আমরা অনেক কিছু করতে পারিনি সত্য, কিন্তু পাশাপাশি অনেক সফলতাও রয়েছে 'সেলিম-আলী' পরিষদের। আমরা আগামী অসমাপ্ত কাজগুলো করতে ঐক্যবদ্ধ।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বর্তমান কার্যকরী পরিষদের যারা 'সেলিম-আলী' প্যানেলের সাথেই রয়েছেন তারা হলেন- সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজ্জামান কামরুল, সাংগঠনিক সম্পাদক- রিজভী খান, সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, জনসংযোগ ও প্রচার সম্পাদক- রিজু মোহাম্মদ, স্কুল ও শিক্ষা সম্পাদক- মোহাম্মদ হান্নান (জিলানী) এবং কার্যকরি সদস্য- হারুন রশিদ (চেয়ারম্যান), জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, আবুল কাশেম চৌধুরী, নুরুজ্জামান আহমেদ ও হাসান খান। তাদের সাথে পরিচিত আরো নতুন মুখ যোগ দিচ্ছেন বলে জানা গেছে।

## কালো ও সংখ্যালঘুদের স্কলারশীপ বন্ধ করতে হবে

১ পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয় থেকে কৃষ্ণাঙ্গ বা সংখ্যালঘু শিক্ষার্থীদের স্কলারশিপ বন্ধ হতে চলেছে। যদি কোন বিশ্ববিদ্যালয় তাদেরকে স্কলারশিপ বা আর্থিক সহায়তা দেয় তবে প্রশাসন শিক্ষা প্রতিষ্ঠানটির 'কর মুক্ত স্ট্যাটাস' বাতিল করার হুমকি দিয়েছে। ট্রেজারি ডিপার্টমেন্ট এমন নিয়ম প্রকাশ করেছে যা জাতি-ভিত্তিক কর্মসূচি থাকা স্কুলগুলোকে কর মুক্ত স্ট্যাটাস পাওয়ার যোগ্যতা থেকে তাদেরকে বঞ্চিত করবে। যা উচ্চশিক্ষা এবং বেসরকারি স্কুল উভয়ের জন্য বড় এক হুমকি বলে মনে করা হচ্ছে। এই নতুন নিয়মে হার্ভার্ড, ইয়েল ও এমআইটি'র মতো বিশ্ববিদ্যালয়গুলো তাদের কর মুক্ত স্ট্যাটাস হারাতে পারে। ট্রাম্প প্রশাসন মনে করেন, এই বৃত্তি আমেরিকার শ্বেতাঙ্গ ছাত্রছাত্রীদের বৈষম্যমূলক আচরণ (ডিসক্রিমিনেশন)। তথ্যসূত্র-নিউইয়র্ক টাইমস।

ট্রাম্প প্রশাসনের কর্মকর্তারা এই ধরনের কর্মসূচিগুলোকে শ্বেতাঙ্গ এবং এশীয় আমেরিকানদের বিরুদ্ধে এক ধরনের বৈষম্য হিসেবে দেখেন এবং ফেডারেল নাগরিক অধিকার আইনজীবীরা এই যুক্তিতে হার্ভার্ড, ইয়েল এবং অন্যান্য স্কুলের ভর্তি নীতির বিরুদ্ধে তদন্ত শুরু করেছেন।

ট্রাম্প প্রশাসন নতুন নিয়মে কৃষ্ণাঙ্গ বা অন্যান্য সংখ্যালঘু শিক্ষার্থীদের জন্য নির্দিষ্ট সহায়তা প্রদানকারী যেকোনো স্কুলের কর মুক্ত স্ট্যাটাস বাতিল করতে পারে। এই ব্যাপক পরিবর্তনের ঘটনায় আমেরিকান শিক্ষাব্যবস্থাকে নতুন রূপ দেওয়ার চেষ্টা চলছে। বৃহস্পতিবার ট্রেজারি ডিপার্টমেন্ট কর্তৃক প্রকাশিত প্রস্তাবিত বিধিমালাটি, ইন্টারনাল রেভিনিউ সার্ভিসের (আইআরএস) কর মুক্ত স্ট্যাটাস পাওয়ার জন্য স্কুল এবং অন্যান্য সংস্থাগুলোকে নির্দেশিকা অনুসরণ করতে বলা হয়। এই নিয়ম অনুযায়ী, মাধ্যমিক বিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়সহ যেকোনো স্কুল যদি ভর্তি ও বৃত্তিসহ এমন কোনো নীতি বা কর্মসূচি গ্রহণ করে, যা আইআরএস-এর মতে বর্ণবৈষম্যমূলক, তবে সেই স্কুল কর মুক্ত স্ট্যাটাস পাবে না।

কর-মুক্ত মর্যাদা হারানোর এই হুমকি, ফেডারেল গবেষণা তহবিল আটকে রেখে উচ্চশিক্ষার ওপর প্রশাসনের আরোপিত আর্থিক চাপকে আরও তীব্র করবে বলে মনে করা হচ্ছে। গত বছর, প্রেসিডেন্ট ট্রাম্প আইআরএস-কে আহ্বান জানিয়েছিলেন, হার্ভার্ডের কর-মুক্ত স্ট্যাটাস কেড়ে নেওয়া হবে। বিশেষজ্ঞদের মতে এটি ফেডারেল আইনের পরিপন্থী হবে। যদিও শিক্ষা প্রতিষ্ঠানগুলো তাদের কর-মুক্ত স্ট্যাটাস হারালেও ফেডারেল আয়কর হিসেবে খুব বেশি অর্থ পরিশোধ করতে হবে না। ট্রেজারি বিভাগ জানিয়েছে, এই নিয়মগুলোতে প্রায় ১৮,০০০ শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। শিক্ষা সংগঠনগুলো ইঙ্গিত দিয়েছে যে তারা নতুন এই নিয়মের বিরোধিতা করবে। আমেরিকান কাউন্সিল অন এডুকেশন-এর সভাপতি টেড মিচেল বলেছেন, ট্রেজারি বিভাগের জনমত গ্রহণের সময়কালে সংগঠনটি এই নিয়মের বিরোধিতা করবে। একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেছেন, আমেরিকান অ্যাসোসিয়েশন অফ ইউনিভার্সিটি প্রফেসরস-এর পক্ষ থেকে এই নিয়মটি একটি আইনি চ্যালেঞ্জের সম্মুখীন হতে পারে।

ট্রাম্প প্রশাসন বলেছে যে, এই কর প্রবিধানগুলো ১৯৮৩ সালের একটি সুপ্রিম কোর্টের মামলার উপর ভিত্তি করে তৈরি হবে, যেখানে বলা হয়েছিল যে কোনো সংস্থা যদি একটি 'মৌলিক জননীতির' বিরোধী হয়, তবে তারা কর মুক্তির স্ট্যাটাস পেতে পারে না। সেই মামলায়, আই.আর.এস. একটি রক্ষণশীল খ্রিস্টান স্কুল, বব জোন্স ইউনিভার্সিটির কর মুক্তির স্ট্যাটাস বাতিল করে দেয়, কারণ স্কুলটির একটি নীতি ছিল যা আন্তঃবর্ণ সম্পর্ক নিষিদ্ধ করে।

## নিউইয়র্কে আইস পুলিশের 'অপারেশন রটেন অ্যাপল'

১ পৃষ্ঠার পর

অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস)। (সূত্র- নিউইয়র্ক টাইমস, ১ সেপ্টেম্বর )।

মঙ্গলবার নিউইয়র্কে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি মার্কওয়েন মুলিন। একই সংবাদ সম্মেলনে তিনি নিউইয়র্কের মেয়র জোহরান মামদানি এবং গভর্নর ক্যাথি হোকুলের কঠোরভাবে সমালোচনা করেন। তিনি বলেন, "আপনি অপরাধী হোন বা না হোন-যদি আপনি এই দেশে প্রবেশ করার সময় প্রতারণার আশ্রয় নিয়ে থাকেন এবং বৈধ পথে না এসে থাকেন , তবে বিষয়টি গুরুত্বপূর্ণ।" এ ক্ষেত্রে আমরা বসে থাকতে পারি না।

আইসের নিউইয়র্ক ফিল্ড অফিসের পরিচালক কেন জেনালো জানান, গত ২৭ জুলাই থেকে ২৯ আগস্ট পর্যন্ত নিউইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং হাডসন ভ্যালি এলাকায় এই অভিযান পরিচালনা করা হয়। আইসের দাবি, গ্রেফতার হওয়া ২ হাজার ১০০ জনই অপরাধী। জেনালো বলেন, অভিযান ছিল "নিখুঁত ও কার্যকর" এবং বিষয়টি তার জন্য ব্যক্তিগতভাবেও গুরুত্বপূর্ণ।

তবে মুলিনের বক্তব্য অনুযায়ী, গ্রেফতার হওয়া সবাই যে "সবচেয়ে ভয়ংকর অপরাধী"-তা তিনি দাবি করেননি। তার মতে, এসব ব্যক্তি বৈধ অভিবাসন প্রক্রিয়া অনুসরণ না করে আইন এড়িয়ে যাওয়ার পথ বেছে নিয়েছেন।

অন্যদিকে, এই দাবিকে ঘিরে প্রশ্নও উঠেছে। অতীতে নিউইয়র্কের বিভিন্ন আদালত আইসের গ্রেফতার করা এমন অনেক ব্যক্তিকে মুক্তির সুযোগ দিয়েছেন, যাদের কারও সুরক্ষিত অভিবাসন মর্যাদা ছিল অথবা যারা আশ্রয়ের আবেদন করেছিলেন। এছাড়া আইসের নিজস্ব তথ্য অনুযায়ী, বর্তমানে আইস হেফাজতে থাকা ব্যক্তিদের মধ্যে প্রায় ৩১ শতাংশের অপরাধের জন্য দণ্ডিত হওয়ার রেকর্ড রয়েছে।

নিউইয়র্কে আইসের সঙ্গে আনুষ্ঠানিক সহযোগিতা সীমিত করার নতুন আইন নিয়েও ক্ষোভ প্রকাশ করেন মুলিন। আইনটি কার্যকর হওয়ার পর বর্ডার জার টম হোমান নিউইয়র্ক সিটিতে আইসের অভিযান আরও বাড়ানোর হুঁশিয়ারি দিয়েছিলেন। এরপর থেকেই কমিউনিটি সংগঠনগুলো দাবি করে আসছে, নিউইয়র্কের বিভিন্ন এলাকায় আইসের তৎপরতা বেড়েছে। এর মধ্যে কুইন্স ও ব্রুকলিনের বিভিন্ন এলাকাও রয়েছে।

বাংলাদেশি অধ্যুষিত এলাকা জ্যাকসন হাইটস,জ্যামাইকা, ব্রুকলিনের পার্কচেস্টার ও ব্রুকলিনের মতো এলাকাগুলোতে আইস পুলিশের উপস্থিতিও এখন লক্ষনীয়। এ সব এলাকা থেকে গত ১৫ দিনে শতাধিক অভিবাসীকে গ্রেফতার করা হয়েছে। তাদের মধ্যে স্প্যানিশ, ভারতীয় ও বাংলাদেশি ইমিগ্রান্টরা রয়েছেন। ছুটির দিনে এক সময় জ্যাকসন হাইটস এলাকা লোকে লোকারণ্য থাকতো। মানুষের ভীড়ে ফুটপাতে হাঁটা যেত না। এখন এলাকার রেষ্টুরেন্টগুলোর অধিকাংশ চেয়ারই শূন্য থাকে। সন্ধ্যার পর নীরবতা নেমে আসে।

নিউইয়র্ক গভর্নরের বক্তব্য : মঙ্গলবার সকালে মুলিনের বক্তব্যের প্রতিক্রিয়া জানিয়েছেন নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল।

তিনি আইসের ২ হাজার ১৯৭ গ্রেফতারের দাবিকে প্রশ্নবিদ্ধ করে বলেন, এই সংখ্যার সবাই নিউইয়র্ক স্টেটের আইনে অপরাধ করেছে-এমনটা বলা যায় না।ফেডারেল কর্তৃপক্ষ অনেক সময় সীমান্ত পার হওয়াকেও অপরাধ হিসেবে বিবেচনা করছে। তিনি নিউইয়র্কবাসীকে সতর্ক করে বলেন, নিউইয়র্কে অভিবাসন এনফোর্সমেন্ট নিয়ে ফেডারেল সরকারের কঠোর অবস্থান এবং স্টেট সরকারের ভিন্ন অবস্থানের মধ্যে এ নিয়ে রাজনৈতিক ও সামাজিক বিতর্ক আরও তীব্র হচ্ছে।


সামার সেল! সামার সেল!
Mybestfly
New York, United States
Dhaka, Bangladesh
Nov 21
Return Date
DISCOUNT
Plan your next flight
Emirates
Scan Me
এই সামারে বিমান, এমিরেটস, কাতার, টার্কিশ এবং
সৌদি এয়ারলাইন্স এর ফ্লাইট বুকিংয়ে পাচ্ছেন বিশেষ ছাড়
ভিজিট করুন আমাদের ওয়েবসাইট
www.mybestfly.com
Emirates
QATAR AIRWAYS القطرية
TURKISH AIRLINES
السعودية SAUDIA
Biman BANGLADESH AIRLINES
এছাড়াও আমাদের ওয়েবসাইটের মাধ্যমে বিশ্বের সকল দেশের ইন্টারন্যাশনাল
এবং ডোমেস্টিক ফ্লাইট বুক করতে পারবেন
BOOK ONLINE
mybestfly.com
CALL TO BOOK
718-406-9745
Global Tours & Travel
USA Office
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA
Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka-1000

# No more 'Aynaghar' in Bangladesh : President

Continued from page 19

denied such serious crimes. Fakhrul recalled the cases of BNP leader Ilias Ali, ward commissioner Chowdhury Alam and ward-level BNP leader Sajedul Islam Sumon, among others, saying their families continued to live with pain, uncertainty and expectation. He also referred to lawyer Barrister Arman, retired Lieutenant General Azmi and many dissidents, officials, writers, journalists, social workers, homemakers and ordinary citizens who were kept for years at the secret detention facility known as "Aynaghar". Some victims fortunately returned, while many others never came back, he said.

The president said the culture of enforced disappearances and killings had created an atmosphere of fear and terror in a country liberated in 1971 through the sacrifices of freedom fighters who fought for democracy, equality, freedom of expression and human dignity. Calling it a painful and shameful chapter in the country's history, he said Bangladesh must now pursue justice rather than revenge. "Now, instead of revenge, we must ensure redress and bring the actual perpetrators under the law," he said. Referring to the final report of the Commission of Inquiry on Enforced Disappearances, Fakhrul said the commission had identified 1,569 incidents of enforced disappearance, with 287 victims found to have gone missing and been killed. The report, he said, clearly showed an increase in enforced disappearances before elections and the targeted abduction and secret killing of political opponents, demonstrating how state power had been misused for partisan and personal interests.

The president said the commission's report provided an important foundation, but much remained to be done. He said the Enforced Disappearance Prevention and Remedy Bill, 2026 had been placed before Parliament to protect victims and their families and permanently prohibit enforced disappearance. Bangladesh had also signed the International Convention for the Protection of All Persons from Enforced Disappearance, he said, adding that trials related to enforced disappearances and genocide were progressing through the International Crimes Tribunal while maintaining transparency and international standards.

# Mamdani's free day care plan in chaos

Continued from page 18

running daycares. The situation has prompted criticism of the Department of Education, which oversees the early childhood programs. Providers say the agency has been difficult to reach and that they have received conflicting information about when contracts and payments will be processed.

City officials have blamed delays in contract approvals and said they are moving workers from other agencies into the Education Department to speed up the process. "These delays are unacceptable, and we are going to fix them," said Jenna Lyle, a spokeswoman for Mamdani. "The Mamdani administration is working around the clock to ensure child care providers have the funding they need by the first day of school."

The city also plans to contact more than 1,100 providers about bridge loans. The Education Department is being rebuilt after hundreds of positions were lost under the previous administration. The funding dispute has created a standoff between the Education Department and City Comptroller Mark Levine's office. Education officials have said payments cannot be made until contracts are registered by the comptroller, while the comptroller's office says the Education Department must first submit those contracts. "The start of the school year is not an unexpected event," Levine said. "This needs to be fixed immediately."

Mamdani made universal child care a major campaign promise and has promoted the addition of 2,000 2-K seats this fall. But providers say the problems extend beyond the new program, with some centers already struggling to meet payroll and basic expenses. Maria Mavrides Calderon, an assistant professor at Hunter College and former preschool education director, said she was "deeply concerned that we are expanding a system that was on a very shaky foundation." At some centers, operators have cut expenses or asked parents to bring supplies such as crayons, toilet paper and food. Others have considered closing entirely if funding does not arrive.

# Nepal Turns to Mass Burials

Continued from page 18

preserve the corpses that washed up to its riverbanks, and could not keep them any longer. They were being transported to a forest for a mass burial before darkness took over the city. At the burial spot, security forces in protective gear offloaded the bodies one by one onto stretchers, as cameras documented each step. Nearby, rows of metal numbered signs stuck into concrete-filled pots — the markers for each grave — awaited.

Only a fraction of the missing are turning up among the dead, underscoring a bleak reality: The death toll is likely to keep rising. As of Sunday night local time, nearly 800 bodies had been found. More than 2,500 people were still missing, with hopes dimming they would be found alive. The initial 72 hours after a disaster are usually seen as critical to a rescue operation. The devastating flood swept through northern Nepal and Tibet on Wednesday after part of a glacier sheared off a mountain face, and its fall created such seismic force that officials initially believed it was an earthquake. The massive wall of water and mud it created swept up villagers, hydropower workers and hundreds of tourists and travelers from nearly three dozen countries on religious pilgrimages. Tens of thousands of people remain in need of relief, with entire towns wiped out, and roads, bridges and communication lines destroyed.

"The Nepali Army has been using thermal drones to search for signs of life," he said. "But there have been no indications of survivors so far." The force of the deluge was such that nearly a dozen bodies were swept hundreds of miles away and found in India.

When the remains started washing up on the riverbanks of the Chitwan district, dozens of miles downstream from where the floods first hit, the officials were immediately overwhelmed. Nepal is a deeply poor country, with limited infrastructure. The morgues in Chitwan have the capacity for storing just over three dozen bodies, Police Chief Rameshwor Poudel said.

With no good alternatives, district officials turned to the government hall in Bharatpur. Since it only had one air-conditioner, they tried to procure dry ice.

They set up a help desk and a visitor hall. And they photographed the remains, so the loved ones who were beginning to trickle in could identify their missing. But the bodies had been in water for so long. The monsoon heat did not help. And the freezers the foreign minister had appealed for from his international counterparts were not materializing immediately. Only about a dozen bodies were identified and handed over to their families for burial. More remains kept coming. "We're still finding 15 to 20 new bodies every day," said Anil Thapa, a senior traffic cop helping at the makeshift morgue. "This will keep going on for months."

On Saturday, the district authorities announced that they would begin burying the remains after a thorough process of documentation that includes taking photographs, recording distinguishing marks or clothing articles found on the corpses, and collecting DNA samples.

In a lush forest glade, a 10-minute drive away, they buried 93 bodies late Saturday, and another 100 the next day. During the closing hours of the mass burial on Sunday evening, Biresh Kumar Sah, 17, reached the town's makeshift morgue after an eight-hour bus ride.

He was studying in the Nepali capital when he first heard that the flood had hit his hometown, Siraha. His father, a math teacher, and his younger brother, who studied at the same school, were missing. "The first day I tried to ignore it. I hid the information from everyone," he said. "I wanted to still have hope." On the second day, he posted online that his father was missing.

"His colleague reached out and let me know he had seen my father and my brother being swept by the flood," he said. "I know they're gone," he added. "But I still have hope."

His aunt, standing behind him, said the family would have to accept the emerging facts and prepare to hold final rites. Biresh interjected, rolling his eyes. "I don't know these rites," he said. "I feel wretched." Ramesh Dahal, 31, who had also looked at the photos on the screen, said he had reached Bharatpur after first checking all the hospitals in Kathmandu where the wounded had been taken. He was looking for his 21-year-old nephew, Suman Dahal, a guide who had been leading a group of trekkers in Rasuwa. Mr. Dahal said he had initially remained hopeful, after hearing reports that some people had fled to higher ground in the jungles as the floods descended. Maybe they had felt the earthquake-like force of the falling glacier that had created the flood, and gone somewhere safe, he speculated. "Maybe they heard a siren from China," he said. But with each passing day, he said, he was coming to accept the reality. "Now I feel there's perhaps 0.1 percent chance to even to find his body," he said.

**(The New York Times)**

# The 40th FOBANA Convention Kicks Off Today Across Four North American Cities

Continued from page 19

in these cities will immerse themselves in festivities, seminars, and the election of new leadership. Expatriates eagerly await this annual convention, which coincides with Labor Day weekend. Representatives from various social and cultural organizations will participate, alongside journalists, politicians, and cultural activists arriving from Bangladesh. A festive atmosphere prevails in Toronto, New York, Orlando, and Los Angeles in anticipation of the event. The Toronto leg of the convention is being led by Gias Ahmed, Shah Newaz, Dr. Abu Zubayer Dara, and Firoz Alam. It will be held at the Don Valley Hotel and Suites. World-renowned magician Jewel Aich and celebrated actress Farida Akhtar Bobita will participate in the cultural segment and receive lifetime achievement awards. Other performers in the cultural program include Rano Newaz, Selim Chowdhury, Dolly Sayantani, Zohra Alim, Sukanya Ghosh, Pintu Ghosh, Anik Raj, Shahnaz Belly, Sajib, Sami, Fakir Shahabuddin, and Akhi Alamgir, as well as Priyambada Banerjee and Jhilik from Kolkata. Nahida Sobhan, the High Commissioner of Bangladesh to Canada, is expected to attend the convention.

Another FOBANA convention will take place from September 4 to 6 at the Evangel Christian Center in Astoria, Queens, New York. It is being led by Dr. Nurunnabi, Zakaria Chowdhury, Dewan Moniruzzaman, Nurul Amin Babu, and Manjur Kader. This conference relies heavily on political leaders and activists; they have produced posters featuring the image of Sheikh Mujibur Rahman, and everyone involved is affiliated with the Awami League, even though the FOBANA constitution declares it to be an apolitical organization. The event's main theme emphasizes the Liberation War and the history of Bangladesh. Organizers have announced that the three-day conference will feature discussions on the Liberation War, special seminars, literary and poetry sessions, cultural performances, business and networking events, women's empowerment, immigration seminars, and various interactive activities for the new generation. There are also plans to honor expatriates who have made significant contributions in various fields across North America.

Another FOBANA conference is taking place in Los Angeles, California. This colorful three-day event will be held at the Hilton Los Angeles/Universal City, located right next to Universal Studios—one of Hollywood's major attractions. Journalist Khaled Muhiuddin will conduct and moderate a key seminar at the conference. Organizers anticipate that the discussion, moderated by him and covering various important contemporary issues, will add a special dimension to the seminar segment. The leadership team for this conference includes Khaled Rouf, Moazzem Chowdhury, Zainul Abedin, and Abir Alamgir.

The main attraction of the Orlando, Florida conference is its lineup of artists. The announced stars include Sania Sultana Liza, Pori Moni, Imran Mahmudul, Dinat Jahan Munni, Pratik Hasan, Srabosti Tinni, Dilshad Nahar Kona, Arjin Kamal, Toma Mirza, Ananya Yasmin Angkan, Saju Khadem, and Rafiq Ahmed Milton. In essence, the audience will have the opportunity to see numerous familiar faces from film, music, and television sharing the same stage. The conference is being led by Jahid Hasan, Nihal Rahim, Anwar Hossain Sentu, Russell Mia, Shamim Mridha, and AKM Hossain Hitu.

However, reliable sources indicate that the Orlando FOBANA event has become somewhat disorganized and chaotic in the final stages. Several popular artists might not attend the event unless advance payments are made. It is reported that organizers are promoting the names of over a dozen artists to attract and retain the audience.

FOBANA began its journey with its first conference in Washington, D.C., in 1987. Its primary objectives were to foster unity and solidarity among Bangladeshis living in Canada and the United States; to showcase, promote, and propagate Bangladeshi culture and heritage; to improve the quality of life for expatriates through various social, cultural, and educational activities; and to build bridges between the United States and Bangladesh across various sectors. However, over the past few decades, leadership infighting has caused the organization to split into four factions, resulting in the formation of four separate committees. Each committee holds its own annual conference in different cities—a practice that has drawn criticism. Many question why the expatriate community has failed to organize a single, unified FOBANA conference. Nevertheless, despite the separate events, each gathering attracts a large number of Bangladeshis.

# U.S. Attacks Island in Strait of Hormuz; Iran Retaliates With Missile Fire

Continued from page 19

The turmoil has forced many shipping companies to bypass the strait. Saudi Arabia, the region's biggest oil producer, has shifted to export more crude via the Red Sea. The strike on Sunday was the first the Pentagon has acknowledged against Iran since Central Command stuck dozens of targets inside Iran on July 29, including command centers, missile and drone facilities and coastal surveillance sites. Larger-scale bombings by both countries have transitioned into a pause of military operations, and the Trump administration has focused instead on a series of new economic sanctions against the government in Tehran. **(By Eric Schmitt, NY Times)**

# After Mamdani, calls to bar NY Governor Hochul from 9/11 memorial service!

Continued from page 19

erupted. Julie Menin has claimed there is a conspiracy to keep Muslim Mayor Zohran Mamdani away from the 25th-anniversary memorial service for the 9/11 attacks. A memorial service is held annually on September 11 at Ground Zero, the site of the terrorist attacks on the Twin Towers. American politicians and family members of 9/11 victims participate in the event, laying floral wreaths at the memorial plaques bearing the names of the deceased. In the past, all city mayors have attended this event. However, this year, some family members of 9/11 victims have launched an online petition to prevent Mamdani from attending the ceremony. Media outlets aligned with the Republican Party are giving this matter significant publicity. Republican gubernatorial candidate Bruce Blakeman has urged attendees to turn their backs on Mayor Mamdani should he appear at the event. Democrats have alleged Republican involvement behind this demand, describing it as an instance of "dirty politics"—a sentiment causing friction within both camps. New York City Council Speaker Julie Menin has rejected calls to bar Mayor Zohran Mamdani from the 25th-anniversary commemoration of the September 11 attacks, labeling such demands "completely inappropriate." Families of the 9/11 victims have demanded that Mayor Mamdani be excluded from the solemn 25th-anniversary ceremony at Ground Zero, deeming him an "unwelcome guest." They are calling for a ban on his attendance, characterizing him as a supporter or apologist for Islamic extremism and arguing that his presence would disrespect the memory of the nearly 3,000 people who lost their lives. Galante, a 55-year-old family member of a 9/11 victim, is a key organizer of an online petition drive that has garnered over 82,000 signatures to date. The campaign has spread widely among affected families; Galante estimates that between 3,000 and 7,500 of the signatories are relatives of the deceased. "This day is sacred to us," said the Brooklyn-born real estate agent, who now resides in Florida. "This is not a political issue, nor is it an appropriate platform for individuals associated with such ideologies. His presence would be deeply painful and inappropriate; he would be an unwelcome guest." Meanwhile, City Council Speaker Julie Menin on Wednesday rejected calls to exclude Assembly Member Zohran Mamdani from the 25th-anniversary commemoration of the September 11 attacks, labeling such demands "completely inappropriate." Speaking on WNYC's "The Brian Lehrer Show", Menin addressed an online petition and a call from Republican gubernatorial candidate Bruce Blakeman regarding the matter. Menin stated, "Regarding the Memorial Museum, what we have emphasized—and ensured—is that there is no politicization of the 9/11 events while we pay tribute to the lives lost." Many relatives of the victims have said that Mamdani should be allowed to attend the ceremony. Elizabeth Miller—whose father lost his life in the attacks—told CBS New York that Mamdani should have the opportunity to be present. She said, "Assembly Member Mamdani has assured families affected by 9/11 that he wishes to be there to pay his respects to our loved ones; in my view, he should have that opportunity." She added, "The primary focus shouldn't be on who is or isn't there; rather, the focus should remain on our loved ones." Meanwhile, Mamdani has indicated that he plans to attend the event.

## Takes Me Back to the Golden Days of Journalism

Continued from page 18

Nation, where he rose to the position of Chief Reporter and later assumed several senior editorial responsibilities. His career also included important roles at Morning Sun and The Telegraph, where he served as News Editor. Along the way, he traveled to China, the United States, and several European countries on professional assignments, broadening his international journalistic experience.

My own career allowed me to witness and learn from many members of that remarkable generation. After the closure of Daily News, I continued writing my diplomatic affairs column, "Kutniti" ("Diplomacy"), for the weekly Bichitra. Those experiences remain among the most valuable chapters of my professional life. Journalism has changed dramatically over the decades. Technology has transformed the way news is gathered and delivered. Yet the values that defined Kazi Montu's generation—professional integrity, intellectual curiosity, courage, and mutual respect—remain timeless.

Every meeting with Kazi Montu reminds me that journalism is more than a profession; it is a lifelong commitment to truth, public service, and history. Many of the colleagues who built that golden era are no longer with us, but their legacy continues to inspire those who believe that honest journalism can make a difference.

From a modest office in Jackson Heights, the memories of a remarkable generation continue to live on—one conversation at a time.

**Akbar Haider Kiron: Senior Writer , Journalist and former VOA Correspondent.**

## PM Tarek Rahman to attend 81st UN General Assembly on September 21

Continued from page 18

government, following his visits to Malaysia and China. Tarek Rahman is also expected to attend various events on the sidelines of the General Assembly.

The prime minister is also scheduled to take part in an exchange meeting with Bangladeshi expatriates in New York. The visit comes at a time when Foreign Minister Khalilur Rahman is set to serve as president of the General Assembly.

## Tasnuva Tisha survives road accident

Continued from page 19

Sreemangal. After crossing Bhairab Bridge, a pickup truck hit our car near the toll plaza and drove away," Tisha said during the live. She said the pickup truck was later pursued on a motorcycle and stopped. Although the vehicle sustained damage, no injuries were reported.

"It was a very serious accident. We narrowly escaped," Tisha said, adding that police had arrived at the scene following the incident.







## মক্কা জোটে যোগ দেওয়া জরুরি নয়

১০ পৃষ্ঠার পর

বহুপক্ষীয় সামরিক জোটে গিয়ে নিজ দেশের সার্বভৌমত্ব ও জনগণকে ঝুঁকিতে ফেলা একেবারেই অনুচিত। বাংলাদেশকে অবশ্যই এ জাতীয় যেকোনো সামরিক উসকানি ও জোটে যোগদান থেকে শতভাগ সতর্ক ও দূরে থাকতে হবে, যাতে দেশের শান্তি ও উন্নয়ন ব্যাহত না হয়।

লেখক: গবেষক, দক্ষিণ এশীয় ভূরাজনীতি বিশ্লেষক।

## নতজানু হয়ে সমঝোতা নয়

১০ পৃষ্ঠার পর

নির্ধারণ করে, প্রয়োজনে সীমানায় দেওয়াল তোলে এবং পারস্পরিক দূরত্ব বজায় রেখে জীবনযাপন করে।

**বাংলাদেশের পররাষ্ট্রনীতির ক্ষেত্রেও এ পার্থক্য মনে রাখা জরুরি**

সমঝোতা করতে হবে, কিন্তু নতজানু হয়ে নয়। বন্ধুত্ব করতে হবে, কিন্তু আত্মমর্যাদা বিসর্জন দিয়ে নয়। প্রতিবেশীর সঙ্গে সুসম্পর্ক রাখতে হবে, কিন্তু জাতীয় স্বার্থ বন্ধক রেখে নয়। বাংলাদেশ কোনো বৃহৎ শক্তির শত্রু হতে চায় না; কিন্তু কোনো শক্তির অধীনস্থ রাষ্ট্রও হতে পারে না। ভারতের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রেও বাংলাদেশের অবস্থান হওয়া উচিত স্পষ্ট-আমরা বন্ধুত্ব চাই, সহযোগিতা চাই, পারস্পরিক স্বার্থে সমঝোতা চাই; কিন্তু চাই সমমর্যাদার ভিত্তিতে।

**প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে কথা**

সম্প্রতি বাংলাদেশের আত্মমর্যাদা রক্ষা করার জন্য প্রধানমন্ত্রী তারেক রহমান ভারত সফরের আগে শর্ত জুড়ে দিয়েছেন; যা সর্বস্তরের মানুষ দ্ব্যর্থহীনভাবে সমর্থন দিয়েছে। ফ্যাসিস্ট হাসিনাকে আশ্রয় দিয়ে ভারতের বর্তমান সরকার যে ঔদ্ধত্য দেখিয়েছে, তাতে ভুক্তভোগী দেশের নেতার সফরের অর্থ হলো পালিয়ে থাকা ফ্যাসিস্টকে কুলেশুনে আলিঙ্গন করা।

**ভারতের গণমাধ্যম এবং কূটনীতিকদের প্রতিক্রিয়া**

২০২৬-এর ১৭ আগস্ট ভারতের শীর্ষস্থানীয় দৈনিক টাইমস অব ইন্ডিয়া ও ইন্ডিয়ান এক্সপ্রেসের প্রতিবেদনে ঢাকার এ অবস্থানকে গুরুত্বের সঙ্গে তুলে ধরা হয়েছে। টাইমস অব ইন্ডিয়া তাদের প্রতিবেদনে জানিয়েছে, তারেক রহমানের সফরের জন্য বাংলাদেশ কঠিন শর্ত জুড়ে দিয়েছে। অন্যদিকে, ইন্ডিয়ান এক্সপ্রেস বিষয়টিকে সফরের ক্ষেত্রে ঢাকার 'চূড়ান্ত সীমারেখা' বা 'রেড লাইন' হিসাবে বর্ণনা করে বলেছে, শেখ হাসিনাকে ফেরত পাঠানোই এখন প্রধান শর্ত।

তারেক রহমানের সম্ভাব্য ভারত সফরকে দুই দেশের সম্পর্কের জন্য গুরুত্বপূর্ণ সুযোগ হিসাবে দেখছেন সাবেক ভারতীয় কূটনীতিক বিদ্যাভূষণ সোনি। তিনি বলেছেন, তারেক রহমান ভারতে না এলে এ সুযোগ হারিয়ে যেতে পারে এবং দীর্ঘ সময়ের জন্য দুই দেশের মধ্যে যোগাযোগের পথ খোলা না-ও থাকতে পারে।

**জেনেশুনে বিষপান করা**

এদিকে জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের সম্প্রতি চ্যানেল ২৪-এর নিয়মিত আয়োজন 'মত কথা' অনুষ্ঠানে বলেন, 'ভারতের রাজনীতির সঙ্গে দীর্ঘদিন ধরে পরিচিত এবং রাজনীতির সঙ্গে সম্পৃক্ত থাকার কারণে আমি ভারতকে কিছুটা অন্যভাবে জানি। কাউকে আমন্ত্রণ জানানোর পর তিনি যদি সেই আমন্ত্রণ প্রত্যাখ্যান করেন, ভারতীয়রা বিষয়টি সহজভাবে নেয় না।' তিনি আরও বলেন, 'ভারতীয়রা নিজেদের দেশ, দেশের মর্যাদা এবং জাতীয় সম্মানের ব্যাপারে অত্যন্ত সংবেদনশীল। সেখানে দল-মত নির্বিশেষে ভারতীয়রা নিজেদের ভারতীয় হিসাবে পরিচয় দিতে গর্ববোধ করে।'

ভারতীয় আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান যে অবস্থান নিয়েছেন, তার প্রতি সমর্থন রয়েছে দেশের সব রাজনৈতিক দলের এবং সর্বস্তরের মানুষের। জনাব জিএম কাদেরের এবং ভারতীয় কূটনীতিকদের পরামর্শ শুনলে বিএনপির জাতীয় পার্টির মতো যে আত্মহনন করতে হবে, সে বিষয়ে সংশ্লিষ্ট সবাই ওয়াকিবহাল আছেন।

**জাতীয় পার্টি ২০১৪ সালে বিষপান করেছিল**

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**


জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে
বাংলাদেশী ডাক্তার
মেডিসিন বিশেষজ্ঞ
Internal Medicine
Geriatric Medicine
শামীম আহমেদ এম, ডি
• আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
• নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
• ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।
35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)
TEL: 718-205-6561


Starling Car Service LLC
Best Choice for your trip
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
* 24 Hours Service
* Experienced & Professional Driver
* Affordable Price
* Airport Service
* Long Distance - Short Distance Hourly Service
* Special Occasions Service
* Wheelchair Available
* Corporate Transporation
Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825
2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com
We arrange
Base Letter & Base Affiliate


Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com


প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন
STAR Photography
শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

## চেয়ারম্যান ঢাকায়, সেক্রেটারি নির্বাচনে, ভাইস চেয়ারম্যান ভ্রমণে

১ পৃষ্ঠার পর

থেকে যোগ দিয়েছেন ফোবানার সাবেক ২ চেয়ারম্যান শাহ নেওয়াজ ও আলী ইমাম শিকদার। ৪ সেপ্টেম্বর শুক্রবার ২০২৬ টরেন্টোর ডন ভ্যালি হোটেল এন্ড স্যুটসে ৩ দিনব্যাপী ফোবানার ৪০তম সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে।

ফোবানার এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান কাজী আজমের দৃষ্টি আকর্ষণ করলে তিনি প্রতিবেদককে বলেন, পারিবারিক ট্যুরে টেনেসিতে রয়েছি। হয়তো ফোবানা সম্মেলনে যোগ দিতে পারবো না। তবে এ সম্মেলনে সম্মতি রয়েছে। তাছাড়া আমিতো দায়িত্বপ্রাপ্ত কেউ না। তবে আমাদের ফোবানা ঐক্যবদ্ধ আছে। অন্যরা ৩ ভাগ হয়েছে। শুনেছি চেয়ারম্যান বাংলাদেশে। আর কমিটি গঠিত হবে আগামী বছর। তখন সবাইকে সাথে নিয়ে কাজ করবো।

এক্সিকিউটিভ সেক্রেটারি ফিরোজ আহমেদ। তিনি বলেন, আমি সোসাইটিতে নির্বাচন করছি। প্রতিটি দিন আমার জন্য গুরুত্বপূর্ন। এমতাবস্থায় ৪ দিনের জন্য কানাডা যাওয়া আমার পক্ষে সম্ভব নয়। কমিটির চেয়ারম্যান গিয়াস আহমেদের সাথে যোগাযোগ করে পাওয়া যায়নি। তিনি এখন বাংলাদেশে রয়েছেন।

সাবেক চেয়ারম্যান শাহ নেওয়াজের দৃষ্টি আকর্ষণ করলে প্রতিবেদককে বলেন, এয়ারপোর্টে রয়েছি। টরেন্টোতে সম্মেলনের পথে। কে যাচ্ছেন না তা জানি না আমার দায়িত্বটা আমি করতে চাই। আশা করছি ৪০ বছরপূর্তিতে ফোবানার সম্মেলন জাঁকজমক হবে।

ফোবানার এবারের আয়োজনে সাংস্কৃতিক পর্বে অংশগ্রহণ করবেন বিখ্যাত জাদু শিল্পী জুয়েল আইচ ও বরেণ্য অভিনয় শিল্পী ফরিদা আখতার ববিতা। তাদের এই সম্মেলন থেকে আজীবন সম্মাননা দেয়া হবে। সাংস্কৃতিক আয়োজনে অংশগ্রহণ করবেন সঙ্গীতশিল্পী রানো নেওয়াজ, সেলিম চৌধুরী, রুপি লায়লা, জোহরা আলীম, সুস্মিতা ঘোষ, পিন্টু ঘোষ, অনিক রাজ, শাহনাজ বেলি, নবীন, নমি, ফকির সাহাবুদ্দিন, আঁখি আলমগীর,, কলকাতা থেকে প্রিয়ংবদা ব্যানার্জী ও ঝিলিক। গেষ্ট অব অনার হিসেবে থাকবেন কানাডায় বাংলাদেশের হাই কমিশনার নাহিদা সোবহান। ফোবানার আয়োজনে গোল্ড স্পন্সর হিসেবে অংশগ্রহণ করবেন ফোবানা ফাউন্ডেশনের চিফ পেট্রোনস শাহনেওয়াজ গ্রুপের প্রতিষ্ঠাতা শাহ নেওয়াজ ও রানো নেওয়াজ।

## ১৭ বছরের কিশোরী হত্যা মামলায় আসামী

৬৪ পৃষ্ঠার পর

হামলা শাইন করার অভিযোগে কিশোরীর বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করা হয়েছে। হত্যাকাণ্ডে সহায়তা ও প্ররোচনায় সে অভিযুক্ত। সে ক্যালিফোর্নিয়ার সান দিয়েগোর একটি মসজিদে গোলাগুলির ঘটনায় তিনজন নিহত হন সেটি লাইভস্ট্রিম রেকর্ড করেছিল এবং হামলাকারীদের শ্বেতাঙ্গ-আধিপত্যবাদী লেখাগুলো ছড়িয়ে দিয়েছিল। কথিত হামলাকারীদের লেখা বা কথিত ম্যানিফেস্টো প্রকাশে সহযোগিতা করার পরিকল্পনায় ওই কিশোরী আগে থেকেই যুক্ত ছিলেন। উইনস্টন-সালেমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ফোরসাইথ কাউন্টির জেলা অ্যাটর্নি জিম ওনিল জানান, আদালতের নথিতে 'সারাহ এল. সাভিয়াগো' হিসেবে চিহ্নিত এই কিশোরীকে গত সপ্তাহে গ্রেপ্তার করা হয়েছে। সোমবার একটি গ্র্যান্ড জুরি তার বিরুদ্ধে তিনটি হত্যাকাণ্ডের অভিযোগ এবং একটি ষড়যন্ত্রের অভিযোগ গঠন করেছে। এপি ও সিএনএন এ খবর প্রকাশ করেছে বুধবার। সোমবার এক সংবাদ সম্মেলনে ওনিল বলেন, উত্তর ক্যারোলিনার আইনে কোনো ব্যক্তি নিজ হাতে অপরাধের সব কাজ না করলেও, অপরাধ সংঘটনে সহায়তা বা পরিকল্পনায় জড়িত থাকার প্রমাণ থাকলে তাকে অপরাধের জন্য দায়ী করা যেতে পারে।

তবে সাভিয়াগোর আইনজীবী আসলান সোবানামি তার মক্কেলের বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করেছেন। তিনি জানান, সাভিয়াগো অপ্রাপ্তবয়স্ক এবং তদন্তের নথিপত্র পুরোপুরি হাতে না পাওয়ায় তিনি মামলার প্রমাণ নিয়ে বিস্তারিত মন্তব্য করতে পারছেন না। তবে তার ভাষ্য, তার মক্কেল এসব অভিযোগে নির্দোষ।

আইনশৃঙ্খলা বাহিনীর তথ্য অনুযায়ী, ১৮ মে ২০২৬ সান দিয়েগোর ইসলামিক সেন্টারে হামলা চালায় ১৭ বছর বয়সী কেইন ক্লার্ক এবং ১৮ বছর বয়সী ক্যালেব ভাসকেজ। হামলার পর দুজনই আত্মহত্যা করে মারা যায়। হামলায় আমিন আবদুল্লাহ, নাদির আওয়াদ ও মনসুর কাজিয়া নিহত হন।

অভিযোগপত্রে বলা হয়েছে, হামলার আগেই সাভিয়াগো হামলাকারীদের সঙ্গে হামলার ভিডিও সরাসরি সম্প্রচার, সেই ভিডিও প্রকাশ্যে ছড়িয়ে দেওয়া এবং হামলাকে ন্যায্যতা দেওয়ার দাবি করা একটি ম্যানিফেস্টো প্রকাশের বিষয়ে পরিকল্পনা ও সমন্বয়ে যুক্ত ছিলেন। প্রসিকিউটরদের দাবি, হামলার পর তিনি এসব কর্মকাণ্ড বাস্তবায়নও করেন।

অভিযোগপত্রে আরও বলা হয়েছে, হামলার আগে সাভিয়াগো ভাসকেজকে একটি সনেনরাড প্রতীকযুক্ত প্যাচ কিনে পাঠিয়েছিলেন এবং হামলার সময় ভাসকেজ সেটি পরেছিলেন বলে অভিযোগ করা হয়েছে। সনেনরাডকে নব্য-নাৎসি ও শ্বেতাঙ্গ শ্রেষ্ঠত্ববাদী মতাদর্শের সঙ্গে যুক্ত একটি ঘৃণার প্রতীক হিসেবে বিবেচনা করা হয়।

উত্তর ক্যারোলিনার এফবিআই কার্যালয়ের দায়িত্বশীল কর্মকর্তা রেইড ডেভিস বলেন, প্রযুক্তির আড়ালে থেকে কেউ অপরাধের দায় এড়াতে পারবে না। মানুষের জীবন ঝুঁকিতে ফেললে আইনশৃঙ্খলা বাহিনী ও প্রসিকিউটররা তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে সব ধরনের ক্ষমতা ব্যবহার করবে।

মসজিদে হামলার তদন্তের অংশ হিসেবে তিনটি বাড়িতে তল্লাশি চালিয়ে ৩০টির বেশি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে কর্তৃপক্ষ। এর মধ্যে ছিল বিভিন্ন ধরনের পিস্তল, রাইফেল ও শটগান। এছাড়া একটি ক্রসবো, কৌশলগত সরঞ্জাম, বিপুল পরিমাণ গুলি এবং বিভিন্ন ইলেকট্রনিক ডিভাইসও উদ্ধার করা হয়েছে।

কর্তৃপক্ষের দাবি, হামলাকারীদের মধ্যে উগ্রপন্থী মতাদর্শের আদান-প্রদান হয়েছিল। পুলিশ উদ্ধার করা কথিত ম্যানিফেস্টোতে বিভিন্ন জাতি ও ধর্ম নিয়ে উগ্র বক্তব্য এবং ঘৃণাত্মক ভাষার সন্ধান পেয়েছে। হামলায় ব্যবহৃত একটি অস্ত্রেও ঘৃণাত্মক বক্তব্য লেখা ছিল বলে কর্মকর্তারা জানান। হামলাকারীদের একজনের রেখে যাওয়া আত্মহত্যার নোটেও জাতিগত শ্রেষ্ঠত্ব নিয়ে লেখা ছিল বলে জানানো হয়েছে।

## নিউইয়র্ক সাইবার বিজনেস লায়ন্স ক্লাবের স্কুল সামগ্রী বিতরণ

৬৪ পৃষ্ঠার পর

হাতে স্কুল সামগ্রী তুলে দেয়া হয়। স্কুল সামগ্রীর মধ্যে ছিল স্কুল ব্যাগ, খাতা, পেন্সিল পেন্সিল কাটার, গ্লু, মার্কার, কালার পেন্সিল, স্কেল ইত্যাদি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, লায়ন ডিস্ট্রিক্ট-২০,আর -২ এর ফার্স্ট ভাইস গভর্নর ও আয়োজক ক্লাবের প্রতিষ্ঠাতা লায়ন শাহনেওয়াজ, ফার্স্ট ডিস্ট্রিক্ট গভর্নর গুলতাজে পেরেজ, আমনো সাই ও মেলানি সাই, আয়োজক ক্লাবের বর্তমান প্রেসিডেন্ট লায়ন আফসান হাবিব, সেক্রেটারি লায়ন লিপন রহিম প্রমুখ। আরও উপস্থিত ছিলেন নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের সাবেক সভাপতি লায়ন মুহাম্মদ সাঈদ; সাবেক সাধারণ সম্পাদক হাসান জিলানি; লায়ন এস.এম. আলম; আয়োজক সম্পাদক লায়ন অনিক রাজ ও লায়ন আবুবকর সিদ্দিক; পরিচালক লায়ন বেলাল আহমেদ; পরিচালক লায়ন শাহ জে. চৌধুরী; পরিচালক ডা. নার্গিস রহমান এবং লায়ন নুরুল আজিম, লায়ন নাঈম মিয়া প্রমুখ।

স্কুলব্যাগসহ অন্যান্য উপহার পেয়ে শিশুদের মধ্যে আনন্দ ও উচ্ছ্বাস দেখা যায়। আয়োজনে কমিউনিটি পার্টনার হিসেবে সহযোগিতা করেছে ডব্লিউএইচইএসএমআই এবং সেভ দ্য স্মাইল।

আয়োজন নিয়ে শাহ নেওয়াজ জানান, 'ব্যাক টু স্কুল গিভঅ্যাওয়ের উদ্দেশ্য শুধু শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ দেওয়া নয়; বরং নতুন শিক্ষাবর্ষে তাদের উৎসাহিত করা, আত্মবিশ্বাস বাড়ানো এবং শিক্ষার প্রতি আগ্রহ আরও জোরদার করা। একটি শিশুর হাতে প্রয়োজনীয় শিক্ষা উপকরণ তুলে দেওয়ার মধ্য দিয়ে তার ভবিষ্যৎ স্বপ্ন ও সম্ভাবনার পথে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়াই এ উদ্যোগের মূল লক্ষ্য।

## ইরান যুদ্ধ স্থগিতে পথ খুঁজছেন ট্রাম্প

৬৪ পৃষ্ঠার পর

হতে পারে-তবে এ বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা। হোয়াইট হাউসের কর্মকর্তারা ৩ নভেম্বরের ভোটের পর সামরিক তৎপরতা বাড়ানোর বিষয়টি বিবেচনা করতে পারেন বলে ওই সূত্রগুলো জানিয়েছে। অভ্যন্তরীণ চিন্তাভাবনা সম্পর্কে জানাতে নাম প্রকাশ না করার শর্তে তারা এ কথা বলেন, যদিও পূর্ণমাত্রার সংঘাতে ফিরে যাওয়ার বিষয়টি নিশ্চিত নয়। মার্কিন সামরিক বাহিনী জানিয়েছে, তাদের সাম্প্রতিক হামলাগুলো ছিল ওই অঞ্চলে মার্কিন বাহিনী ও সামুদ্রিক চলাচলের ওপর সাম্প্রতিক হামলার পাল্টা জবাব।

আপাতত, প্রশাসন ইরানের ওপর আরও বেশি অর্থনৈতিক চাপ প্রয়োগের কৌশলের ওপরই নির্ভর করতে চায়। এর লক্ষ্য হলো-ভবিষ্যতের কোনো আলোচনায় এমন ছাড় আদায় করা, যা মাসের পর মাস সামরিক পদক্ষেপ নিয়েও সম্ভব হয়নি।

হোয়াইট হাউসের এক কর্মকর্তা বলেন, 'আমরা ইরানের ওপর চাপ বজায় রাখছি। তবে নভেম্বর মাসটি আমাদের কাছে অগ্রাধিকার পাচ্ছে।' ওই সূত্রগুলোর (যাদের মধ্যে তিনজন হোয়াইট হাউসের কর্মকর্তা) মতে, ততক্ষণ পর্যন্ত সংঘাত মোটামুটি সীমিত রাখা গেলে তা খবরজুড়ে এই অজনপ্রিয় সংঘাতের আধিপত্য রোধে সহায়তা করবে। কারণ, সিনেট ও প্রতিনিধি পরিষদে নিজেদের সংকীর্ণ সংখ্যাগরিষ্ঠতা ধরে রাখতে ট্রাম্পের রিপাবলিকানরা এখন নির্বাচনী প্রচারণায় ব্যস্ত।

আগস্টের শেষের দিকে পরিচালিত রয়টার্স/ইপসোস-এর জরিপ অনুযায়ী, মাত্র ৩১ শতাংশ আমেরিকান এই যুদ্ধকে সমর্থন করেন, যেখানে প্রায় ৬৩ শতাংশই এর বিপক্ষে; এছাড়া জ্বালানির উচ্চমূল্য নিয়েও ভোটাররা বিশেষভাবে অসন্তুষ্ট।

সূত্রগুলো আরও জানিয়েছে, কৌশলগতভাবে কিছুটা বিরতি দিলে মার্কিন সামরিক বাহিনী তাদের ব্যাপকভাবে কমে যাওয়া গোলাবারুদের মজুদ পুনরায় পূরণ করার জন্য কিছুটা সময় বা সুযোগ পেতে পারে। তবে পরিস্থিতি শান্ত রাখার এই কৌশলটি বাস্তবায়ন করা দিন দিন আরও কঠিন হয়ে উঠছে। বসন্তকাল বা গ্রীষ্মের মাঝামাঝি সময়ে সংঘাতের তীব্রতা যেমন ছিল, তার তুলনায় বর্তমানে তা অনেক কম হলেও, সাম্প্রতিক দিনগুলোতে উভয় পক্ষই একে অপরের ওপর পাল্টাপাল্টি হামলা চালিয়েছে। বিশ্লেষকদের মতে, হরমুজ প্রণালীতে কয়েক মাস ধরে নৌ-চলাচলে বিঘ্ন ঘটানো এবং অভ্যন্তরীণ কোনো বড় ধরনের অস্থিরতার মুখে না পড়ার ফলে ইরানের নেতারা এখন আরও সাহসী হয়ে উঠেছেন; তাই তারা সম্ভবত যুক্তরাষ্ট্র ও উপসাগরীয় অঞ্চলে তাদের মিত্রদের বিভিন্ন লক্ষ্যবস্তু-যার মধ্যে রয়েছে সামরিক ঘাঁটি, জাহাজ ও জ্বালানি অবকাঠামো-ওপর অন্তত মাঝে-মধ্যে হামলা অব্যাহত রাখবেন।

এর ফলে পাল্টা ব্যবস্থা নেওয়ার জন্য যুক্তরাষ্ট্রের ওপর চাপ সৃষ্টি হবে, যা হয়তো এমন এক পরিস্থিতির দিকে নিয়ে যেতে পারে যেখানে সংঘাত ক্রমশ তীব্র হয়ে উভয় পক্ষকে আবারও পূর্ণমাত্রার বিমান যুদ্ধের দিকে ঠেলে দেবে-যা বর্তমান প্রশাসন এটি চাক বা না-ই চাক। সপ্তাহান্তের ছুটিতে যুক্তরাষ্ট্র ইরানের লারাক দ্বীপে অবস্থিত রকেট লঞ্চার লক্ষ্য করে হামলা চালায়; এর জবাবে ইরান কুয়েত ও সংযুক্ত আরব আমিরাতের দিকে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে। মঙ্গলবার হরমুজ প্রণালীর আশপাশে ইরানের আরও কয়েকটি লক্ষ্যবস্তুতে যুক্তরাষ্ট্র হামলা চালায়। জুলাই মাসের পর এটিই ছিল সবচেয়ে বড় সংঘাতের ঘটনা; এই নতুন পর্যায়ের সহিংসতায় ইরানে সামরিক ও বেসামরিক ব্যক্তিরা প্রাণ হারান।

সাবেক প্রেসিডেন্ট জো বাইডেনের আমলে মধ্যপ্রাচ্য বিষয়ক পররাষ্ট্র দপ্তরের শীর্ষ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করা বারবারা লিফ বলেন, 'বর্তমান প্রশাসনের সুস্পষ্ট লক্ষ্যই হলো ইরানের ওপর ব্যাপক অর্থনৈতিক চাপ সৃষ্টি করা-তাই এই 'শান্তি' বা স্থিতিশীলতা (যা আসলে কোনো প্রকৃত শান্তি নয়) বিঘ্নিত করার পেছনে ইরানের জোরালো কারণ বা তাগিদ রয়েছে।' আরেকটি অনিশ্চিত বা অপ্রত্যাশিত বিষয় হলো খোদ ট্রাম্পের ভূমিকা।

লজিস্টিকস ও রাজনীতির সীমাবদ্ধতা : ট্রাম্প প্রকাশ্যে বলেছেন যে, ইরানের বিষয়ে এই কৌশল নির্ধারণের ক্ষেত্রে আসন্ন নির্বাচনের বিষয়টি কোনো প্রভাব ফেলছে না। তবে যুদ্ধটি যখন সপ্তম মাসে পদার্পণ করছে, তখন হোয়াইট হাউস লজিস্টিক বা রসদ-সংক্রান্ত এবং রাজনৈতিক বাস্তবতার কারণে ক্রমশ সীমাবদ্ধ পরিস্থিতির মুখে পড়ছে।

হোয়াইট হাউসের এক জ্যেষ্ঠ কর্মকর্তা বলেছেন, 'সময়সূচি বদলে গেছে।' আরেকজন কর্মকর্তা যোগ করেন যে, 'সময় বা সময়সীমার বিষয়টিই এখন ইরানের ক্ষেত্রে মূল চালিকাশক্তি হয়ে দাঁড়িয়েছে।'

TUITION FREE TAX SCHOOL*
লিবার্টি ট্যাক্স স্কুল
BECOME A TAX PROFESSIONAL
Complete our Income Tax Course
and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.
The Tuition Fee is Free but the cost of books and materials varies on Schedule & Location
• Day and Evening Classes are available for your convenience.
PLEASE CONTACT : (718) 297-3500
147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435
Email: libertytaxschool101@gmail.com
(আল আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)
(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**



ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



## 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



# আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent

## ARA REALTY SERVICES INC

*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156



# CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

# জব জব হেল্প জব

**Job Help Application Processing Service**

**917-500-3937**

OUR SERVICES

- পোষ্টাল জব
- ফেডারেল জব
- স্টেট জব
- এম. টি. এ জব
- সিটি জব
- রেজুমী তৈরী
- কভার লেটার
- সিটিজেনশিপ এপ্লিকেশন প্রসেসিং
- নিউ পাসপোর্ট/রিনয়েল
- ডুয়েল সিটিজেনশিপ
- ফুড স্ট্যাম্প
- ডিজএবিলিটি (SSI)
- সোশ্যাল সিকিউরিটি (SS)
- রিটারম্যান্ট বেনিফিট



**Md. Ali**
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

148-45, Hillside Ave, 2nd Fl,
Suite 204
Jamaica, NY 11435

Phone/Fax:
917-200-6160



আমাদের প্রতিশ্রুতি – নিরাপত্তা, নিশ্চয়তা ও সাশ্রয়ী মূল্যের ইন্স্যুরেন্স সেবা প্রদান করা

# EnR Insurance BroKerage

একটি বিশ্বস্ত এবং অভিজ্ঞ বাংলাদেশী প্রতিষ্ঠান

4122 75th Street
Elmhurst, NY 11373
(718) 310-0413

আমাদের ইন্স্যুরেন্স সেবাসমূহঃ

**হোম ইন্স্যুরেন্স**
- Home/ Co-op/ Condo/Renters
- High Value Home
- Vacant Property/ Land
- Builders Risk

Home Business
Masjid, Church & Temple
Umbrella Insurance & More

**কমার্শিয়াল ইন্স্যুরেন্স**
- Commercial Property
- Commercial Package Policy
- Business Owners Policy
- Disability Insurance
- Workers' Compensation
- Professional Liability
- Construction Insurance
- One Day Event

আমরা মেডিকেয়ার ইন্স্যুরেন্স সেবাও দিয়ে থাকি
Providers: HealthFirst, VNS, United, WellCare, Aetna, Fidelis Care

**Home Insurance Carriers**
DB Insurance, Hyundai, Liberty Mutual, Otsego Mutual, Travelers, Associated Mutual, Sterling, Kingstone, Security Mutual & More.



**Mohammed Tohin, Broker**
info@enrinsurance.com
Fax: (718) 650-2245
www.enrinsurance.com



# LIBERTY REAL ESTATE SCHOOL

NYS Approved Real Estate School

## রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
## বছরে লক্ষ ডলার আয় করুন

বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে কল করুন **+1 (929) 393-8620**

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

YOU LEARN :

The easiest way to buy and sell a home
Learn for Being a professional Realtor or for knowledge
Buying and selling a home as an investment
The market price of house goes up and down
Buy for profit, sell for profit (fix-flip)
What to do to buy your own house
Rules of buying and selling properties
Different types of mortgage loans

Jackson Heights Office:
37-22 73rd Street, Suite 2A
Jamaica Office:
167-16 Hillside Avenue
917 781 0647, 929 399 9352
libertyrealestateschool@gmail.com



# TOUR Packages



**১ দিনের ট্যুর (নিউইয়র্ক থেকে)**

| | |
|---|---|
| বস্টন ভ্রমণ | $ ১১৯ |
| আমেরিকান ড্রিম মল | $ ৩০ |
| ওয়াশিংটন ডিসি | $ ১০৯ |
| ফিলাডেলফিয়া (চেরি ব্লসম) | $ ১০৯ |
| লেগোল্যান্ড, নিউইয়র্ক | $ ১৪৮ |
| চুয়াং ইয়েন মনাস্ট্রি ও মহাযান টেম্পল | $ ৭৮ |
| ফল সংগ্রহ ও হ্যাপি ফার্ম | $ ৬৮ |
| জিম থার্প (সুইস টাউন, পেনসিলভেনিয়া) | $ ৮৮ |
| লিউইন ফার্মস, ন্যাভেজারস বাই দ্য বে ও ট্যাঙ্গার আউটলেটস | $ ৬০ |
| শ্রী স্বামিনারায়ণ মন্দির (রবিনসভিল) ও লংউড পার্ডেন্স | $ ৬৮ |
| লং আইল্যান্ড গেম ফার্ম, শিশুদের চিড়িয়াখানা, ভ্যান্ডারবিল্ট মিউজিয়াম ও প্ল্যানেটেরিয়াম | $ ৬৮ |

**২ দিনের ট্যুর**

| | |
|---|---|
| ফিলাডেলফিয়া+ওয়াশিংটন ডিসি | $ ২৪৮ |
| কেপ মে | $ ৩৪৮ |
| স্টারপেজিং ট্যুর | $ ৩৪৮ |
| নিউ হেভেন+রোড আইল্যান্ড+বস্টন | $ ২৫৮ |
| নায়াগ্রা+ওয়াটকিন্স গ্লেন+ফিঙ্গার লেক | $ ১৮৮ |
| অ্যালিস টাউন ও মার্থাস ভিনইয়ার্ড | $ ৩৩৮ |
| থাউজ্যান্ড আইল্যান্ডস+কর্নেল ইউনিভার্সিটি+ওয়াইনারি | $ ২৮৮ |
| শ্রী স্বামিনারায়ণ মন্দির+আমিশ ফার্ম+হার্শি চকলেট ওয়ার্ল্ড | $ ৩১৮ |
| ওয়াশিংটন ডিসি (চেরি ব্লসম)+স্মিথসোনিয়ান+ওল্ড টাউন আলেকজান্দ্রিয়া | $ ১৯৮ |

**৩ দিনের ট্যুর**

| | |
|---|---|
| নায়াগ্রা ফলস+বস্টন | $ ৩২৮ |
| নায়াগ্রা ফলস+থাউজ্যান্ড আইল্যান্ডস | $ ৪২৮ |
| ওয়াশিংটন ডিসি+নায়াগ্রা ফলস | $ ২৮৮ |
| নায়াগ্রা ফলস+টরেন্টো+থাউজ্যান্ড আইল্যান্ডস | $ ৪৬৮ |
| বস্টন+পোর্টল্যান্ড+আকাডিয়া ন্যাশনাল পার্ক | $ ৪৯৮ |

বুকিং ও তথ্যের জন্য আজই যোগাযোগ করুনঃ

## ট্যুরস্ এন্ড ফান

136-21 Hillside Avenue, Jamaica, NY 11418
917-378-4921, 929-928-5001
info@toursandfun.com | www.toursandfun.com

আমরা মেক্সিকো, দক্ষিণ আমেরিকা, ইউরোপ এবং এশিয়াতেও ট্যুর প্যাকেজের ব্যবস্থা করি।

আরামদায়ক পরিবহন • অভিজ্ঞ গাইড • পরিবার ও গ্রুপের জন্য বিশেষ ছাড়!

# সিলেট এম. সি. এন্ড গভঃ কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনক

# SYLHET M. C. & GOVT COLLEGE ALUMNI ASSOCIATION OF USA INC.

# এলামনাই নাইট ২০২৬

**Venue :** GULSHAN TERRACE
59-15, 37th Ave, Woodside, NY 11377

তারিখ ঃ ৬ সেপ্টেম্বর ২০২৬
রোববার, সন্ধ্যা ৬ টা

অনুষ্ঠানে কলেজের প্রাক্তন
ছাত্র-ছাত্রী সকলে আমন্ত্রিত






সুধী,
সিলেট এম.সি এন্ড গভ: কলেজের সকল প্রাক্তন শিক্ষার্থীবৃন্দের জন্য বহুল প্রতীক্ষিত "এলামনাই নাইট-২০২৬" এর আয়োজন করা হয়েছে।

উক্ত অনুষ্ঠানে আপনাদেরকে সপরিবারে উপস্থিত থেকে অনুষ্ঠানটি সফল ও স্মরণীয় করার জন্য সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

আমন্ত্রণে -

আলতাফ হোসেন চৌধুরী (ইসবা)
আহ্বায়ক
৮৬০-৪১৭-৯২১৮

মো: শাহনওয়াজ চৌধুরী (নওয়াজ)
সদস্য সচিব
৯১৭-৩৪৫-৭৬৫৮

দেওয়ান শাহেদ চৌধুরী
প্রধান সমন্বয়কারী
৯১৭-৫১৩-৯২০৫

আজিমুর রহমান বোরহান
সভাপতি
৯১৭-৫৭৯-১৭০৫

মামুনুর রশিদ শিপু
সাধারণ সম্পাদক
৭১৮-৪১৩-০৩৮৩

## সঙ্গীত পরিবেশনায়

উত্তর আমেরিকার জনপ্রিয় শিল্পী
শাহ মাহবুব, কৃষ্ণা তিথী।
অতিথি শিল্পীঃ সাবরীণ জামান মৌ, ফারুক সিদ্দিকী

## বিশেষ আকর্ষণ

এম.সি. এন্ড গভঃ কলেজ এলামনাই ম্যাগাজিন এবং ফটো এ্যালবাম
মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা,
নৈশভোজ ও
র‍্যাফেল ড্র



আয়কর ICOR TAX & CONSULTING
MAXIMIZE YOUR REFUND
CLAIM EVERY CREDIT & DEDUCTION YOU DESERVE
Tax Prep & Consulting Services for Individuals & Businesses
Our Services
AUTHORIZED IRS e-file PROVIDER
Individual Tax Preparation (Form W-2, 1098, 1099 ...)
Business Tax Preparation (Corporation, LLC, Partnership, Not-for-Profit ...)
Self-Employed Tax Preparation (Uber, Lyft, Taxi ...)
Amended Tax Preparation
Sales Tax Preparation
Tax Planning & Consulting
Year-Round Support
Notary, Immigration, RAPID DIVORCE, Insurance ~7702 Plan, Copy, Scan, Print, E-mail ...
BUSINESS SETUP LLC, INC., Not-for-Profit, Nonprofit...
Notary Public
You Can Trust Us for Accurate, Reliable, and Professional Tax Filing.
30 MINUTES NO OBLIGATION FREE CONSULTATION
Md Mukhter Hossain, CEO
Financial Service Consultant
347-266-3376, 646-651-0945
TAX
Nadira Hossain, MA
Tax Assistant
646-651-2787
ICOR Multi Services Inc.
icormultis@gmail.com
7226 Roosevelt Ave, Suite - 201, Jackson Heights, NY 11372




আয়কর ICOR TAX & CONSULTING
PAY LESS TAXES
PROVEN TAX STRATEGIES
The IRS won't tell you which CREDITS & DEDUCTIONS you are missing—but I WILL.
Small Business Owners, Rental Property Owners, Self-Employed Individuals, and Investors...
Discover what you have been overlooking ...
Customize Tax Planning Can Maximize Your Tax Savings
Tax-Advantaged Accounts are Dedicated Savings Vehicles—Specially Designed to Give You and Your Family Extra Tax Benefits in Exchange for Saving Money for Specific Goals-Like: Retirement, Education, Wealth Creation, Financial Security ...
Retirement Plans - 401(k), IRA, Roth IRA ...
Education plans - 529 Plan, Coverdell ESA, UGMA/UTMA ...
Health Savings Account - HSA
Flexible Savings Account - FSA
Achieving a Better Life Experience Account - ABLE
Tax-efficient investment - ETFs, Index Funds ...
Tax-advantaged investment - Municipal Bond, Treasury Bond ...
INSURANCE LIFE HEALTH DISABILITY
Income Continuation Plan ~7702 Plan – Permanent Life Insurance is a Hybrid Financial Tool / Unique Blend of Financial Protection for you & your business, assets and family / Tax Exempt Financial Asset: MULTI-PURPOSE FUND for you to access for any reason without penalty & taxes - Emergencies, Education, Retirement, Opportunities ... while FINANCIAL SECURITY & TAX-FREE INCOME for your family and loved ones.
Estate Planning : can be used to Equalize Inheritances or Provide Funds For Estate Taxes...
I am a Professional Financial Coach, Tax Advisor, and Licensed Insurance Broker
I am happy to assist you with your Financial Planning, Tax Planning, Budgeting, Debt Management, and Insurance Needs
Md Mukhter Hossain, CEO
Financial Service Consultant
ICOR Multi Services Inc.
7226 Roosevelt Ave, Suite - 201, Jackson Heights, NY 11372
347-266-3376, 646-651-0945 icormultis@gmail.com




HP
HAVEN POINT
HOME CARE INC.
A Home Health Care Consultant
PCA HOME CARE SERVICE
আমরা সর্বোচ্চ রেট পেতে সহযোগিতা করছি
আপনি কি PCA HOME CARE সেবা নিতে চান?
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদানে সহায়তাসহ হোম কেয়ার সংক্রান্ত সকল প্রকার সহযোগিতা করে থাকি।
ডে কেয়ারের সেবা নিলে পাচ্ছেন সর্বোচ্চ সুযোগ সুবিধা
আমাদের সাথে যোগাযোগ করুন:
470 447 8625
917 519 1151
ডে কেয়ার ও হোম কেয়ার সেবা নিতে আজই যোগাযোগ করুন
1088 Liberty Ave. Brooklyn, NY 11208


First Time in NY
COMMUNITY
CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
AIRPORT
300 ROAD
যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372


Video & Photo
PRODUCTION
SERVICES
DFC TV
DREAM FRAME CREATIVE
Brand Videos
Event Coverage
Product Demos
Corporate Videos
Video Editing
সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার?
আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!
আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি
ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও
–সবকিছু এক ছাতার নিচে!
Phone
(646) 457-6732
(929) 498-0979
Website
www.dfcreative.org
Location
Jamaica, NY 11432


UB
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services,
Loan Modification, Real Estate Property Investment.


আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

## Charles Rutenburg Realty Inc.

255 Executive Drive, Suite 104, Plainview, New York 11803
Office: (516) 575-7500 | Fax: (516) 575-7501
www.crrli.com

আমরা বাড়ী ক্রয়-বিক্রয় করিতে সহায়তা করে থাকি।

OneKey® MLS



**Shamsud Doha**
Licensed Real Estate Salesperson
(718) 415-0013
doha57@aol.com

• RESIDENTIAL • CO-OP & CONDO • SHORT SALE • FORECLOSURES

We Speak বাংলা, English, हिन्दी العربية

## ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
**আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।**



**Dr. Rehana Alam**
DO, DPM
Board certified family medicine physician

**আমাদের সেবাসমূহ :**

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

## WIN ZONE REALTY INC.

Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



**Somnath Ghosh ( SAM)**
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
**646-597-1760**

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com

## মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?

**Low Income, No Problem**

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

**646-920-4799**

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য



- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

# Empire Care Agency

LHCSA Licensed Home Health Care

## PCA / HHA SERVICE

WHY CHOOSE US?

**We Pay The Highest Rate**

Our Experienced Nurse Will Advocate for your more Hours

হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি



NURUL AZIM
CEO
516-451-3748

OUR SERVICES
- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping



$23 Per Hour Giver to PCA & HHA Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com



ঈদ উপলক্ষে 10% DISCOUNT

# DUO NEST
REAL ESTATE TUTORING CENTER

নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

আমাদের সুযোগ ও সুবিধা

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# নারায়ণগঞ্জ সোসাইটির বনভোজনে অভুত পূর্ব উপস্থিতি

৬৪ পৃষ্ঠার পর

শুরু হয়। বিশেষ অতিথিদের ও আগত অন্যান্য অতিথিদের স্বাগত জানান সোসাইটির সভাপতি মোস্তফা জামান শামীম ও সাধারণ সম্পাদক হাজি শাহীন আহমেদ। এসময় উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ও প্রধান উপদেষ্টা মোঃ গোলাম হোসেন, নারায়ণগঞ্জ-২ আসনের সাবেক সংসদ সদস্য নজরুল ইসলাম বাবু, উপদেষ্টা- অধ্যাপক রফিকুল ইসলাম, উপদেষ্টা ও সাবেক সভাপতি হুমায়ুন কবির তুহিন, মো. ফরিদ মিয়া, সর্দার আনোয়ার হোসেন, এম এ হান্নান , মোঃ হোসেন প্রমুখ। এছাড়া সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন শরীফা আসমা, মো. টমাস আহমেদ, আনিস আহমেদ, রিমা খান, লাভলী চৌধুরী আঁখি, খুরশিদা বেগম, মীর মহসিন, জহিরুল ইসলাম জহির, মিরাজ খান, তাসমিম আবির ও মাসুদ আহমেদ সহ আরো অনেকে। খেলা-ধুলা পর্বে ছিল ছোট ছেলে-মেয়েদের দৌড় প্রতিযোগিতা



ও মহিলাদের পিলো-পাসিং সে সাথে বিজয়ীদের জন্য ছিল আকর্ষণীয় পুরুস্কার। দুপুরের খাবারে ছিল একটু ব্যতিক্রম অর্থাৎ ৮ আইটেম এর খাবার দিয়ে সবাইকে আপ্যায়িত করা হয়। দিনভর আরো আয়োজনে ছিল চা, তরমুজ, ঝাল মুড়ি, রসগোল্লা ও পায়েস। সব শেষে শুরু হয় পুরুস্কার বিতরণ ও রাফেল ড্র। এসময় অতিথিদের মধ্যে থেকে অনেকে বক্তব্য রাখেন। সাবেক সভাপতি তুহিন তার বক্তব্যে নতুন সভাপতি ও সকল সদস্যদের শুভেচ্ছা জানান এবং বলেন যদি সংগঠনের দায়িত্ব পালন কালে কারো প্রতি অন্যায় হয়ে থাকে সে জন্য ক্ষমা প্রার্থনা করেন। এছাড়াও বাংলাদেশ সোসাইটির বর্তমান কমিটির সাধারণ সম্পাদক মো. আলী, সহ-সভাপতি কামরুল ইসলাম, স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক হাসান জিলানীসহ অনেক নেতৃবৃন্দ উপস্থিত থেকে বক্তব্য দেন। মো. আলী বলেন আমি আপনাদের নারায়ণগঞ্জের সন্তান অনেক বছর সোসাইটি থেকে কমিউনিটির সেবা দিয়ে আসছি, আশা করি সোসাইটির আসন্ন নির্বাচনে নারায়ণগনজ্ঞবাসি হিসাবে আপনারা সবাই আমাকে ভোট দিয়ে পুনরায় নির্বাচিত করে প্রবাসে নারায়ণগঞ্জবাসীর মুখ উজ্জ্বল করবেন। তারপর বিভিন্ন নেতৃবৃন্দ ও অতিথিরা খেলা-ধুলা ও রাফেল ড্র র বিজয়দের হাতে পুরুস্কার তুলে দেন। সর্বশেষে সভাপতি মোস্তফা জামান শামীম বনভোজনকে সফল করার জন্য যারা সহযোগিতা করেছেন এবং প্রায় সাড়ে তিনশত নারায়ণগঞ্জবাসী উপস্থিত থেকে বনভোজনকে সার্থক করার জন্য এবং ভবিষ্যতেও সকল অনুষ্ঠানে এভাবে সাপোর্ট অব্যাহত রাখার আহবান জানান। এ ছাড়াও তিনি ডা. শামীম আহমেদ, মো. শারিয়ার, মো. জাহিদ আলম, শামসুল হক, সরফরাজসহ অন্যান্যদের প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করে এদিনের অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।


















# নিউইয়র্কে নরসিংদী জেলা সমিতির বার্ষিক বনভোজন

৬২ পৃষ্ঠার পর

ইসহাক খোকা সাবেক সভাপতি ও ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান নরসিংদী জেলা সমিতি গেষ্ট অব অনার আহসান হাবীব সাবেক সভাপতি নরসিংদী জেলা সমিতি। আনারেবল গেষ্ট অব চেয়ারপারসন ডা. নাজমুল খান সাবেক চেয়ারম্যান ট্রাস্টি বোর্ড নরসিংদী জেলা সমিতি।

দক্ষ পরিকল্পনা, নিষ্ঠা ও আন্তরিক প্রচেষ্টায় বনভোজনটি সাফল্যের সঙ্গে সম্পন্ন হয়। আয়োজন বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন এবং যারা এবারের বার্ষিক বনভোজন সফলভাবে সম্পন্ন করতে সহযোগিতা করেছেন তাদের কে নিয়ে একটি শক্তিশালী 'বনভোজন উদযাপন কমিটি' গঠন করা হয়েছে। কমিটির নেতৃত্বে রয়েছেন-আহবায়ক: জসিম উদ্দিন খন্দকার,প্রধান সমন্বয়কারী: ইকবাল এ ভূঁইয়া,সদস্য সচিব: জিয়াউর রহমান,যুগ্ম আহবায়ক: মাসুদুর রহমান মুরাদ,সমন্বয়কারী: মতিউর রহমান,যুগ্ম সদস্য সচিব: মোফাজ্জেল হোসেন।



শুরুতেই বেলুন উড়িয়ে বনভোজনের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন বাংলাদেশ এসেম্বলি অফ ইউএসএর ও নরসিংদী জেলা সমিতির কার্যকরী কমিটির সদস্যবৃন্দ ও আমন্ত্রিত অতিথি রা। অনুষ্ঠানের প্রধান অতিথি একেএম আফজাল উদ্দিন মনির বলেন প্রবাসের যান্ত্রিক জীবন থেকে কিছুটা মুক্তি পেতে এবং নিজেদের মাঝে ভ্রাতৃত্বের বন্ধন আরও সুদৃঢ় করতে প্রতিবছর এই রকম এই বনভোজনের আয়োজন প্রয়োজন। প্রধান





পৃষ্ঠপোষক আজহারুল ইসহাক খোকা বলেন ,আমি বলব ঐক্যের কোনো বিকল্প নেই। সবাইকে একে অপরের পাশে দাঁড়াতে হবে। আজকের এই আয়োজন প্রমাণ করে যে নরসিংদীবাসী ঐক্যবদ্ধ।

সংগঠনের সভাপতি শামিম গফুর বলেন, উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, আমরা সুন্দর পরিবেশে বনভোজনের আয়োজনের চেষ্টা করেছি। আমাদের যদি কোন ভুলত্রুটি থাকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। যারা এই পিকনিকে অংশ নিয়েছেন সবাইকে ধন্যবাদ জানাই।

সাধারণ সম্পাদক এহসানুল হক বাবুল বলেন, আমরা চাই ঐক্যবদ্ধভাবে এই সংগঠনকে আরও এগিয়ে নিয়ে যেতে। আমি সকলের প্রতি কৃতজ্ঞ, এত সুন্দর একটি আয়োজনে সহযোগিতা করার জন্য। ভবিষ্যতে আরো সুন্দর করে, আর বড় পরিসরে এমন আয়োজনের চেষ্টা থাকবে। আহবায়ক জসিম উদ্দিন খন্দকার বলেন, ঐক্যবদ্ধ সমিতির কোন বিকল্প নাই। বার্ষিক বনভোজন ২০২৬ উপলক্ষে 'মেঘনা' নামে বিশেষ প্রকাশনা প্রকাশ করা হয় সেটির মোড়ক উন্মোচন করেন নরসিংদী জেলা সমিতির কার্যকরী কমিটির সদস্যবৃন্দ ও আমন্ত্রিত অতিথিরা। অনুষ্ঠানে বড়দের পাশাপাশি শিশুদের জন্য ছিলো আকর্ষণীয় খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান। সংগঠনের সদস্যদের সংগীত পরিবেশনা মুগ্ধ করে সবাইকে। দিনব্যাপী আয়োজনে বড় ও ছোটদের জন্য আকর্ষণীয় খেলাধুলা, মহিলাদের পিলো খেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা ছিলো। এছাড়া বনভোজনের অন্যতম প্রধান আকর্ষণ হিসেবে ছিলো জমকালো র‌্যাফেল ড্র।

পিকনিক উপ-কমিটির সদস্যবৃন্দ: বনভোজন সফল করতে দিনরাত পরিশ্রম করেছেন উপ-কমিটির সম্মানিত সদস্যবৃন্দ: মোঃ ইসমাইল হোসেন, ফিরোজ আহমেদ, বি এম মামুন, মোঃ গোলাম মোস্তফা, আব্দুল কাইয়ুম, অলিউল্লাহ খন্দকার সুমন, রাশিদুল কবির সজল, ইয়াসিন মিয়া, জোহরা বেগম, মোঃ সাইফুর রহমান, মোঃ নাজমুল হক, মোঃ জাহাঙ্গীর আলম, জাকির এইচ খান, মোঃ মাহফুজুর রহমান, সালাহউদ্দিন খান সুমন, মোঃ মাহবুবুল আলম, কাজী কামরুজ্জামান, সাহাদৎ হোসেন খান স্বপন, মোঃ আতিকুর রহমান, মোঃ কামাল চৌধুরী, জেরিন আজাদ, শামীমা খান ও নাসরিন জাহান সুমি।

অনুষ্ঠানের সার্বিক সহযোগিতায় নিয়োজিত রয়েছেন সংগঠনের ডেডিকেটেড নেতৃবৃন্দ: মোঃ আনোয়ার হোসেন, আজহারুল ইসহাক খোকা, আহসান হাবীব, মোঃ মাহমুদ হোসেন, বি এম মুরাদ, ইঞ্জিনিয়ার আহসানুল হক, মাহবুবুর রহমান চন্দু, ইঞ্জিঃ নুরুল হক, অধ্যক্ষ মো. জয়নাল আবেদীন, মোঃ মহিসিন হোসেন, জাহিদুল আহমেদ সাজিদ, এ কাদের জিলানী ও মোঃ রেজাউল খালেক খালিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন: বাংলাদেশ সোসাইটির ইনক এর সভাপতি মো: আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ-সভাপতি মো. মহিউদ্দিন দেওয়ান, সহ-সভাপতি মোঃ কামরুজ্জামান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির কমু কিয়োজ পরিষদের সহ-সভাপতি পদপ্রার্থী দুলাল বেপেন্দু, বাবুল আহমেদ ,বাংলাদেশ এসেম্বলি অফ ইউএসএর সভাপতি শামীম হাসান ও সাধারণ সম্পাদক মুহাম্মদ ইসলাম কলিম, মতলব সমিতির উপদেষ্টা ফারুক হোসেন মজুমদার ও সাধারণ সম্পাদক মিএা ফয়েজ আহমেদ সহ আরও অনেক। এছাড়া আরও উপস্থিত ছিলেন বিশিষ্ট ব্যবসায়ীসহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ।




# প্রবাসী মতলব সমিতি'র বার্ষিক বনভোজন ও মিলনমেলা

৩ পৃষ্ঠার পর

জানিয়েছেন। এবারের বনভোজনকে উৎসবমুখর করতে কাজ করেছেন একটি শক্তিশালী উদযাপন কমিটি। যার আহবায়ক হিসেবে দায়িত্ব পালন করেছেন মোঃ শফিকুল ইসলাম, সদস্য সচিব : সরোয়ার হোসেন ফারুক। প্রধান সমন্বয়কারী সাকিল মিয়া এবং সার্বিক তত্ত্বাবধানে ছিলেন মোঃ কবির রতন।

শুরুতেই বেলুন উড়িয়ে বনভোজনের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন প্রবাসী মতলব সমিতির কার্যকরী কমিটির সদস্যবৃন্দ ও আমন্ত্রিত অতিথিরা। সংগঠনের সভাপতি মোঃ নাজির উদ্দিন পাটোয়ারী বলেন,প্রবাসের যান্ত্রিক জীবন থেকে কিছুটা মুক্তি পেতে এবং নিজেদের মাঝে ভ্রাতৃত্বের বন্ধন আরও সুদৃঢ় করতে প্রতিবছরের মতো এবারও এই বনভোজনের আয়োজন করা হয়েছে।

সাধারণ সম্পাদক মিএা ফয়েজ আহমেদ বলেন, এই বনভোজন মতলববাসীর একটি মিলনমেলা। আমরা চাই ঐক্যবদ্ধভাবে এই সংগঠনকে আরও এগিয়ে নিয়ে যেতে।আমি সকলের প্রতি কৃতজ্ঞ, এত সুন্দর একটি আয়োজনে সহযোগিতা করার জন্য। ভবিষ্যতে আরো সুন্দর করে, আর বড় পরিসরে এমন আয়োজনের চেষ্টা থাকবে। সার্বিক তত্ত্বাবধায়ক মোঃ কবির রতনবলেন, ঐক্যবদ্ধ সমিতির কোন বিকল্প নাই।

বনভোজন উপলক্ষে 'হৃদয়ে মতলব' নামে বিশেষ প্রকাশনা প্রকাশ করা হয় সেটির মোড়ক উন্মোচনের পর্বটি পরিচালনা করেন বিশিষ্ট শিশুসাহিত্যিক হুমায়ুন কবীর ঢালী ও সাকিল মিয়া। অনুষ্ঠানে বড়দের পাশাপাশি শিশুদের জন্য ছিলো আকর্ষণীয় খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রবাসের জনপ্রিয় শিল্পী কামরুজ্জামান বকুল, শাহ মাহবুব ও ক্লোজআপ ওয়ান তারকা নীলিমা শশী ও জনির সংগীত পরিবেশনা মুগ্ধ করে সবাই কে।

বনভোজনের অন্যতম প্রধান আকর্ষণ হিসেবে ছিলো জমকালো র‌্যাফেল ড্র প্রথম পুরস্কার: ১০০০ ডলার সৌজন্যে: মোঃ শফিকুল ইসলাম, দ্বিতীয় পুরস্কার: স্বর্ণের চেইন তৃতীয় পুরস্কার ৬০০ ডলার সৌজন্যে : আমেরিকান বাংলাদেশ অ্যাসেম্বলী অফ ইউ,এস এ ইনক। সহ দশটি মূল্যবান পুরস্কার দেওয়া হয়।



কার্যকরী কমিটি (২০২৫-২০২৭) : অনুষ্ঠানে সংগঠনের সাংগঠনিক শক্তি প্রদর্শনে মূল ভূমিকায় ছিলেন নির্বাচিত কার্যকরী কমিটির কর্মকর্তা ও সদস্যবৃন্দ। সম্পূর্ণ কমিটিতে যারা রয়েছেন: সভাপতি: মোঃ নাজির উদ্দিন পাটোয়ারী (সোহেল), সাধারণ সম্পাদক: মিএা ফয়েজ আহমেদ জুয়েল সহ-সভাপতি: ফারুক হোসেন পাটোয়ারী, সহসভাপতি: রাবেয়া বসরী,সহ সভাপতি: অভতোষ চন্দ্র সাহা,সহ সভাপতি: তৌহিদুল ইসলাম, সহ সভাপতি: এম শফিকুল





ইসলাম, সহসভাপতি: আলী আজম, সহসভাপতি: মো. আনোয়ার হোসেন, সহসভাপতি: মোঃ এমদাদুল হক, যুগ্ম সাধারণ সম্পাদক: এস এম হাবিবুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক: মোঃ জয়নাল আবেদীন, যুগ্ম সাধারণ সম্পাদক: সরোয়ার হোসেন ফারুক, কোষাধ্যক্ষ: মোঃ হাবিবুর রহমান, সাংগঠনিক সম্পাদক: গোলাম কিবরিয়া তপন, সহ-সাংগঠনিক সম্পাদক: আল আমিন হাওলাদার, দেলোয়ার হোসেন, সাংস্কৃতিক সম্পাদক: মোঃ আবু সালেক সুমন, সাহিত্য সম্পাদক: হুমায়ুন কবীর ঢালী, আন্তর্জাতিক সম্পাদক: মো. ইমন পাটোয়ারী, ক্রীড়া সম্পাদক: তপন সাহা, প্রচার সম্পাদক: মোঃ কামরুল আমিন সুমন, দপ্তর সম্পাদক: সুমন দাস, মহিলা সম্পাদিকা: নীমা জামান, সহ-মহিলা সম্পাদিকা: মাসহুরা আক্তার।

কার্যকরী সদস্যবৃন্দ: মো. রিয়াদ নেতা, মো. কবির হোসেন, মোঃ রবিউল আলম, মোঃ বিপ্লব বুলু, মোঃ আবু নাছের পাটোয়ারী, মো. আব্দুল জলিল প্রধান, মো. জিসান আহমেদ, মোঃ জাহাঙ্গীর আলম, মোঃ আরিফুল ইসলাম, মোঃ মনজুর আলম ইমন।

প্রতিষ্ঠাতা সদস্যবৃন্দ: প্রবাসী মতলব সমিতির ভিত্তিপ্রস্তর স্থাপনকারী সম্মানিত প্রতিষ্ঠাতা সদস্যবৃন্দের অবদানকে শ্রদ্ধাভরে স্মরণ করা হয়। তারা হলেন: মোঃ কবির রতন, গোলাম সারোয়ার দুলাল, শাহাদাত হোসেন, জ্যোতিষ চন্দ্র কীর্তনীয়া, ফয়েজ উল্যাহ প্রধান, সাকিল মিয়া, মিএা ওবায়েদুর রহমান, সাঈদ উদ্দিয়ান।

উপদেষ্টা পরিষদ: সংগঠনের যেকোনো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও দিকনির্দেশনায় কাজ করে যাচ্ছেন উপদেষ্টা পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ, যারা অনুষ্ঠানে উপস্থিত থেকে আয়োজনকে সমৃদ্ধ করেছেন- ফারুক হোসেন মজুমদার, নাজমুল এ ফারুক, আহমেদ আহসান মেহেদী, মনিরুজ্জামান মজুমদার, মো. শুক্কুর রহমান, এম এ মালেক, মো: মাহফুজুর রহমান, কে আলম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ সোসাইটির ইনক এর সভাপতি মো: আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ-সভাপতি মো. মহিউদ্দিন দেওয়ান, সহ-সভাপতি মোঃ কামরুজ্জামান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সাংগঠনিক সম্পাদক জিকু খান, কমিউনিটির অতি পরিচিত মুখ ফাহাদ সোলাইমান, কমিউনিটি একটিভিস্ট শাহনেওয়াজ হোসেন, মিলকিন খান, বৃহত্তর কুমিল্লা সমিতির সাবেক সহ-সভাপতি ও বর্তমানে বাংলাদেশ সোসাইটির নির্বাচন কমিশনার মিয়া মোহাম্মদ দুলাল, উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির কমু কিয়োজ পরিষদের সহ-সভাপতি পদপ্রার্থী দুলাল বেপেন্দু, রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের সাবেক সভাপতি জনাব মাওলানা ফখরুল ইসলাম মাসুম, রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক মোঃ সোহেল গাজী, বাংলাদেশ এসেম্বলি অফ ইউএসএর সভাপতি শামীম হাসান ও সাধারণ সম্পাদক মুহাম্মদ ইসলাম কলিম সহ আরও অনেক। এছাড়া আরও উপস্থিত ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী শাহ ফাউন্ডেশনের সিইও জনাব শাহ জে চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী কারী ফ্রেন্ডসের প্রতিষ্ঠাতা বিপুব, ভয়েজ অফ আমেরিকার বাংলা বিভাগের প্রাক্তন সাংবাদিক ও লেখক জনাব আকবর হায়দার কিরন, বিশিষ্ট কবি ও লেখক শিব্বীর আহমেদ, টি আই ভি এর সাবেক পরিচালক মো. রেজাউল করিম সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ।

## অদৃশ্য ষড়যন্ত্র চলমান

৫ পৃষ্ঠার পর

শূন্যতা তৈরি হয়েছে, তা পূরণ করার মতো বিকল্প কোনো নেতৃত্ব নেই।

২০০৮ থেকে ২০২৪ পর্যন্ত দীর্ঘ সময় বিএনপির ওপর চরম অত্যাচার-নিপীড়ন চলেছে। কেন্দ্রীয় নেতারা গ্রেপ্তার হয়েছেন, নেতাকর্মীদের বিরুদ্ধে মামলা হয়েছে; কিন্তু সুবিধাবাদী কিছু লোক ছিটকে গেলেও মূল নেতাকর্মীরা দল ত্যাগ করেননি। দীর্ঘ ১৭ বছরের ত্যাগ-তিতিক্ষা ও আন্দোলনের পর ২০২৪ সালের ছাত্র-জনতার অভ্যুত্থানের মধ্য দিয়ে স্বৈরাচারী আওয়ামী সরকারের পতন ঘটে।

এরপর ২০২৬ সালের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিপুল বিজয় অর্জন করে বিএনপি নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করে। বর্তমানে দলের চেয়ারম্যান তারেক রহমান প্রথমবারের মতো দেশের প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করছেন। এ পর্যন্ত বিএনপি মোট পাঁচবার সরকার গঠন করার গৌরব অর্জন করেছে, যা দলের মূল সফলতা।

একটি ভঙ্গুর অর্থনৈতিক অবস্থার মধ্যে বিএনপি সরকার দায়িত্ব নিয়েছে। এ অবস্থায় জাতির কাছে দেওয়া প্রতিশ্রুতিগুলো বাস্তবায়ন এবং জনআকাঙ্ক্ষা পূরণ করাই বর্তমান সরকারের জন্য বড় চ্যালেঞ্জ। ষড়যন্ত্র এখনো থেমে নেই; দৃশ্যমান না হলেও অদৃশ্য ষড়যন্ত্র চলমান। সেই ষড়যন্ত্র মোকাবিলা করে গণতন্ত্রের ধারাবাহিকতা রক্ষা করাই আমাদের লক্ষ্য। প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে দায়িত্ব গ্রহণের পর থেকেই নির্বাচনী অঙ্গীকার ও প্রতিশ্রুতিগুলোর বাস্তবায়ন শুরু হয়েছে। এই স্বল্প সময়ে প্রতিশ্রুতির প্রতিটি ক্ষেত্রে একটি মজবুত 'ভিত্তি' স্থাপিত হয়েছে। এগুলো পরিপূর্ণ করার জন্য যে আন্তরিকতা প্রয়োজন, তা প্রধানমন্ত্রী তারেক রহমানের মধ্যে রয়েছে। জনগণও বিশ্বাস করে- বিএনপি পারবে এবং বিএনপি করবে। জনগণের সেই আস্থা নিয়েই বিএনপি সামনের দিনগুলোতে একটি সমৃদ্ধ ও স্বনির্ভর বাংলাদেশ গড়ে তুলবে।

লেখক: স্থায়ী কমিটির সদস্য, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)।

## প্রবাহের আয়োজনে কবি নজরুল ও মতিউর রহমান মল্লিকের স্মরণসভা

৬২ পৃষ্ঠার পর

লেখা কবিতা আবৃত্তি, ছড়া পাঠ ইত্যাদি থাকে আয়োজনে। প্রধান অতিথি ড. রফিকুল ইসলাম বলেন, কবি কাজী নজরুল ইসলাম যখন যেখানে থেকেছেন, বিভিন্ন বিষয় নিয়ে তিনি শুধু লিখেই গেছেন। প্রায় ৪ হাজারের মত কবিতা গান লিখে গেছেন তিনি। তাঁর একাডেমিক শিক্ষা কম হলেও তাঁকে পড়ে উচ্চ ডিগ্রি নিতে হয়। একজন মানুষের এতগুলো গুনের কোনটাই বলে শেষ করা যাবেনা। মাত্র ২২ বছর বয়সে তিনি 'বিদ্রোহী' কবিতা লিখে বিদ্রোহী কবি হয়েছিলেন।

গীতিকার, কলামিস্ট ও পর্যটন বিশেষজ্ঞ ড. মামুন আশরাফী বলেন, কবি কাজী নজরুল ইসলাম বাঙালির হৃদয়ে মননে সবসময়ই প্রাসঙ্গিক ছিলেন ও থাকবেন। তিনি ধর্মনিরপেক্ষ দৃষ্টিভঙ্গি পোষণ করতেন। কবি মতিউর রহমান মল্লিক প্রসঙ্গে তিনি বলেন, কবি মল্লিক হাজারেরও বেশি গান লিখেছেন এবং ইসলামি গান রচনায় তিনি সর্বাগ্রে অবস্থান করছেন। ইসলামী সঙ্গীতকে তিনি অনেকদূর এগিয়ে নিয়েছেন।

কবি নুরুল মোস্তফা রঈসী কবি কাজী নজরুল ইসলাম নিয়ে আলোচনার পর "বিদ্রোহী" কবিতা আবৃত্তি করেন। এরপর তিনি আশির দশকের কবি, গীতিকার, সুরকার মতিউর রহমান মল্লিক এর সাথে তাঁর স্মৃতিচারণ করেন ও কবির "একটি হৃদয়" কবিতাটি আবৃত্তি করেন। তিনি বলেন, ইসলামী গান রচনায় কবি নজরুলের পর কবি মল্লিক তাঁর উত্তরসূরী।

লেখক, কলামিস্ট ও রাজনৈতিক বিশ্লেষক রিমন ইসলাম কবি নজরুলকে সাম্য ও মানবতার কবি উল্লেখ করে বলেন, তিনি সুস্থ অবস্থায় বেঁচে থাকলে আমরা তাঁর অনেক অমূল্য রচনা পেতাম ও তাঁকে নিয়ে নোবেল পুরস্কারের স্বপ্ন দেখতাম।

সাহিত্য সংগঠক জনাব শাহ আলম কবি কাজী নজরুল ইসলামকে সরাসরি দেখার স্মৃতিচারণ করে কবিকে নিয়ে দীর্ঘ আবেগময় আলোকপাত করেন। বিশিষ্ট আবৃত্তিকার এম. এ. সাদেক কবি কাজী নজরুল ইসলামকে নিয়ে আলোচনাশেষে 'মানুষ' কবিতাটি আবৃত্তি করেন।

কবি, প্রাবন্ধিক এস. এম. মোজাম্মেল হক কবি কাজী নজরুল ইসলামকে নিয়ে আলোচনার পর কবিকে নিয়ে তাঁর স্বরচিত কবিতা 'নৈনিক কবি' পাঠ করেন। বিশিষ্ট বাচিকশিল্পী ও টিভি উপস্থাপক জি. এম. ফারুক খান কবি কাজী নজরুল ইসলাম এর 'যদি আর বাঁশী না বাজে' অভিভাষণ এর কিয়দংশ আবৃত্তি করেন। 'গ্রীন টিভি' এর সিইও শিক্ষাবিদ এনায়েত কবি নজরুল নিয়ে আলোচনা করেন। কবি ও ছড়াকার সোহেল হামিদ তাঁর রচিত ক্রোধের ছড়া 'বৈষম্য' আবৃত্তি করেন। আনিসুর রহমান ভূঁইয়া লোকসাহিত্যের গুরুত্বপূর্ণ অঙ্গ - কয়েকটি ধাঁধা পরিবেশন করেন। সভাপতির বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

## গ্রিন কার্ড ও ওয়ার্ক পারমিট ফরমে সেপ্টেম্বর থেকে পরিবর্তন

৬২ পৃষ্ঠার পর

কাগজপত্রের ফাঁদে পড়তে যাচ্ছেন। পরিবর্তন ঘটবে তিনটি ফরমে, সেগুলো যুক্তরাষ্ট্রে অভিবাসনের ক্ষেত্রে সবচেয়ে অধিক ব্যবহৃত ফরম হিসেবে বিবেচিত। এগুলো হচ্ছে, স্ট্যাটাস অ্যাডজাস্টমেন্টের জন্য 'ফরম আই-৫৩৯'; ওয়ার্ক পারমিটের জন্য আবেদন করার জন্য 'ফরম আই-৭৬৫,' যেটির অফিসিয়াল নাম 'এমপ্লয়মেন্ট অথরাইজেশন ডকুমেন্ট' বা সংক্ষেপে 'ইএডি,' এবং গ্রিন কার্ড বা যুক্তরাষ্ট্রের বৈধ স্থায়ী বাসিন্দার মর্যাদা লাভের জন্য আবেদন করার জন্য 'ফরম আই-৪৮৫'।

পুরোনো আবেদন ফরমগুলোর সময়সীমা শেষ হয়ে গেলে কেউ যদি ভুলবশতও সেগুলো পূরণ করে ইউএসসিআইএস এ পাঠান, তাহলে সেগুলো বিবেচনা না করে আবেদনকারীর কাছে ফেরত পাঠাবে। তাকে আবার নতুন করে নতুন ফরমে আবেদন করতে হবে। অতএব, যারা অভিবাসন প্রক্রিয়ার সংশ্লিষ্ট পর্যায়গুলোর জন্য আবেদন করতে আগ্রহী, তাদের সতর্কতার সঙ্গে ফরমের ওপরে মুদ্রিত তারিখ দেখে আবেদন করতে হবে। এতে আবেদনকারীর অহেতুক কয়েক সপ্তাহ অতিরিক্ত সময় লেগে যাবে। সেপ্টেম্বরের (২০২৬) মাঝামাঝি সময় থেকে উল্লিখিত তিনটি নতুন আবেদন ফরম কার্যকর হবে। পুরোনো সংস্করণগুলো আর গ্রহণ করা হবে না।

গ্রিন কার্ডের জন্য আবেদনের নতুন ফরম আই-৪৮৫ ইস্যু করা হবে আগামী ১৮ সেপ্টেম্বর থেকে, যেটি জানুয়ারি ২০২৫ থেকে ব্যবহৃত সংস্করণের স্থলাভিষিক্ত হচ্ছে। নতুন আবেদন ফরমে এমন কিছু প্রশ্ন যুক্ত হতে যাচ্ছে, যার মাধ্যমে মূল্যায়ন করা হবে যে, আবেদনকারী ভবিষ্যতে গ্রিনকার্ড লাভ করলে তার 'পাবলিক চার্জ' সরকারি সহায়তার ওপর নির্ভরশীল হওয়ার আশংকা আছে কি না, তা মূল্যায়ন করা হবে। এ সম্পর্কে বর্তমান ফরমে দুটি আলাদা প্রশ্ন রয়েছে, একটি হচ্ছে, আবেদনকারী কর্তৃক অতীতে নেওয়া নগদ সহায়তা সম্পর্কিত এবং অন্যটি দীর্ঘমেয়াদি প্রাতিষ্ঠানিক সেবাগ্রহণে পরিচর্যা সম্পর্কিত। নতুন ফরমে প্রশ্ন দুটিকে একটি প্রশ্নে করে জানতে চাওয়া হচ্ছে আবেদনকারী কখনো তার নিম্ন আয়ের কারণে সরকারি কোনো সুবিধা গ্রহণ করেছেন কি না, এবং যদি গ্রহণ করে থাকেন, সেসব সুবিধার ধরন, কবে তা গ্রহণ করেছেন, কি পরিমাণ অর্থ গ্রহণ করেছেন, তা বিস্তারিত জানাতে হবে। অর্থাৎ আবেদনকারীকে প্রমাণ করতে হবে তার আয় ও সম্পদের পরিমাণ নির্দিষ্ট আয় ও সম্পদসীমার নিচে ছিল এবং সে কারণে তাকে সরকারি সহায়তা গ্রহণ করতে হয়েছে। ট্রাম্প প্রশাসনের অভিবাসন নীতিতে যুক্তরাষ্ট্রে নতুন করে অভিবাসী বা শরণার্থী গ্রহণ ক্ষেত্র বিশেষে বন্ধ এবং সাধারণভাবে হ্রাস করা হয়েছে, কিন্তু একই সঙ্গে শ্বেতাঙ্গ দক্ষিণ আফ্রিকানদের যুক্তরাষ্ট্রে প্রবেশের সুযোগ অবারিত করেছে।

## আঞ্চলিক অর্থনৈতিক রাজনীতিতে বাংলাদেশ

৬ পৃষ্ঠার পর

প্রধান কৌশলগত মিত্র কোয়াড বা জোটের সদস্য।

চাপ সোনাদিয়ার গভীর সমুদ্র বন্দর প্রকল্প হাতছাড়া হওয়া চীনের জন্য একটি বড় ধাক্কা ছিল। তবে চীন দমে যায়নি, তারা পায়রা বন্দর এবং মোংলা বন্দরের উন্নয়নে বাংলাদেশকে বড় অঙ্কের ঋণ ও প্রযুক্তিগত সহায়তা দিচ্ছে এবং বিকল্প উৎস হিসেবে বেছে নিয়েছে।

মিয়ানমারে চীন কিয়াউকপ্যু গভীর সমুদ্র বন্দর তৈরি করছে। এর মাধ্যমে চীন তাদের মালাক্কা প্রণালীর ওপর নির্ভরতা কমিয়ে সরাসরি ভারত মহাসাগরে প্রবেশাধিকার পাচ্ছে।

ঋণ ও অবকাঠামো নীতিতে চীন তাদের 'বেল্ট অ্যান্ড রোড' ইনিশিয়েটিভ এর আওতায় বাংলাদেশের অন্যান্য মেগা প্রজেক্টে যেমন টানেল, সেতু ও রেললাইন ইত্যাদিতে বিনিয়োগ বাড়াচ্ছে, যাতে বাংলাদেশ সম্পূর্ণভাবে জাপান-ভারত বলয়ে চলে না যায়।

বাংলাদেশের ভারসাম্য রক্ষার নীতিতে বাংলাদেশ এই তিন পরাশক্তির প্রতিযোগিতার মধ্যে অত্যন্ত সাবধানতার সাথে 'সবার সাথে বন্ধুত্ব, কারও সাথে বৈরিতা নয়' নীতি বজায় রাখছে। সামরিক ও কৌশলগত স্পর্শকাতর প্রকল্প যেমন মাতারবাড়ি জাপানকে দেওয়া হয়েছে, যা ভারত ও যুক্তরাষ্ট্রকে শান্ত রাখছে।অন্যদিকে, বাণিজ্যিক ও উৎপাদনমুখী অন্যান্য বড় প্রকল্পের কাজ চীনকে দেওয়া হচ্ছে যার ফলে ভারসাম্য বজায় রাখা যায়।

জাপান, ভারত ও চীনের এই ত্রিমুখী প্রতিযোগিতার কারণে বাংলাদেশের অর্থনীতি এবং রাজনীতিতে বেশ কিছু বড় ঝুঁকি ও চ্যালেঞ্জ তৈরি হতে পারে।বিশ্বরাজনীতিতে যখন একাধিক পরাশক্তি কোনো একটি নির্দিষ্ট অঞ্চল বা বন্দর নিয়ে প্রতিযোগিতায় নামে, তখন উপকূলীয় দেশের জন্য সার্বভৌমত্ব ও অর্থনৈতিক স্বাধীনতা বজায় রাখা কঠিন হয়ে পড়ে।

মাতারবাড়ি জাপান, পায়রা চীনএবং মোংলা পোর্টের ( ভারত-চীন যৌথ আগ্রহ) মতো মেগা প্রকল্পগুলোর জন্য বাংলাদেশ বিদেশি ঋণের ওপর নির্ভরশীল। প্রকল্পগুলো সময়মতো লাভজনক না হলে শ্রীলঙ্কার হাম্বানটোটা বন্দরের মতো ঋণের ফাঁদে পড়ার ঝুঁকি থেকে যাচ্ছে।

এ ছাড়া আরও কয়েকটি ঝুঁকিপূর্ণ বিষয় উল্লেখ করা প্রয়োজন।

যদিও মাতারবাড়ি বা কিয়াউকপ্যু (মিয়ানমার) বাণিজ্যিকভাবে তৈরি হচ্ছে, তবে যুদ্ধ বা জরুরি পরিস্থিতিতে এগুলোকে সাবমেরিন বা যুদ্ধজাহাজের লজিস্টিক বেস হিসেবে ব্যবহারের একটা সুপ্ত আকাঙ্ক্ষা পরাশক্তিগুলোর থাকে। বঙ্গোপসাগরের এই সামরিকীকরণ বাংলাদেশের নিজস্ব জলসীমার নিরাপত্তাকে ঝুঁকিতে ফেলতে পারে।

